

পেনসিলভানিয়ার গাড়ির চালকদের জন্য ম্যানুয়াল

SPEED
LIMIT
35

STOP



NO
PASSING
ZONE



BIKE ROUTE



INTERSTATE

80



pennsylvania

DEPARTMENT OF TRANSPORTATION

Bureau of Driver Licensing
www.dmv.pa.gov

PUB 95 (4-21) Bengali (India)

মোটরসাইকেল ও অন্যান্য গাড়ির সাথে রাস্তা শেয়ার করা

আজকালকার মোটরসাইকেল আরোহীরা আপনাদেরই বন্ধু, আত্মীয়স্বজন ও প্রতিবেশী হতে পারে। রাস্তায় চলমান অন্যান্য গাড়ি চালকদের মতো মোটরসাইকেল চালকদেরও সমান অধিকার ও দায়িত্ব রয়েছে। মোটরগাড়ি চালকদের এটি বুঝতে হবে এবং মোটরসাইকেলরোহীদের খুব কাছ দিয়ে তাদের গাড়ি চালানোর চেষ্টা করা উচিত নয় অথবা মোটরসাইকেল চালকদের থেকে তাদের রাস্তায় চলার অধিকার কেড়ে নেওয়া উচিত নয়।

পেনসিলভানিয়ার রাস্তায় প্রতি বছর প্রায় 4,000 মোটরসাইকেল দুর্ঘটনার কবলে পড়ে। এই দুর্ঘটনাগুলোর মধ্যে অর্ধেকের ক্ষেত্রেই কোনো মোটরসাইকেলের সাথে অন্য ধরণের গাড়ির দুর্ঘটনা ঘটে। এবং এই দুর্ঘটনাগুলির মধ্যে প্রায় দুই-তৃতীয়াংশ ক্ষেত্রেই দেখা গেছে, মোটরসাইকেল চালকের নয় বরং অন্য গাড়ির চালকের ত্রুটির কারণেই এগুলো ঘটেছিল।

গাড়ি চালানোর সময় মোটরসাইকেল চালকদের দেখে গাড়ি চালান মনে রাখবেন, মোটরসাইকেলগুলো তুলনামূলকভাবে আকারে ছোট হয় এবং সহজে দেখা নাও যেতে পারে। অন্যান্য গাড়ির তুলনায় মোটরসাইকেলের প্রোফাইল অনেক ছোট, যার কারণে কাছে আসা মোটরসাইকেলের গতি ও দূরত্ব বোঝা আরও কঠিন হয়ে পড়ে।

কোনো মোটরসাইকেল চালকের গাড়ি চালানোর ভঙ্গি অনুমান করুন। রাস্তার বাজে অবস্থা, গাড়ির চালকদের কাছে সামান্য অসুবিধার কারণ হলেও তা মোটরসাইকেল চালকদের কাছে ঝুঁকির কারণ হয়ে দাঁড়ায়।

যানবাহনের মধ্যে দূরত্ব বজায় রাখুন কোনো মোটরসাইকেলকে অনুসরণ করার সময় তিন বা চার সেকেন্ড সময়ের ব্যবধানে পেছনে থাকুন, যাতে জরুরি অবস্থায় মোটরসাইকেল চালকের কাছে তার গাড়ি নিয়ন্ত্রণ করার বা থামার জন্য যথেষ্ট সময় থাকে। শুষ্ক আবহাওয়ায়, মোটরসাইকেল অন্য কোনো গাড়ির চেয়ে দ্রুত থামতে পারে।

আপনি যা করতে চাইছেন তার সিগন্যাল দিন লেন পরিবর্তন করার আগে বা চলমান ট্র্যাফিকের সাথে মিশে যাওয়ার আগে, আপনি যা করতে চাইছেন তার সিগন্যাল দিলে, তা মোটরসাইকেল চালককে ট্র্যাফিকের প্রবাহ অনুমান করতে এবং একটি নিরাপদ লেন খুঁজে পেতে সাহায্য করে।

মোটরসাইকেলে অন করা টার্ন সিগন্যাল দেখে বোকামো করবেন না - মোটরসাইকেলে সিগন্যাল লাইট সাধারণত নিজে নিজেই বন্ধ হয় না এবং মোটরসাইকেল চালকরা মাঝেমধ্যেই তা বন্ধ করতে ভুলে যান। মোটরসাইকেলটি ঘুরবে কি না, তা দেখার জন্য আপনি এগোনার আগে একটু অপেক্ষা করে যান।

মোটরসাইকেলের প্রতি সম্মান রাখুন রাস্তায় চলমান অন্যান্য গাড়িগুলোর মতোই মোটরসাইকেলও একটি পূর্ণাঙ্গ যানবাহন, যাতে একই ধরনের সুযোগ-সুবিধা রয়েছে। মোটরসাইকেল চালককে যাওয়ার জন্য লেনের সম্পূর্ণ প্রস্থ ছেড়ে দিন। যদিও মনে হতে পারে যে, ট্র্যাফিক লেনে একইসাথে গাড়ি ও মোটরসাইকেল যাওয়ার জন্য পর্যাপ্ত জায়গা আছে, তাহলেও মনে রাখবেন যে নিরাপদে চলাচলের জন্য মোটরসাইকেলের পর্যাপ্ত জায়গার প্রয়োজন পড়ে। লেন শেয়ার করে চলাচল করবেন না।



এই সকল উচ্চ-ঝুঁকিপূর্ণ পরিস্থিতিতেই দুর্ঘটনা ঘটানো সম্ভাবনা সবচেয়ে বেশি:

বাম দিকে ঘোরা

মোটরসাইকেলের সকল দুর্ঘটনার প্রায় অর্ধেক ক্ষেত্রেই মোটরসাইকেলের সাথে অন্য ধরনের গাড়ির দুর্ঘটনা ঘটেছে। দুর্ঘটনার প্রায় 40 শতাংশ ক্ষেত্রেই দেখা গেছে যে, মোটরসাইকেল আরোহীর সামনে থাকা অন্য গাড়িটি বাম দিকে মোড় নেওয়ার কারণে সেই দুর্ঘটনা ঘটেছিল।

গাড়ির ব্লাইন্ড স্পট

মনে রাখবেন, মোটরসাইকেল চালকরা প্রায়শই গাড়ির ব্লাইন্ড স্পটের আড়ালে চলে যান অথবা ছোট আকারের কারণে তাদের দ্রুত চোখে পড়ে না। কোনো যানজটের রাস্তায় বা চৌরাস্তায় প্রবেশ করা বা বের হওয়ার আগে মোটরসাইকেলের উপস্থিতি বোঝার জন্য আয়না ও ব্লাইন্ড স্পট চেক করে নিন।

বিপজ্জনক রাস্তার অবস্থা

মোটরসাইকেল চালকরা রাস্তা ও ট্র্যাফিক পরিস্থিতি যেমন গর্ত, নুড়ি, ভেজা বা পিচ্ছিল পৃষ্ঠ, ফুটপাথের জন্য উঁচু করা স্থান, রেল ক্রসিং এবং খাঁজকাটা ফুটপাথের অবস্থানের ভিত্তিতে তাদের গতিতে হঠাৎ পরিবর্তন করতে পারেন বা একটি লেনের মধ্যে তাদের অবস্থানে সামঞ্জস্য আনতে পারেন।

আবহাওয়ার স্থিতি

যখন রাস্তার উপরিভাগ ভেজা বা বরফাচ্ছন্ন থাকে, তখন মোটরসাইকেল চালকদের ব্রেক কষা ও গাড়ি নিয়ন্ত্রণের সক্ষমতা ক্ষতিগ্রস্ত হয়।

ঝোড়ো হাওয়া

যদি মোটরসাইকেল চালক প্রস্তুত না থাকেন, তাহলে ঝোড়ো হাওয়ার কারণে তার মোটরসাইকেল একটি লেন ছেড়ে অন্য লেনে চলে যেতে পারে। অন্য লেনে থাকা বড় ট্রাক থেকে আসা ঝোড়ো হাওয়া সত্যিই বিপজ্জনক হতে পারে।

বৃহৎ গাড়ি

কোনো ভ্যান বা ট্রাকের মতো কোনো বৃহৎ আকারের গাড়ির কারণে কোনো মোটরসাইকেলের অবস্থান চালকের দৃষ্টির বাইরে চলে যেতে পারে। সেই গাড়ি চালকের মনে হতে পারে, মোটরসাইকেল আরোহী যেন হঠাৎ করে উদয় হয়েছে।

রাস্তা শেয়ার করে ব্যবহার করা একটি ভালো লক্ষণ, যার মাধ্যমে বোঝা যায় মোটর চালক ও মোটরসাইকেল চালক উভয়ই সহযোগিতার গুরুত্ব বোঝেন। আক্রমণাত্মক আচরণ রোধ করে এবং সাধারণ বুদ্ধি, সৌজন্য ও আইন অনুসারে গাড়ি চালিয়ে, মোটর চালক ও মোটরসাইকেল চালকরা রাস্তায় একসাথেই গাড়ি চালাতে পারেন।

ভূমিকা

আপনাকে নিরাপদ চালক হয়ে উঠতে সাহায্য করার উদ্দেশ্যে এই ম্যানুয়ালটি ডিজাইন করা হয়েছে। এটিতে পেনসিলভানিয়াতে গাড়ি চালানো সংক্রান্ত একাধিক আইনের উল্লেখ রয়েছে। এটি আইনগুলোর সাধারণ নির্দেশিকা হিসেবে ব্যবহার করা উচিত, তবে 'পেনসিলভানিয়ার যানবাহন বিধি'-এর বিকল্প হিসেবে এটি ব্যবহার করা উচিত নয়, যে বিধিতে পেনসিলভানিয়ার গাড়ি চালক ও গাড়ি সংক্রান্ত আইনসমূহ রয়েছে। এটিও মনে রাখতে হবে যে, এই ম্যানুয়ালটিতে থাকা তথ্যে পরিবর্তন করা যেতে পারে।

এই ম্যানুয়ালটির উদ্দেশ্য হলো আপনাকে ড্রাইভিং পরীক্ষা দেওয়ার জন্য এবং পেনসিলভানিয়া ড্রাইভিং লাইসেন্স পাওয়ার জন্য প্রস্তুত করে দেওয়া। তবে, এই ম্যানুয়ালটিতে উপস্থাপিত রাস্তা ও ট্র্যাফিক পরিচালনার নিয়মগুলো পেনসিলভানিয়া আইন কর্তৃক স্বীকৃত তিন ধরণের যানবাহনের ক্ষেত্রে প্রযোজ্য: সাইকেল, ঘোড়ায় টানা বাহন ও মোটরগাড়ি। যেমন, মোটরগাড়ি চালকদের মতোই সকল সাইকেল আরোহীদের লাল আলো জ্বললে থামতে হয়।

যদি আপনি এখন গাড়ি চালানো শিখছেন, তাহলে এই ম্যানুয়ালটি থেকেই ড্রাইভিং পরীক্ষার জন্য পড়াশোনা করার বিষয়ে সকল প্রয়োজনীয় তথ্য পেয়ে যাবেন। ইতিমধ্যেই আপনার কাছে যদি পেনসিলভানিয়ার ড্রাইভিং লাইসেন্স থাকে, তাহলে আপনি এই ম্যানুয়ালটি ব্যবহার করে রাস্তায় চলাচলের কিছু নিয়ম পর্যালোচনা করে নিতে পারেন যা আপনি হয়তো ভুলে গেছেন অথবা আপনার লাইসেন্স পাওয়ার পর যে সকল নতুন নিয়ম বা পরিবর্তিত নিয়ম এসেছে তার বিষয়ে জানতে পারেন।

জরুরী

আপনার জ্ঞানের পরীক্ষা দেওয়ার আগে, আপনাকে অবশ্যই নন-কমার্শিয়াল লার্নার্স পারমিট অ্যাপ্লিকেশন (DL-180) সম্পন্ন করতে হবে।

আপনি যদি 18 বছরের কম বয়সী হন, তাহলে আপনার পিতামাতা বা অভিভাবককে অবশ্যই পিতামাতা বা অভিভাবকের সম্মতি ফর্ম (DL-180TD) পূরণ করতে হবে।

আমাদের ওয়েবসাইটের www.dmv.pa.gov পেজের উপরে 'ফর্ম ও প্রকাশনা' লিঙ্ক থেকে উভয় ফর্মই পাওয়া যাবে।

গাড়ি চালানো একটি বিশেষ সুযোগ, এটা কোনো অধিকার নয়। এই সুযোগের সাথে অনেক দায়িত্বও সংযুক্ত রয়েছে। একটি অন্যতম গুরুত্বপূর্ণ দায়িত্ব হলো, কখনো মদ্যপ অবস্থায় গাড়ি না চালানো।

আপনার নিকটবর্তী ড্রাইভিং লাইসেন্স সেন্টারটি কবে ও কতক্ষণ খোলা থাকে তা জানতে, সম্প্রতি প্রকাশিত বিভিন্ন ফর্ম, প্রকাশনা ও তথ্যপত্র ডাউনলোড করতে অথবা আপনার অন-দ্য-রোড দক্ষতা পরীক্ষার সময়সূচী সহ PennDOT-এর বিভিন্ন অনলাইন পরিষেবা, PennDOT-এর ড্রাইভার ও যানবাহন পরিষেবা অ্যাক্সেস করতে, ওয়েবসাইট www.dmv.pa.gov দেখুন।

একজন নিরাপদ চালক হয়ে উঠতে এবং আমাদের সুন্দর স্টেটে গাড়ি চালানোর সুবিধা উপভোগ করতে, অনুগ্রহ করে এই ম্যানুয়ালটি মনোযোগ সহকারে পড়ুন, রাস্তায় গাড়ি চালানোর নিয়মগুলি শিখুন ও সেগুলোর অনুশীলন করুন।

এই প্রকাশিত সংস্করণটি বিক্রয় করা যাবে না

সূচীপত্র

অধ্যায় 1 - নন-কমার্শিয়াল লার্নার্স পারমিট সংক্রান্ত

তথ্য.....	1
লার্নার্স পারমিট পাওয়ার জন্য আবেদন করা.....	1
অঙ্গদানকারী খেতাব.....	2
অবসরপ্ত সৈনিকের খেতাব.....	2
সোশ্যাল সিকিউরিটি নম্বর সংক্রান্ত তথ্য.....	3
পেনসিলভানিয়ার দৃষ্টিশক্তি সংক্রান্ত মানদণ্ড.....	3
পেনসিলভানিয়ার ড্রাইভিং লাইসেন্স কাদের কাছে থাকা প্রয়োজন?.....	3
জুনিয়র লার্নার্স পারমিট সংক্রান্ত তথ্য.....	3
জুনিয়র ড্রাইভিং লাইসেন্সের সম্পর্কে তথ্য.....	3
আপনার কী ধরণের ড্রাইভিং লাইসেন্স প্রয়োজন?.....	4
ড্রাইভিং লাইসেন্সের ক্লাস.....	4
পরীক্ষাসমূহ.....	5
অর্জিত জ্ঞান সংক্রান্ত পরীক্ষা.....	5
রাস্তায় গাড়ি চালানোর পরীক্ষা দেওয়া.....	5

অধ্যায় 2 - বিভিন্ন সিগন্যাল, চিহ্ন ও ফুটপাথের

চিহ্নসমূহ.....	7
বিভিন্ন সিগন্যাল.....	7
লাল, হলুদ ও সবুজ রঙের ট্র্যাফিক লাইট ও তীরচিহ্ন.....	7
দপদপ করতে থাকা সিগন্যাল.....	8
বন্ধ থাকা ট্র্যাফিক লাইট.....	8
রাস্প-মিটারিং-এর সিগন্যাল.....	8
লেনের ব্যবহার নিয়ন্ত্রণ সংক্রান্ত সিগন্যাল.....	8
পথচারীদের জন্য সিগন্যাল.....	9
স্কুল জোন সিগন্যাল.....	9
রেললাইন ক্রসিং সিগন্যাল.....	9
চিহ্নসমূহ.....	10
নিয়ন্ত্রক চিহ্নসমূহ.....	10
সতর্কতামূলক চিহ্ন.....	13
গাইড চিহ্ন.....	19
পেভমেন্ট চিহ্ন.....	22
অধ্যায় 2 পর্যালোচনার প্রশ্নাবলী.....	23
অধ্যায় 2-এর উত্তরসূচি.....	30

অধ্যায় 3 - গাড়ি চালানো শেখা.....

প্রথমে নিরাপত্তাকে বেছে নেওয়া.....	31
যানবাহন পরীক্ষা: গাড়ি চালানোর জন্য প্রস্তুতি.....	31
ড্রাইভার সংক্রান্ত কারণগুলি.....	32
অমনোযোগিতা.....	32
স্বাস্থ্যগত কারণ.....	33
মদ এবং গাড়ি চালানো.....	33
ড্রাগস ও গাড়ি চালানো.....	34
প্রতিদিনের গাড়ি চালানোর দক্ষতা.....	35
স্থান ব্যবস্থাপনা.....	35
গতি নিয়ন্ত্রণ.....	38
টার্ন নেওয়া, একত্রিত হওয়া এবং ওভারটেক করা.....	45
সংযোগস্থল পারাপারের কৌশল.....	48
বাঁক সামলানো.....	51
হাইওয়ে এবং ইন্টারচেঞ্জ পরিচালনা করা.....	52
পার্কিং.....	52
সরাসরি লাইনে পার্কিংয়ের টিপস.....	53
বিশেষ পরিস্থিতি ও জরুরি অবস্থা.....	54

ওয়ার্ক জোন.....	54
রেল রোড ক্রসিং.....	55
পথচারী, সাইকেল আরোহী, ও মোটর সাইকেল আরোহী ও মোপেড আরোহীদের সঙ্গে মিলে মিশে রাস্তা ব্যবহার করা.....	55
ট্রাক ও বাসের সঙ্গে মিলেমিশে পথ ব্যবহার করা.....	56
স্কুল বাস.....	58
ইমার্জেন্সি গাড়ি ও পরিস্থিতি.....	59
মুভ ওভার আইন.....	59
ঘোড়ায় টানা গাড়ি ও অস্বারোহী.....	59
খোলা ট্রাকের যাত্রী.....	59
স্লো প্লাউ.....	60
রাস্তায় রাগ সামলানোর উপায়.....	60
ড্রাইভিংয়ের জরুরি পরিস্থিতি মোকাবিলা.....	60
শবযাত্রা.....	64
অধ্যায় 3 পর্যালোচনা প্রশ্নাবলী.....	65
অধ্যায় 3 এর উত্তর তালিকা.....	78

অধ্যায় 4 - ড্রাইভিং রেকর্ড তথ্য.....

পেনসিলভেনিয়ার পয়েন্ট সিস্টেম.....	79
পুলিশ যদি আপনাকে থামায় তাহলে কী করতে হবে.....	80
দুর্ঘটনা.....	81
পালিয়ে যাওয়া অথবা পুলিশকে এড়িয়ে যাওয়া.....	81
মদ্যপান বা নিষিদ্ধ মাদক গ্রহণ করে গাড়ি চালানো.....	81
অল্প বয়সে মদ্যপান.....	84
ড্রাইভার'স লাইসেন্স কমপ্যাক্ট (DLC).....	84
অধ্যায় 4 পর্যালোচনার প্রশ্নাবলী.....	86
অধ্যায় 4-এর উত্তরসূচি.....	88

অধ্যায় 5 - আইন এবং সম্পর্কিত বিষয়গুলি.....

নাম ও ঠিকানা পরিবর্তনের জন্য প্রয়োজনীয় বিজ্ঞপ্তি.....	89
সিট বেল্টের আইন.....	89
চাইল্ড রেস্ট্রিক্ট আইন.....	90
শিশু ও পোষ্য প্রাণীদের নিরাপত্তা সংক্রান্ত পরামর্শ.....	90
আমেরিকানদের জন্য প্রতিবন্ধী সংক্রান্ত আইন (ADA).....	91
প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য পার্কিং করার স্থান.....	92
আবর্জনা-বিরোধী আইন.....	92
গাড়ির নিরাপত্তা ও নির্গমন পরিদর্শন.....	92
নিরাপদ পাসিং আইন.....	92
টেব্লেট-বিরোধী আইন.....	93
ট্রাফিক নিয়ন্ত্রণের সংকেত ও বিপজ্জনক পরিস্থিতি সম্পর্কে সতর্কবার্তা মেনে চলার আইন.....	93

অধ্যায় 6 - তথ্যসূত্র.....

রোড টেস্ট এবং বিশেষ পয়েন্ট পরীক্ষার অ্যাপয়েন্টমেন্ট 94.....	94
নন-CDL তৃতীয় পক্ষের পরীক্ষার কর্মসূচি.....	94
ইন্টারনেটে বিভাগীয় ফর্ম এবং প্রকাশনা.....	94
রাজ্য এবং কাউন্টির মানচিত্র.....	94
অন্যান্য তথ্য.....	94
511PA.....	94
কার্বন মনোক্সাইড-জনিত বিসক্রিয়া.....	95

অধ্যায় 1:**নন-কমার্শিয়াল লার্নার্স পারমিট সংক্রান্ত তথ্য**

এই অধ্যায়ে পেনসিলভানিয়ার লার্নার্স পারমিট পাওয়ার বিষয়ে আপনাকে প্রয়োজনীয় তথ্য দেওয়া হবে। যেসকল বিষয় নিয়ে আলোচনা করা হয়েছে তার মধ্যে রয়েছে:

- লার্নার্স পারমিট পাওয়ার জন্য আবেদন করা
- পরীক্ষা

লার্নার্স পারমিট পাওয়ার জন্য আবেদন করা

পেনসিলভানিয়ায় মোটর গাড়ি চালানোর আগে আপনাকে অবশ্যই একটি লার্নার্স পারমিট করতে হবে। আপনার ড্রাইভিং লাইসেন্স পেতে আপনাকে দৃষ্টিশক্তি, জ্ঞান এবং রাস্তায় গাড়ি চালানোর পরীক্ষা দিতে হবে ও তাতে পাস করতে হবে। নন-কমার্শিয়াল লার্নার্স পারমিট পাওয়ার আবেদন (DL-180) আপনার শারীরিক পরীক্ষা যে তারিখে হয়েছিল তার থেকে এক (1) বছরের জন্য বৈধ; তবে, এই শারীরিক পরীক্ষার তারিখটি আপনার 16তম জন্মদিনের ছয় (6) মাসের বেশি আগে হওয়া চলবে না।

আপনার বয়স 16 বছর বা তার বেশি হলে, নন-কমার্শিয়াল লার্নার্স পারমিট পেতে নিচে তালিকাভুক্ত পদক্ষেপগুলো অনুসরণ করুন। 16তম জন্মদিনের আগে আপনি নিজের পারমিটের জন্য আবেদন করতে পারবেন না।

1. আমাদের ওয়েবসাইট www.dmv.pa.gov-এ পেজের উপরে 'ফর্ম ও প্রকাশনা' লিঙ্কের অধীনে নন-কমার্শিয়াল লার্নার্স পারমিট আবেদনটি (DL-180) পূরণ করুন।
2. আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীকে অবশ্যই নন-কমার্শিয়াল লার্নার্স পারমিট আবেদনপত্র (DL-180)-এর পিছনের অংশটি পূরণ করতে হবে। আপনার 16তম জন্মদিনের ছয় (6) মাস আগে থেকে এই ফর্মটি পূরণ করা যাবে, তার আগে নয়। সকল তথ্য পূরণ করা আবশ্যিক।
3. যদি ড্রাইভিং লাইসেন্স পরীক্ষক নন-কমার্শিয়াল লার্নার্স পারমিট অ্যাপ্লিকেশন (DL-180)-এর তথ্য চিকিৎসাগত মানদণ্ড পূরণ করেছে কি না, তা নির্ধারণ করতে না পারেন, তাহলে আপনার লার্নার্স পারমিট পেতে বিলম্ব হতে পারে। আপনাকে অতিরিক্ত চিকিৎসাগত পরীক্ষা-নিরীক্ষা করানোর প্রয়োজন পড়তে পারে। যদি আপনার এমন কোনো রোগ থাকে যা আপনার গাড়ি চালানোর ক্ষমতাকে গুরুতরভাবে ক্ষতিগ্রস্ত করে, তাহলে আপনাকে ডুয়েল কন্ট্রোল শিক্ষার্থীর পারমিট নিতে হতে পারে এবং একজন প্রত্যয়িত প্রশিক্ষকের কাছ থেকে গাড়ি চালানো শিখতে হতে পারে।
4. যদি আপনার বয়স 18 বছরের কম হয়, তাহলে আপনার পিতামাতা, অভিভাবক, দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি, অথবা 18 বছর বা তার বেশি বয়সী স্বামী/স্ত্রীকে অবশ্যই পিতামাতা বা অভিভাবকের সম্মতি ফর্ম (DL-180TD) পূরণ করতে হবে, যা আমাদের ওয়েবসাইট www.dmv.pa.gov-এ পেজের উপরে 'ফর্ম ও প্রকাশনা' লিঙ্কের অধীনে পাওয়া যাবে। **যদি পিতামাতা, অভিভাবক, দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি, অথবা 18 বছর বা তার বেশি বয়সী স্বামী/স্ত্রী কোনো নোটারির উপস্থিতিতে পিতামাতা, অভিভাবক, দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি অথবা 18 বছর বা তার বেশি বয়সী স্বামী/স্ত্রী কর্তৃক DL-180TD স্বাক্ষর করতে হবে।** সঠিক পরিচয়পত্র থাকা আবশ্যিক এবং যদি পদবি ভিন্ন হয়, তাহলে সম্পর্কের যাচাইকরণ করা প্রয়োজনীয়। যদি আপনার বয়স 18 বছরের বেশি হয়, তাহলে আপনাকে অবশ্যই আপনার বাড়ির ঠিকানার দুটি (2) প্রমাণ উপস্থাপিত করতে হবে:
 - বর্তমান ইউটিলিটি বিল (জল, গ্যাস, বিদ্যুৎ, কেবল, ইত্যাদি)।
 - ট্যাক্সের রেকর্ড।
 - লিজের চুক্তি।
 - W-2 ফর্ম।
 - বর্তমানে কাছে থাকা অস্ত্রের অনুমতিপত্র (কেবলমাত্র মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিকদের জন্য)।
 - বন্ধকী সংক্রান্ত নথিসমূহ।

ম্যানুয়ালটি পড়ার পর এবং উপরে তালিকাভুক্ত পদক্ষেপগুলো অনুসরণ করার পর, আপনার জ্ঞান সংক্রান্ত পরীক্ষা দেওয়ার জন্য প্রস্তুত থাকলে, **নিচে তালিকাভুক্ত জিনিসগুলি ড্রাইভিং লাইসেন্স সেন্টারে নিয়ে আসুন:**

- আপনার পূরণ করা নন-কমার্শিয়াল লার্নার্স পারমিট আবেদনপত্রটি (DL-180)। **ডাকযোগে এই ফর্মটি পাঠাবেন না।** যদি 18 বছরের কম বয়সী হন, তাহলে আপনার পিতামাতা বা অভিভাবকের পূরণ করা সম্মতি ফর্মটি (DL-180TD) আনুন।
- জন্ম তারিখ ও পরিচয়পত্র নিজের সাথে রাখুন। অবশ্যই এই নথিগুলোর আসলটি আনতে হবে (ফটোকপি গ্রহণ করা হবে না)।
- আপনার সেশ্যল সিকিউরিটি কার্ড।
- প্রযোজ্য চার্জ। (দ্রষ্টব্য: গ্রহণযোগ্য পেমেন্ট ফর্ম(গুলি) দেখতে, অনুগ্রহ করে ফর্মের পিছনের দিকটি দেখুন)

অনুগ্রহ করে মনে রাখবেন: আপনার জন্ম তারিখ প্রমাণের জন্য কী ধরনের পরিচয়পত্র ব্যবহার করা যেতে পারে, তা নন-কমার্শিয়াল লার্নার্স পারমিট আবেদনের (DL-180) পিছনে ফি সহ উল্লেখিত রয়েছে।

যদি আপনার HCP বা চক্ষু বিশেষজ্ঞকে দিয়ে আপনার দৃষ্টি পরীক্ষা না করিয়ে থাকেন, তাহলে ড্রাইভিং লাইসেন্স কেন্দ্রে আপনার দৃষ্টি পরীক্ষা করা হবে। যদি আপনি চশমা বা কন্টাক্ট লেন্স পরেন, তাহলে সেগুলো সাথে আনতে ভুলবেন না। এরপর আপনি এই ম্যানুয়ালটিতে পরে বর্ণিত চিহ্ন, আইন, ড্রাইভিং নিয়ম এবং নিরাপদ অনুশীলন সংক্রান্ত বিষয়ে অর্জিত জ্ঞানের পরীক্ষা দেবেন। জ্ঞান সংক্রান্ত পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর, পরীক্ষক আপনাকে একটি শিক্ষার্থীর পারমিট দেবেন, যা এক (1) বছরের জন্য বৈধ।

আপনার লার্নার্স পারমিট পাওয়ার পর, আপনি গাড়ি চালানোর অনুশীলন শুরু করতে পারেন। PennDOT-এর তরফ পরামর্শ দেওয়া হয় তরুণ চালকরা যেন এই সময়েই রাস্তায় গাড়ি চালানোর পরীক্ষার সময়সূচী নির্ধারণ করে নেন, যদি না পরীক্ষার তারিখটি আপনার শিক্ষার্থীর পারমিটে মুদ্রিত যোগ্যতার তারিখের আগে হয়।

যদি আপনার বয়স 18 বছরের কম হয়, তাহলে আপনার রাস্তায় গাড়ি চালানোর পরীক্ষা দেওয়ার আগে আপনাকে কমপক্ষে 65 ঘন্টা বিহাইন্ড-দ্যা-ছইল দক্ষতা তৈরি করতে হবে, যার মধ্যে কমপক্ষে 10 ঘন্টা রাতে গাড়ি চালানো এবং পাঁচ (5) ঘন্টা খারাপ আবহাওয়ায় গাড়ি চালানো অন্তর্ভুক্ত থাকবে। এই প্রশিক্ষণটি আপনাকে একজন ভালো, নিরাপদ ড্রাইভার হওয়ার জন্য প্রয়োজনীয় দক্ষতা গড়ে তুলতে সাহায্য করবে।

মনে রাখবেন: একজন লাইসেন্সপ্রাপ্ত ড্রাইভার যার বয়স কমপক্ষে 21 বছর অথবা পিতা/মাতা, অভিভাবক, দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি অথবা 18 বছর বা তার বেশি বয়সী স্বামী/স্ত্রী যার ড্রাইভিং লাইসেন্স আছে, এমন কাউকে সর্বদা গাড়ির সামনের সিটে আপনার সাথে থাকতে হবে। এছাড়াও, 18 বছরের কম বয়সী চালকরা ওই গাড়িতে থাকা সিট বেল্টের সংখ্যার চেয়ে বেশি সংখ্যক যাত্রীকে গাড়িতে রাখতে পারবে না।

আপনার পারমিট ইস্যুর তারিখ থেকে বাধ্যতামূলকভাবে ছয় (6) মাস অপেক্ষা করার পরে এবং 65 ঘন্টা দক্ষতা বৃদ্ধির প্রশিক্ষণের সমাপ্তির স্বাক্ষরিত শংসাপত্র পাওয়ার পরে, যার মধ্যে কমপক্ষে 10 ঘন্টা রাতে গাড়ি চালানো এবং পাঁচ (5) ঘন্টা খারাপ আবহাওয়ায় গাড়ি চালানো অন্তর্ভুক্ত, আপনি রাস্তায় গাড়ি চালানোর পরীক্ষা দিতে পারেন। যদি আপনার লার্নার্স পারমিটের মেয়াদ শেষ হয়ে যায় অথবা যদি তিন (3) বার চেষ্টা করার পরেও রাস্তায় গাড়ি চালানোর পরীক্ষায় সফল না হন, তাহলে আপনি (DL-31)-এ সময় যোগ/প্রতিস্থাপন/পরিবর্তন/সংশোধন করার জন্য নন-কমার্শিয়াল লার্নার্স পারমিটের আবেদন করতে পারেন।

যদি আপনি কমনওয়েলথ অফ পেনসিলভানিয়ার বাইরে গাড়ি চালানোর জন্য নিজের লার্নার্স পারমিট ব্যবহার করেন, তাহলে অনুগ্রহ করে আপনার বীমা কোম্পানি এবং অন্য স্টেটের পরিবহন বিভাগের সাথে যোগাযোগ করে নিশ্চিত হয়ে নিন যে আপনার লার্নার্স পারমিটটি সেখানে বৈধ বলে বিবেচিত হবে কি না।

যদি আপনার লার্নার্স পারমিটে কোনো তথ্য ভুল থাকে, তাহলে পরীক্ষা দেওয়ার জন্য ড্রাইভিং লাইসেন্স সেন্টারে আসার সময় পরীক্ষকের কাছে সঠিক তথ্যের প্রমাণটি দেখান।

যদি আপনি অর্জিত জ্ঞান সম্পর্কিত পরীক্ষায় ব্যর্থ হন, তাহলে পরীক্ষক নন-কমার্শিয়াল লার্নার্স পারমিটের আবেদনটি (DL-180) এবং আপনার পিতামাতা বা অভিভাবকের স্বাক্ষরিত সম্মতি ফর্মটি (DL-180TD) আপনাকে ফেরত দিয়ে দেবেন। পরীক্ষার স্থান নির্বিশেষে, আপনি যেকোনো দিনে শুধুমাত্র একবারই অর্জিত জ্ঞান সম্পর্কিত পরীক্ষাটি দিতে পারবেন। আপনার ফর্মগুলো নিরাপদ স্থানে রাখুন, কারণ আবার পরীক্ষা দেওয়ার সময় আপনাকে অবশ্যই সেগুলো সাথে আনতে হবে।

অঙ্গদানকারী খেতাব

যতবার আপনি নিজের পেনসিলভানিয়া ড্রাইভিং লাইসেন্সের নবায়ন করবেন, ততবারই আপনাকে জিজ্ঞাসা করা হবে আপনি নিজের ড্রাইভিং লাইসেন্সে "অঙ্গদানকারী" খেতাবটি রাখতে চান কি না। ফটো লাইসেন্স সেন্টারে যাওয়ার আগে অনুগ্রহ করে এই বিষয়ে সিদ্ধান্ত নিয়ে রাখুন। ফটো লাইসেন্স সেন্টারে 'অঙ্গদানকারী' খেতাবটি লাইসেন্সে দেখানো হবে কি না, সেই বিকল্পে যদি আপনি "হ্যাঁ"-তে ক্লিক করে থাকেন, তাহলে আপনার ড্রাইভিং লাইসেন্সে এটি দেখানো হবে।

18 বছরের কম বয়সী আবেদনকারীরা তাদের ড্রাইভিং লাইসেন্সে 'অঙ্গদানকারী' খেতাবটি দেখানোর অনুরোধ করতে পারেন এবং তা দেখাতে পারেন; তবে, তাদের কাছে অবশ্যই 18 বছর বা তার বেশি বয়সী পিতামাতা, অভিভাবক, দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি, অথবা স্বামী/স্ত্রীর কাছ থেকে লিখিত সম্মতি থাকতে হবে। তারা পিতামাতা বা অভিভাবকের সম্মতি ফর্মের (DL-180TD) সংশ্লিষ্ট ব্লকটি পরীক্ষা করার পর সম্মতি দিতে পারেন। অঙ্গ ও টিস্যু দানের তথ্য পেতে, 1-877-DONOR-PA নম্বরে যোগাযোগ করুন।

আপনি আমাদের ওয়েবসাইট www.dmv.pa.gov-এর মাধ্যমে আপনার ড্রাইভার রেকর্ডে 'অঙ্গদানকারী' খেতাবটি যোগ করাতে পারেন পরিষেবার এই চ্যানেলের মাধ্যমে আপনি নিজের ড্রাইভিং লাইসেন্স কার্ডের মতো করে প্রিন্ট করার সুযোগ পাবেন, যা আপনি সহজে সর্বত্র বহন করতে পারবেন।

অর্গান ডোনেশন অ্যাওয়ারেনেস ট্রাস্ট ফান্ড (ODTF)

আপনার কাছে গভর্নর রবার্ট পি. কেসি মেমোরিয়াল অর্গান ও টিস্যু ডোনেশন অ্যাওয়ারেনেসেস ট্রাস্ট ফান্ডে অনুদান দেওয়ার সুযোগ থাকছে। এই ট্রাস্ট ফান্ডটি সমগ্র কমনওয়েলথে বিভিন্ন অঙ্গদান কর্মসূচিকে সমর্থন করার জন্য তহবিল তৈরি করে এবং এই সকল কর্মসূচির সম্পর্কে জনসাধারণকে বিভিন্ন তথ্য সরবরাহ করে। আপনি এই ফান্ডে অনুদান দিতে চাইলে, নিজের ড্রাইভিং লাইসেন্স ফর্মে একটি টিক চিহ্ন দিন। এই অনুদানের পরিমাণ আপনার ড্রাইভিং লাইসেন্স ফি-এর সাথে যোগ করা হবে এবং PennDOT-তে আপনার ফর্ম পাঠানোর সময় পেমেণ্টের পরিমাণের মধ্যে এটি অবশ্যই সংযুক্ত থাকবে।

অবসরপ্রাপ্ত সৈনিকের খেতাব

আপনি ড্রাইভিং লাইসেন্সে অবসরপ্রাপ্ত সৈনিকের খেতাব যোগ করতে পারেন, যা স্পষ্টভাবে নির্দেশ করে আপনি মার্কিন যুক্তরাষ্ট্রের সশস্ত্র বাহিনীর একজন অবসরপ্রাপ্ত সৈনিক। এর যোগ্যতা অর্জনের জন্য, আপনাকে অবশ্যই মার্কিন যুক্তরাষ্ট্রের সশস্ত্র বাহিনী, যার মধ্যে রিজার্ভ কম্পোনেন্ট বা ন্যাশনাল গার্ডও অন্তর্ভুক্ত, সেই সব বাহিনীতে কাজ করে থাকতে হবে এবং অসম্মানজনক কোন কারণ ব্যতীত অন্য কোনো কারণে সেই চাকরি থেকে অবসর গ্রহণ করে থাকতে হবে।

অবসরপ্রাপ্ত সৈনিকদের ট্রাস্ট ফান্ড (VTF)

আপনার কাছে VTF-এ অনুদান দিয়ে করে ছাড় পাওয়ার সুযোগ রয়েছে। আপনার প্রদত্ত অনুদান পেনসিলভানিয়ার অবসরপ্রাপ্ত সৈনিক ও তাদের পরিবারের বিভিন্ন কর্মসূচী ও প্রকল্পে ব্যবহার করা হবে। যেহেতু এই অতিরিক্ত অনুদান ফি-এর সাথে যুক্ত নয়, তাই আপনার পেমেণ্টের সাথে যে পরিমাণ অর্থ অনুদান দিতে চাইছেন, তা যোগ করে নিন। এছাড়াও, আপনার অনুদান সঠিকভাবে পরিচালনা করা হবে কি না, তা দেখে নিতে ফর্মের সংশ্লিষ্ট ব্লকটি খুঁটিয়ে দেখুন।

সোশ্যাল সিকিউরিটি নম্বর সংক্রান্ত তথ্য

পেনসিলভানিয়া যানবাহন বিধির ধারা 1510(a) এবং/অথবা 1609(a)(4)-এর বিধান অনুসারে, আইন মেনে চলার জন্য ডিপার্টমেন্ট আপনার সোশ্যাল সিকিউরিটি নম্বর, উচ্চতা এবং চোখের রঙ জানতে হবে। ড্রাইভিং লাইসেন্স সংক্রান্ত জালিয়াতি কমাতে এই তথ্যগুলো আপনার শনাক্তকারী তথ্য হিসেবে ব্যবহার করা হবে। আপনার সোশ্যাল সিকিউরিটি নম্বরটি আপনার পাবলিক ড্রাইভারের রেকর্ডের অংশ নয়। ফেডারেল আইন স্টেটের লাইসেন্সিং কর্মকর্তাদের বিভিন্ন ব্যক্তিদের শনাক্তকরণের জন্য সোশ্যাল সিকিউরিটি নম্বর ব্যবহারের অনুমতি দেয়। আপনার সোশ্যাল সিকিউরিটি নম্বরটি আপনার লার্নার্স পারমিট বা ড্রাইভিং লাইসেন্সে মুদ্রিত থাকবে না।

পেনসিলভানিয়ার দৃষ্টিশক্তি সংক্রান্ত মানদণ্ড

আপনার উভয় চোখেই দৃষ্টিশক্তি কম থাকতে পারে এবং সেক্ষেত্রেও আপনি ড্রাইভিং লাইসেন্স পেতে পারেন; তবে, আপনাকে চশমা বা কন্টাক্ট লেন্স পরে থাকতে হতে পারে, শুধুমাত্র দিনের আলোতেই গাড়ি চালানোর অনুমতি পেতে পারেন, অথবা শুধুমাত্র সাইড মিররযুক্ত যানবাহন চালানোর অনুমতি পেতে পারেন।

যদি আপনার দৃষ্টিশক্তি দৃষ্টিশক্তিগত মানদণ্ড পূরণ করতে ব্যর্থ হয়, তাহলে পরীক্ষক আপনাকে একটি চক্ষু পরীক্ষার রিপোর্ট সংক্রান্ত ফর্ম (DL-102) দেবেন। আপনার দৃষ্টিশক্তি পরীক্ষা করার জন্য চক্ষু বিশেষজ্ঞ, চোখের ডাক্তার বা পারিবারিক চিকিৎসকের কাছে যাওয়া উচিত এবং এই ফর্মটি পূরণ করা উচিত। ফর্মটি পূরণ করা হয়ে গেলে, আপনি গাড়ি চালানোর পরীক্ষা চালিয়ে যাওয়ার জন্য ড্রাইভিং লাইসেন্স সেন্টারে ফিরে আসতে পারেন।

পেনসিলভানিয়ার ড্রাইভিং লাইসেন্স কাদের কাছে থাকা প্রয়োজন?

- যে সকল ব্যক্তিদের কাছে তাদের নিজের দেশের বৈধ ফরেন ড্রাইভিং লাইসেন্স আছে, তারা মার্কিন যুক্তরাষ্ট্রে প্রবেশ করার দিন থেকে এক বছর পর্যন্ত অথবা তাদের বিদেশী লাইসেন্সের মেয়াদ শেষ হওয়ার আগে পর্যন্ত - যেটি আগে ঘটবে, ততদিন পেনসিলভেনিয়ায় গাড়ি চালানোর জন্য অনুমোদিত। আন্তর্জাতিক ড্রাইভিং পারমিট রাখার দৃঢ় সুপারিশ করা হয়, কিন্তু তা বাধ্যতামূলক নয়। ফ্রান্স, জার্মানি, কোরিয়া ও তাইওয়ানের সাথে পারস্পরিক চুক্তি করা রয়েছে, যার ফলে রাস্তায় গাড়ি চালানোর পরীক্ষা বা অর্জিত জ্ঞানের পরীক্ষা ছাড়াই বৈধ নন-কমার্শিয়াল ড্রাইভিং লাইসেন্স ট্রান্সফার করা যায়; তবে, দৃষ্টিশক্তিগত পরীক্ষাটি অবশ্যই করা হবে। (পুয়ের্তো রিকো, ফ্রান্স বা জার্মানি থেকে ড্রাইভিং লাইসেন্সের ট্রান্সফার একই দিনে সম্পন্ন করা যাবে না।)
- পেনসিলভেনিয়ায় বসবাসকারী ন্যূনতম 16 বছর বয়সী ব্যক্তি, যারা মোটর গাড়ি চালাতে চান।
- যারা সবেমাত্র পেনসিলভেনিয়ায় এসেছেন এবং পেনসিলভেনিয়ায় বসবাস করা শুরু করছেন - যদি আপনার কাছে অন্য কোনো স্টেট বা কানাডার বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকে, তাহলে আপনাকে পেনসিলভেনিয়ায় যাওয়ার 60 দিনের মধ্যে পেনসিলভেনিয়ার ড্রাইভিং লাইসেন্সটি করিয়ে নিতে হবে এবং আপনার কাছে থাকা বাইরের স্টেটের ড্রাইভিং লাইসেন্সটি জমা দিয়ে দিতে হবে।
- মার্কিন যুক্তরাষ্ট্রের সশস্ত্র বাহিনীর সদস্য, যাদের বৈধ ঠিকানা পেনসিলভেনিয়ায় - এর মধ্যে পেনসিলভেনিয়ায় নিযুক্ত রিজার্ভ কম্প্যানেন্টের সদস্যরাও এর অন্তর্ভুক্ত, তাদেরকেও অ-সামরিক যানবাহন চালানোর জন্য ড্রাইভিং লাইসেন্স করাতে হবে।

জুনিয়র লার্নার্স পারমিট সংক্রান্ত তথ্য

আপনার লার্নার্স পারমিটটি, আপনার প্রথম লার্নার্স লাইসেন্সে উল্লেখিত ইস্যুর তারিখ থেকে এক (1) বছর পর্যন্ত বৈধ থাকবে। যদি এই সময়ের মধ্যে আপনার বয়স 18 বছরের কম হয়, তাহলে আপনার গাড়ি চালানোর উপর কিছু বিধিনিষেধ আরোপিত থাকবে। সেগুলো হলো:

- আপনি শুধু 21 বা তার বেশি বয়সী লাইসেন্সপ্রাপ্ত কোনো ড্রাইভার অথবা পিতামাতা, অভিভাবক, দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি, অথবা 18 বছর বা তার বেশি বয়সী ড্রাইভিং লাইসেন্স প্রাপ্ত স্বামী/স্ত্রীর তত্ত্বাবধানে থেকেই গাড়ি চালাতে পারবেন। তত্ত্বাবধায়ককে চালকের পাশে সামনের সিটে বসে থাকতে হবে।
- আপনি যে গাড়িটি চালাচ্ছেন তাতে থাকা সিট বেল্টের চেয়ে বেশি সংখ্যক যাত্রী ওই গাড়িতে থাকা চলবে না।

জুনিয়র ড্রাইভিং লাইসেন্সের সম্পর্কে তথ্য

জুনিয়র লার্নার্স পারমিটের মতো, জুনিয়র ড্রাইভিং লাইসেন্সের ক্ষেত্রেও কিছু সীমাবদ্ধতা রয়েছে। সেগুলো হলো:

- আপনার বাবা-মা, অভিভাবক, দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি, অথবা 18 বছর বা তার বেশি বয়সী স্বামী/স্ত্রী সাথে না থাকলে, আপনি 11 p.m. থেকে 5 a.m.-এর মধ্যে গাড়ি চালাতে পারবেন না।
তবে, আপনি যদি পাবলিক বা দাতব্য পরিষেবার সাথে যুক্ত থাকেন বা অগ্নিনির্বাপক সংস্থার স্বেচ্ছাসেবক সদস্য হন বা এই উল্লেখিত সময়ের মধ্যে কর্মরত থাকেন, তাহলে 11 p.m. থেকে 5 a.m.-এর মধ্যে গাড়ি চালাতে পারবেন। এই ক্ষেত্রে, আপনাকে অবশ্যই আপনার নিয়োগকর্তা, সুপারভাইজার বা ফায়ার চিফের কাছ থেকে নেওয়া একটি নোটারাইজড হলফনামা বা অনুমোদনের শংসাপত্র কাছে রাখতে হবে, যেটিতে আপনার সম্ভাব্য কার্যকলাপের সময়সূচী উল্লেখিত থাকবে। ড্রাইভিং লাইসেন্সের পাশাপাশি এই নোটারিকৃত হলফনামাটি আপনার কাছে রাখতে হবে।
- আপনি যে গাড়িটি চালাচ্ছেন তাতে থাকা সিট বেল্টের চেয়ে বেশি সংখ্যক যাত্রী ওই গাড়িতে থাকা চলবে না।
- আপনার পরিবারের নিকটাত্মীয় নন, এমন ব্যক্তিদের ক্ষেত্রে আপনি একজনের (1) বেশি 18 বছরের কম বয়সী যাত্রীকে গাড়িতে রাখতে পারবেন না, যদি না আপনার সাথে আপনার পিতামাতা, অভিভাবক, দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি, অথবা 18 বছর বা তার বেশি

বয়সী স্বামী/স্ত্রী ওই একই গাড়িতে থাকেন। জুনিয়র লাইসেন্স নিয়ে গাড়ি চালানোর প্রথম ছয় (6) মাস পর, 18 বছরের কম বয়সীরা গাড়িতে সর্বাধিক তিন (3) জন যাত্রীকে নিতে পারে যারা তার পরিবারের নিকটাত্মীয় নয়, যদি না সাথে গাড়িতে তার পিতামাতা, অভিভাবক, দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি, অথবা 18 বছর বা তার বেশি বয়সী স্বামী/স্ত্রী থাকেন। এই বর্ধিত সীমা এমন কোনো জুনিয়র ড্রাইভারের ক্ষেত্রে প্রযোজ্য নয়, যিনি গাড়ি দুর্ঘটনার কবলে পড়েছিলেন ও এই ঘটনায় আংশিক বা সম্পূর্ণরূপে দায়ী ছিলেন বা যিনি কোনো ড্রাইভিং সংক্রান্ত আইন লঙ্ঘনের জন্য দোষী সাব্যস্ত হয়েছেন।

- যদি আপনি ছয় (6) বা তার বেশি পয়েন্ট অর্জন করেন অথবা 26 মাইল প্রতি ঘণ্টা (mph) বা নির্ধারিত গতিসীমার চেয়ে বেশি গতিতে গাড়ি চালানোর জন্য দোষী সাব্যস্ত হন, তাহলে আপনার গাড়ি চালানোর ক্ষেত্রে বাধ্যতামূলকভাবে 90 দিনের স্থগিতাদেশ দেওয়া হবে।
- নিম্নলিখিত শর্তগুলি পূরণ করলে, জুনিয়র ড্রাইভিং লাইসেন্স ধারণের এক (1) বছর পরে আপনি সাধারণ ড্রাইভিং লাইসেন্স পেতে পারেন:
 - আপনি PA-এর শিক্ষা বিভাগের অনুমোদিত একটি ড্রাইভার প্রশিক্ষণ কোর্সে পাস করেছেন।
 - গত এক (1) বছর মধ্যে কোনো দুর্ঘটনায় জড়িত হয়ে **পড়েননি**, যার জন্য আপনি আংশিক বা সম্পূর্ণরূপে দায়ী।
 - গত এক (1) বছরের মধ্যে পেনসিলভানিয়ার যানবাহন সংক্রান্ত বিধি লঙ্ঘনের জন্য দোষী সাব্যস্ত **হননি**।
 - আপনার কাছে পিতামাতা, অভিভাবক, দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির, অথবা কমপক্ষে 18 বছর বয়সী স্বামী/স্ত্রীর সম্মতি রয়েছে।

আপনি এই শর্তাবলী পূরণ করলে, জুনিয়র ড্রাইভিং লাইসেন্স থেকে সাধারণ নন-কমার্শিয়াল ড্রাইভিং লাইসেন্স (DL-59)-এ পরিবর্তনের আবেদন জমা দিয়ে, সাধারণ ড্রাইভিং লাইসেন্স পাওয়ার জন্য আবেদন করতে পারেন। আপনার 18 বছর পূর্ণ হলে, আপনার জুনিয়র ড্রাইভিং লাইসেন্সটি স্বয়ংক্রিয়ভাবে সাধারণ ড্রাইভিং লাইসেন্সে পরিণত হবে।

আপনার কী ধরণের ড্রাইভিং লাইসেন্স প্রয়োজন?

পেনসিলভানিয়াতে, আপনি যে ধরণের গাড়ি চালান তার উপর নির্ভর করে ড্রাইভিং লাইসেন্স জারি করা হয়। তাই, আপনার ড্রাইভিং লাইসেন্স কী ধরণের হওয়া উচিত, তা বিশেষত আপনি যে ধরণের গাড়ি চালান তার উপর নির্ভর করে। সাধারণভাবে বলতে গেলে, পেনসিলভানিয়ার ড্রাইভিং লাইসেন্সের জন্য আবেদনকারীদের মধ্যে বেশিরভাগই নিয়মিত যাত্রীবাহী গাড়ির পিক-আপ ট্রাক বা ভ্যানের চালক। এই ম্যানুয়ালটি নন-কমার্শিয়াল ক্লাস C ড্রাইভিং লাইসেন্স পাওয়ার প্রয়োজনীয় তথ্য প্রদান করার জন্য ডিজাইন করা হয়েছে, যার মধ্যে এই ধরণের গাড়িগুলো অন্তর্ভুক্ত থাকে।

ড্রাইভিং লাইসেন্সের ক্লাস

- **ক্লাস A (ন্যূনতম বয়স 18 বছর):** যেকোনো ধরনের গাড়ির সংমিশ্রণ চালাতে প্রয়োজন হয় যার মোট ওজন রেটিং 26,001 পাউন্ড বা তার বেশি, এবং যেখানে টানা হচ্ছে এমন গাড়ি/গাড়িগুলোর ওজন 10,000 পাউন্ডের বেশি। যেমন: বিনোদনমূলক যানবাহন, যখন টানার গাড়িটির রেটিং 11,000 পাউন্ড হয় এবং টানা হওয়া গাড়িটির রেটিং 15,500 পাউন্ড (মোট সম্মিলিত ওজন 26,500 পাউন্ড)।
- **ক্লাস B (ন্যূনতম বয়স 18 বছর):** 26,000 পাউন্ডের বেশি ওজনের যেকোনো গাড়ি চালানোর জন্য এটি প্রয়োজনীয়। যেমন: 26,001 পাউন্ড বা তার বেশি রেটিংপ্রাপ্ত মোটর হোম।
- **ক্লাস C (ন্যূনতম বয়স 16 বছর):** ক্লাস C ড্রাইভিং লাইসেন্স 16 বছর বা তার বেশি বয়সী সেই সকল ব্যক্তিদের জন্য জারি করা হয়ে থাকে, যারা ক্লাস M-এর যোগ্যতার প্রয়োজন এমন যানবাহন ছাড়া যেকোনো যানবাহন চালানোর যোগ্যতা প্রমাণ করেছেন এবং যারা ক্লাস A বা ক্লাস B-এর সংজ্ঞা পূরণ করেন না। যেকোনো দমকলকর্মী অথবা উদ্ধারকারী বা জরুরি স্কেয়াডের সদস্য, যার কাছে ক্লাস C ড্রাইভিং লাইসেন্স আছে এবং যার কাছে দমকল প্রধানের অথবা উদ্ধারকারী বা জরুরি স্কেয়াডের প্রধানের অনুমোদনের সার্টিফিকেট আছে, তিনি সেই অগ্নিনির্বাপক বিভাগ, উদ্ধারকারী বা জরুরি স্কেয়াড বা পৌরসভায় নিবন্ধিত যেকোনো অগ্নিনির্বাপক বা জরুরি যানবাহন চালাতে পারবেন। ক্লাস C লাইসেন্সধারী ব্যক্তি 50 সিসি বা তার কম সিলিন্ডার ধারণক্ষমতা সম্পন্ন স্বয়ংক্রিয় ট্রান্সমিশন যুক্ত মোটর চালিত সাইকেল অথবা কোনো সংযুক্ত ক্যাব সহ তিন চাকার মোটরসাইকেল চালানোর জন্য অনুমোদিত।
- **ক্লাস M (ন্যূনতম বয়স 16 বছর):** ক্লাস M ড্রাইভিং লাইসেন্স 16 বছর বা তার বেশি বয়সী সেইসকল ব্যক্তিদের দেওয়া হয়, যারা মোটরসাইকেল বা মোটরচালিত সাইকেল চালানোর দক্ষতা প্রদর্শন করেছেন। যদি কোনো ব্যক্তি শুধুমাত্র মোটরসাইকেল বা মোটরচালিত সাইকেল চালাতে পারেন, তাহলে তাকে ক্লাস M ড্রাইভিং লাইসেন্স দেওয়া হবে। আপনি যদি মোটরচালিত সাইকেলে পরীক্ষা দেন, তাহলে আপনার ড্রাইভিং লাইসেন্সে "8"-টি বিধিনিষেধ আরোপিত হবে। এই বিধিনিষেধের কারণে আপনি মোটরসাইকেল চালাতে পারবেন না। যদি আপনি দুটি (2) টির বেশি চাকা বিশিষ্ট মোটরসাইকেলে পরীক্ষা দেন, তাহলে আপনার ড্রাইভিং লাইসেন্সে "9"-টি বিধিনিষেধ আরোপিত হবে। এই বিধিনিষেধের কারণে আপনি দুই চাকার মোটরসাইকেল চালাতে পারবেন না। অনুগ্রহ করে পেনসিলভানিয়া মোটরসাইকেল অপারেটরের ম্যানুয়াল (PUB 147) অথবা মোটরসাইকেল সংক্রান্ত তথ্য কেন্দ্রে PennDOT-এর ড্রাইভার ও যানবাহন পরিষেবার ওয়েবসাইটে অবস্থিত মোপেড, মোটর-ড্রাইভার সাইকেল ও মোটরসাইকেলের বিষয়ের ফ্যাক্ট শিটটি দেখুন।

- **কমার্শিয়াল ক্লাস A, B অথবা C:** যেসব চালকের কমার্শিয়াল ড্রাইভিং লাইসেন্সের প্রয়োজন তাদের পেনসিলভানিয়া কমার্শিয়াল ড্রাইভিং ম্যানুয়ালটি (PUB 223) দেখা উচিত, যেখানে পরীক্ষার প্রস্তুতির জন্য প্রয়োজনীয় বিস্তারিত তথ্য উল্লেখিত আছে। এই ম্যানুয়ালটি PennDOT-এর ড্রাইভার ও যানবাহন পরিষেবার ওয়েবসাইটে কমার্শিয়াল ড্রাইভার সংক্রান্ত তথ্য কেন্দ্রে পাওয়া যাচ্ছে।

পরীক্ষাসমূহ

অর্জিত জ্ঞান সংক্রান্ত পরীক্ষা

অর্জিত জ্ঞান সংক্রান্ত পরীক্ষাটি বিভিন্ন ট্রাফিক চিহ্ন, পেনসিলভানিয়ার ড্রাইভিং সংক্রান্ত আইন এবং নিরাপদে ড্রাইভিং অনুশীলনের সম্পর্কে আপনার অর্জিত জ্ঞানের পরিমাপ করবে। কমনওয়েলথের সকল ড্রাইভিং লাইসেন্স কেন্দ্রে অনুরোধ জানানোর পরে অর্জিত জ্ঞান সংক্রান্ত পরীক্ষাটি নিম্নলিখিত ভাষাগুলিতে - স্প্যানিশ, আরবি, চীনা (ম্যান্ডারিন), ফরাসি, হিন্দি, কোরিয়ান, রাশিয়ান, ইউক্রেনীয়, ভিয়েতনামী, ইংরেজি, বার্মিজ, গ্রীক, ইতালীয়, জাপানি, নেপালি, পোলিশ, সোমালি ও উর্দু ভাষায় লিখিত এবং অডিও উভয় ফরম্যাটে দেওয়া যেতে পারে। আপনি যদি অর্জিত জ্ঞান সংক্রান্ত পরীক্ষাটিতে ব্যর্থ হন, তাহলে পরবর্তী কর্মদিবসে আপনি পুনরায় এই পরীক্ষা দেওয়ার সুযোগ পাবেন। **বৈধ লার্নার্স পারমিট পাওয়ার আগে, আপনাকে এই পরীক্ষায় সফলভাবে উত্তীর্ণ হতে হবে।**

অর্জিত জ্ঞান সংক্রান্ত পরীক্ষাটিতে 18টি মাল্টিপল চয়েস প্রশ্ন থাকে। পরীক্ষায় উত্তীর্ণ হতে গেলে আপনাকে 15টি প্রশ্নের সঠিক উত্তর দিতে হবে।

আমাদের ওয়েবসাইটে (www.dmv.pa.gov/Driver-Services/Teen-Divers/Pages/default.aspx#.VpAM5aMo670) তরুণ ড্রাইভারদের জন্য তথ্য কেন্দ্রে এবং তরুণ ড্রাইভারদের তথ্য কেন্দ্রের অধীনে এই ম্যানুয়ালের অনলাইন সংস্করণে আপনি সম্ভাব্য ড্রাইভিং পরিস্থিতির বিবরণ পেয়ে যাবেন। ডানদিকে থাকা QR কোডের ব্যবহার করে আপনি PA ড্রাইভিং লাইসেন্স পরীক্ষার অনুশীলন করার জন্য সংশ্লিষ্ট অ্যাপটি ডাউনলোড করতে পারেন।



আপনার Android™ ফোনের Google Play থেকে সরাসরি ডাউনলোড করুন: <https://play.google.com/store/apps/details?id=com.nicusa.pdta>

**PA ড্রাইভিং লাইসেন্সের
পরীক্ষার অনুশীলন
করার অ্যাপ**



আপনার iOS ডিভাইস™ এ সরাসরি App Store থেকে ডাউনলোড করুন: <https://itunes.apple.com/us/app/pa-drivers-license-practice/id925842053?mt=8>

রাস্তায় গাড়ি চালানোর পরীক্ষা দেওয়া

যদি আপনার বয়স 18 বছরের কম হয়, তাহলে আমরা আমাদের তরুণ ড্রাইভারদের তাদের দক্ষতার পরীক্ষার সময়সূচী ছয় (6) মাস আগে থেকে নির্ধারণ করার সুযোগ দিই। তরুণ চালকদের যত তাড়াতাড়ি সম্ভব আগে থেকে পরিকল্পনা করে সময়সূচী নির্ধারণ করতে উৎসাহিত করা হয়ে থাকে। আমরা আমাদের তরুণ ড্রাইভারদের এই সুযোগটি কাজে লাগানোর পরামর্শ দিয়ে থাকি।

নন-কমার্শিয়াল গাড়ি রাস্তায় চালানোর পরীক্ষা দেওয়ার জন্য আগে থেকে অ্যাপয়েন্টমেন্ট নিতে হবে। আপনি ড্রাইভার এবং গাড়ির পরিষেবা সংক্রান্ত ওয়েবসাইটে www.dmv.pa.gov গিয়ে আপনার রাস্তায় গাড়ি চালানোর পরীক্ষার সময়সূচী নির্ধারণ করতে পারেন। যদি আপনার ইন্টারনেটের অ্যাক্সেস না থাকে, তাহলে আপনি 1-800-423-5542 নম্বরে কল করেও আপনার ড্রাইভিং পরীক্ষার সময়সূচী নির্ধারণ করতে পারেন।

এছাড়াও, PennDOT দক্ষতা সংক্রান্ত পরীক্ষা পরিচালনার জন্য তৃতীয় পক্ষের কিছু ব্যবসায়িক সংস্থাকে সার্টিফিকেশন দিয়ে রেখেছে, যারা কিছু ফি-এর বিনিময়ে এই পরীক্ষা নেয়। সব তৃতীয় পক্ষের পরীক্ষক PennDOT-এর অনুমোদিত এবং পরীক্ষা ঠিক সেই রকম হবে, যেমনটি আপনি PennDOT ড্রাইভার লাইসেন্স সেন্টারে দিয়ে থাকেন। আপনার এলাকার অংশগ্রহণকারী এমন ব্যবসায়িক সংস্থার তালিকা পেতে, www.dmv.pa.gov দেখুন।

আপনার রাস্তায় গাড়ি চালানোর পরীক্ষাটি দেওয়ার আগে আপনাকে পরীক্ষকের কাছে নিম্নলিখিত জিনিসগুলি দেখাতে হবে: (সব আইটেম বৈধ হতে হবে এবং রাস্তায় গাড়ি চালানোর পরীক্ষায় আপনি যে গাড়িটি ব্যবহার করবেন, সেটির জন্য প্রয়োজ্য হতে হবে।)

- আপনার বৈধ লার্নার্স পারমিট।
- 18 বছরের কম বয়সী হলে, 65 ঘণ্টার বিহাইন্ড-দ্য-হুইল প্রশিক্ষণের জন্য স্বাক্ষরিত পিতামাতা বা অভিভাবকের সার্টিফিকেশন ফর্ম (DL-180C)।
- রাস্তায় গাড়ি চালানোর পরীক্ষায় আপনি যে গাড়িটি চালানোর কথা পরিকল্পনা করছেন, সেটির বৈধ রেজিস্ট্রেশন কার্ড।
- গাড়িটি যে বর্তমানে বীমার আওতায় আছে, তার প্রমাণ।
- ড্রাইভিং লাইসেন্স সেন্টারে আপনার সাথে আসা ব্যক্তি, যার বয়স কমপক্ষে 21 বছর, অথবা আপনার পিতামাতা, অভিভাবক, দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির অথবা 18 বছর বা তার বেশি বয়সী স্বামী/স্ত্রীর বৈধ ড্রাইভিং লাইসেন্স।

যদি আপনি উপরে উল্লেখিত মূল নথিগুলো (কপি নয়) সাথে না আনেন, তাহলে আপনার আর সেদিন পরীক্ষা দেওয়া হবে না।

পরীক্ষা শুরু হওয়ার আগে, একজন ড্রাইভিং লাইসেন্স পরীক্ষক আপনার গাড়ির বৈধ রেজিস্ট্রেশন কার্ড, বর্তমান বীমা, বৈধ স্টেট ইন্সপেকশন স্টিকার এবং প্রয়োজনে বৈধ এমিশন স্টিকার আছে কি না, তা পরীক্ষা করে দেখবেন। আপনার গাড়ির সকল লাইট,

হর্ন, ব্রেক, উইন্ডশিল্ড ওয়াইপার, টার্ন সিগন্যাল, আয়না, দরজা, সিট ও টায়ারগুলিও পরীক্ষা করা হবে, যাতে নিশ্চিত হওয়া যায় সেগুলি সঠিকভাবে কাজ করছে এবং সুরক্ষা সংক্রান্ত মানদণ্ড পূরণ করেছে। যদি আপনার গাড়ির কোনো অংশ নিরাপদ নয় বলে প্রমাণিত হয় বা স্টেট ইন্সপেকশানের প্রয়োজনীয়তা পূরণ না করে, তাহলে আপনাকে রাস্তায় গাড়ি চালানোর পরীক্ষা দেওয়ার অনুমতি দেওয়া হবে না। যদি আপনার গাড়িতে সিট বেল্ট থাকে, তাহলে নিশ্চিত করুন যে সেগুলি পরিষ্কার আছে ও ব্যবহারের জন্য প্রস্তুত আছে। রাস্তায় গাড়ি চালানোর পরীক্ষা দেওয়ার সময় আপনাকে এবং পরীক্ষককে এগুলো পরতে হবে।

যদি আপনার গাড়ি এই ইন্সপেকশানে উত্তীর্ণ হয়ে যায়, তাহলে পরীক্ষক আপনার পরীক্ষা নিয়ে দেখবেন যে আপনি নিরাপদে গাড়ি চালাতে পারেন কি না।

আপনি যদি বিপজ্জনকভাবে গাড়ি চালান, আইন লঙ্ঘন করেন, দুর্ঘটনা ঘটান, পরীক্ষকের নির্দেশাবলী অনুসরণ না করেন বা গাড়ি চালানো সংক্রান্ত অনেক ভুল করেন, তাহলে আপনি রাস্তায় গাড়ি চালানোর পরীক্ষায় ফেল করে যাবেন।

রাস্তায় গাড়ি চালানোর পরীক্ষা দেওয়ার আগে পরীক্ষক আপনাকে নিম্নলিখিতগুলি করতে বলতে পারেন:

- **গাড়ির নিয়ন্ত্রণ:** হর্ন, লাইট (পার্কিং লাইট, হাই এবং লো বিম হেডলাইট, টার্ন সিগন্যাল), উইন্ডশিল্ড ওয়াইপার, পার্কিং (এমারজেন্সি) ব্রেক, ফোর-ওয়ে ফ্ল্যাশার (হ্যাডজার্ড লাইট), ডিফ্রস্টার ইত্যাদি চালানো। গাড়ির নিয়ন্ত্রণ সংক্রান্ত কোনো কিছু সঠিকভাবে চালাতে না পারলে, রাস্তায় গাড়ি চালানোর পরীক্ষায় ফেল করবেন।
- **পরপর পার্ক করা:** আপনার গাড়ি দুটি (2)টি খাড়া অংশের মাঝখানে 24 ফুট লম্বা এবং আট (8) ফুট চওড়া জায়গায় পার্ক করা। আপনার গাড়িটি অবশ্যই সম্পূর্ণভাবে ওই স্থানের মধ্যে থাকতে হবে, এবং আপনার গাড়ির পিছনের বা সামনের কোনো অংশই যেন উল্লম্বটির সাথে ঠেকে না থাকে, আর আপনার গাড়ি যেন অক্ষিত লাইনের বাইরে না বেরিয়ে যায়, অথবা কার্বের ঢালে বা তার উপরে উঠে না যায়। আপনার গাড়িটি সফলভাবে পার্ক করার জন্য আপনার কাছে একটিই (1) সুযোগ আছে, আর এটি করার জন্য আপনি তিন (3) বারের বেশি গাড়িটির অ্যাডজাস্টমেন্ট করতে পারবেন না।

দ্রষ্টব্য: অ্যাডভান্সড পার্কিং গাইডেন্স সিস্টেম (সেলফ-পার্কিং-এর সুবিধাভুক্ত গাড়ি) যুক্ত গাড়ি পরীক্ষা দেওয়ার জন্য ব্যবহার করা যেতে পারে; তবে, পরীক্ষা দেওয়ার সময় সেলফ-পার্কিং-এর ফিচারটি বন্ধ করতে হবে এবং রাস্তায় গাড়ি চালানোর পরীক্ষা দেওয়ার সময়ও এটি চালু করার অনুমতি নেই।

রাস্তায় গাড়ি চালানোর পরীক্ষা দেওয়ার সময় আপনার গাড়িতে শুধুমাত্র পরীক্ষক থাকবেন। রাস্তায় গাড়ি চালানোর পরীক্ষা শুরু হওয়ার পর, আপনাকে গাড়ি চালিয়ে কোথায় যেতে হবে এবং কী কী কৌশল অবলম্বন করতে হবে, তা বলে দেওয়া হবে। **আপনি কীভাবে গাড়ি চালাচ্ছেন এবং বিভিন্ন রকমের সতর্কতামূলক চিহ্ন, থামার চিহ্ন ও ট্রাফিক লাইট কীভাবে মেনে চলছেন, তা খুঁটিয়ে দেখা হবে।** পরীক্ষক লক্ষ্য করবেন আপনি কীভাবে নিজের গাড়ি নিয়ন্ত্রণ করছেন, অন্যান্য চালকদের সাথে যোগাযোগের জন্য কীভাবে টার্ন সিগন্যাল ব্যবহার করছেন বা পরীক্ষার সময় প্রয়োজন অনুসারে গাড়ির নিয়ন্ত্রণ সংক্রান্ত অন্য ফিচার কীভাবে ব্যবহার করছেন।

আপনি পেনডট (PENNDOT) ড্রাইভার্স লাইসেন্স সেন্টারে রোড টেস্টে উত্তীর্ণ হলে, তখনই নিজের ড্রাইভিং লাইসেন্স পেয়ে যাবেন।

আপনি এই সকল কারণে রাস্তায় গাড়ি চালানোর পরীক্ষায় ফেল করে যেতে পারেন:

(রাস্তায় গাড়ি চালানোর পরীক্ষায় ব্যর্থ হওয়ার সম্ভাব্য কারণগুলির কিছু উদাহরণ এখানে দেওয়া হলো)

- গাড়ির কোনো ফিচার চালাতে না পারা
- কোনো ট্রাফিক নিয়ম লঙ্ঘন করা (যেমন, থামার চিহ্ন দেখেও তা মেনে না চলা)
- বিপজ্জনক অথবা বেপরোয়াভাবে গাড়ি চালানো
- নিরাপদে গাড়ি চালানোর অনুশীলনে ভুল করা
- পরীক্ষকের দেওয়া নির্দেশাবলী অনুসরণ না করা
- দুর্ঘটনা ঘটিয়ে ফেলা
- টার্ন সিগন্যালের ব্যবহার না করা

যদি আপনার বয়স 18 বছরের কম হয় এবং রাস্তায় গাড়ি চালানোর পরীক্ষায় ব্যর্থ হন, তাহলে পেনসিলভানিয়ার আইন অনুসারে আপনাকে পুনরায় রাস্তায় গাড়ি চালানোর পরীক্ষা দেওয়ার জন্য সাত (7) দিন অপেক্ষা করতে হবে। কিছুদিন পর পুনরায় পরীক্ষা দিলে আপনি অনুশীলন করার এবং আপনার ড্রাইভিং দক্ষতা উন্নত করার জন্য পর্যাপ্ত সময় পেয়ে যাবেন। প্রতিটি লার্নার্স পারমিটের জন্য, শিক্ষার্থীরা পারমিটের মেয়াদ শেষ হওয়ার আগে রাস্তায় গাড়ি চালানোর পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার জন্য তিনটি (3)টি সুযোগ পাবেন। তৃতীয়বারও ব্যর্থ হলে, শিক্ষার্থীর পারমিটের মেয়াদ বাড়ানোর জন্য আপনাকে পুনরায় আবেদন করতে হবে।

যদি আপনি তিন (3) বারের চেষ্ঠার পরেও রাস্তায় গাড়ি চালানোর পরীক্ষায় উত্তীর্ণ না হন অথবা আপনার লার্নার্স পারমিটের মেয়াদ শেষ হয়ে যায়, তাহলে আপনি নন-কমার্শিয়াল লার্নার্স পারমিট (DL-31)-এর বৈধতা বাড়ানোর/বর্ধিত করার/প্রতিস্থাপন/পরিবর্তন/সংশোধন করার আবেদন করতে পারেন। যদি আপনি আপনার শারীরিক পরীক্ষার দিন থেকে তিন (3) বছরের মধ্যে রাস্তায় গাড়ি চালানোর পরীক্ষা না দিয়ে থাকেন বা সফলভাবে সম্পন্ন না করে থাকেন, তাহলে আপনাকে অবশ্যই আরেকটি নন-কমার্শিয়াল লার্নার্স পারমিট অ্যাপ্লিকেশন (DL-180) দিয়ে নতুন করে আবেদন করে শুরু করতে হবে এবং পুনরায় অর্জিত জ্ঞান সম্পর্কিত পরীক্ষা দিতে হবে।

অধ্যায় ২:


বিভিন্ন সিগন্যাল, চিহ্ন ও ফুটপাথের চিহ্নসমূহ

এই অধ্যায়ে আপনাকে পেনসিলভানিয়ার সড়কপথ সম্পর্কে কিছু প্রয়োজনীয় তথ্য প্রদান করা হয়েছে। এর মধ্যে রয়েছে:

- বিভিন্ন সিগন্যাল
- বিভিন্ন সাইন
- ফুটপাথের বিভিন্ন চিহ্ন

বিভিন্ন সিগন্যাল

গাড়ি ও পথচারীদের চলাচল নিয়ন্ত্রণের জন্য বিভিন্ন রাস্তার মোড়ে ট্র্যাফিক সিগন্যাল স্থাপন করা আছে। ট্র্যাফিক সিগন্যালগুলি হয় উল্লম্বভাবে বা অনুভূমিকভাবে সাজানো থাকে। যখন এগুলি উল্লম্বভাবে সাজানো হয়, তখন লাল আলো সর্বদা উপরে এবং সবুজ আলো নীচে থাকে। যখন এগুলি অনুভূমিকভাবে সাজানো হয়, তখন লাল আলো সর্বদা বাম দিকে এবং সবুজ আলো ডান দিকে থাকে।



লাল, হলুদ ও সবুজ রঙের ট্র্যাফিক লাইট ও তীরচিহ্ন



যখন **লাল আলো** স্থির হয়ে জ্বলে, তখন রাস্তায় অঙ্কিত স্টপ লাইন বা ক্রসওয়াক অতিক্রম করার আগে আপনাকে থামতে হবে। আপনি যদি কোনো লাইন দেখতে না পান, তাহলে চৌরাস্তায় যাওয়ার আগে থামুন। গাড়ি চালানোর আগে, আলো সবুজ হওয়া পর্যন্ত অপেক্ষা করুন।

লাল আলো জ্বলতে থাকাকালীন আপনি ডানদিকে ঘুরতে পারেন, যদি না সেই মোড়ে **নো টার্ন অন রেড**-এর সাইন দেওয়া থাকে। আপনাকে অবশ্যই প্রথমে থামতে হবে, পথচারী ও অন্য কোনো গাড়ি আছে কিনা দেখে নিতে হবে ও তাদের অগ্রাধিকার দিতে হবে।

লাল আলো দেখে থামার পরও, আপনি যদি বাম দিকের লেনে থাকেন এবং একটি একমুখী রাস্তা থেকে অন্য একমুখী রাস্তায় যাওয়ার চেষ্টা করেন, তাহলেও আপনি বাম দিকে ঘুরতে পারেন, যদি না কোনো সাইনবোর্ডে মোড় না নেওয়ার নির্দেশিকা দেওয়া থাকে। আপনাকে প্রথমে থামতে হবে এবং পথচারী ও অন্য কোনো গাড়ি থাকলে তাদের অগ্রাধিকার দিতে হবে।



স্থিরভাবে জ্বলতে থাকা হলুদ আলো বোঝাচ্ছে যে, শীঘ্রই সেখানে স্থির লাল আলো দেখা যাবে। আপনি যদি গাড়ি চালিয়ে কোনো চৌরাস্তার মুখের দিকে যান এবং সেখানে হলুদ আলো দেখতে পান তাহলে গতি কমিয়ে গাড়িটি থামানোর জন্য প্রস্তুত হোন। আপনি যদি চৌরাস্তার মুখেই থাকেন অথবা চৌরাস্তায় ঢোকানোর আগে নিরাপদে থামতে না পারেন, তাহলে সাবধানে গাড়ি চালিয়ে এগিয়ে যান।



স্থির সবুজ আলো জ্বলতে থাকার অর্থ হলো, রাস্তা পরিষ্কার থাকলে আপনি চৌরাস্তা দিয়ে গাড়ি চালিয়ে চলে যেতে পারেন। বাঁক নেওয়ার কোনো নিষেধাজ্ঞা না থাকলে আপনি ডানদিকে বা বামদিকেও ঘুরতে পারেন; তবে, বাঁক নেওয়ার সময় আপনাকে অবশ্যই মোড়ে থাকা অন্যান্য যানবাহন ও পথচারীদের অগ্রাধিকার দিতে হবে।



স্থির লাল রঙের তীরচিহ্ন জ্বলতে থাকার অর্থ আপনাকে থামতে হবে এবং তীরটি যে দিকে নির্দেশ করছে সেদিকে আপনি ঘুরতে পারবেন না। সবুজ রঙের তীর অথবা দপদপ করতে থাকা হলুদ রঙের তীর চিহ্ন আসা পর্যন্ত অপেক্ষা করুন। ওইখানেই লাল রঙ জ্বলবে, যা পরে স্থির লাল সিগন্যাল দেখাবে এবং লাল রঙের তীর চিহ্ন দেখাবে।



স্থির হলুদ রঙের তীর চিহ্ন থাকার অর্থ সবুজ তীর বা দপদপ করতে থাকা হলুদ তীরের সময় শেষ হতে চলেছে এবং সিগন্যাল শীঘ্রই লাল হয়ে যাবে। চৌরাস্তায় ঢোকানোর আগে আপনার গাড়ির গতি কমানো উচিত এবং গাড়িটি সম্পূর্ণ থামানোর জন্য প্রস্তুত থাকা উচিত। আপনি যদি চৌরাস্তার মধ্যে থাকেন অথবা চৌরাস্তায় ঢোকানোর আগে নিরাপদে থামতে না পারেন, তাহলে আগের তীর চিহ্নটিই আছে তা ভেবে টার্নটি সাবধানে পার হতে পারেন।



স্থিরভাবে জ্বলতে থাকা সবুজ রঙের তীরের অর্থ, তীরের নির্দেশিত দিকে আপনি ঘুরতে পারবেন। সবুজ তীরচিহ্ন জ্বলার সময় আপনি যদি মোড় নেন, সেটা "সুরক্ষিতভাবে" টার্ন নেওয়া হয়, কারণ লাল আলো জ্বলায় উল্টো দিক থেকে আসা গাড়িগুলো দাঁড়িয়ে যায়। যদি সবুজ রঙের তীরটি সবুজে আলোতে পরিণত হয়, সেক্ষেত্রেও আপনি সেই দিকে ঘুরতে পারেন, তবে প্রথমে পথচারী ও আসন্ন যানবাহনকে যাওয়ার রাস্তা দেওয়ার কথা মনে রাখবেন।

দপদপ করতে থাকা সিগন্যাল



দপদপ করতে থাকা লাল আলোর অর্থ **থামুন** চিহ্নের মতোই। আপনাকে সম্পূর্ণ থেমে যেতে হবে। তারপর, উভয় দিকে তাকান এবং চৌরাস্তার মোড়টি ফাঁকা হওয়ার পরেই এগিয়ে যান।



দপদপ করতে থাকা হলুদ আলোর অর্থ হলুদ আলোর অর্থ হলো **সতর্ক** থাকুন। আস্তে আস্তে চলুন, দেখুন এবং সাবধানে এগিয়ে যান।



দপদপ করতে থাকা হলুদ তীরের মানে হলো, যদিকে তীরটি ইঙ্গিত করছে সেদিকে আপনি সাবধানে ঘুরতে পারেন, তবে আপনাকে প্রথমে অপর দিক থেকে আসা গাড়ি ও পথচারীদের অগ্রাধিকার দিতে হবে। যখন আপনি হলুদ তীর চিহ্ন দপদপ করতে থাকার সময় মোড় ঘুরবেন, তখন সেই টার্ন নেওয়াটা নিরাপদ নাও হতে পারে; কারণ উল্টো দিক থেকে আসা গাড়ির চালকরা তখন সবুজ আলো দেখতে পাবেন।

অচল ট্র্যাফিক লাইট


একটি অচল ট্র্যাফিক সিগন্যালকে এমনভাবে বিবেচনা করতে হবে যেন এটি একটি চার-মুখী {1}থামুন সাইন।

র‍্যাম্প-মিটারিং-এর সিগন্যাল

কিছু মহাসড়কে ঢোকান র‍্যাম্পের শেষে ট্র্যাফিক সিগন্যাল থাকে, যা হয় সর্বদা সবুজ না হয় লাল রঙে পর্যায়ক্রমে জ্বলতে থাকে। র‍্যাম্প মিটারিং-এর সিগন্যালগুলি খুব যানজটপূর্ণ মহাসড়কে যানবাহনের প্রবাহ নিয়ন্ত্রণ করতে ব্যবহৃত হয় এবং সাধারণত অত্যন্ত ব্যস্ত সময়ে এগুলো কাজ করে। মহাসড়কে ঢোকান আগে আপনাকে সবুজ সিগন্যাল হওয়া পর্যন্ত অপেক্ষা করতে হবে। সিঙ্গেল-লেনের র‍্যাম্পে, প্রতিবার সবুজ আলো জ্বললে শুধুমাত্র একটি (1) গাড়িই মহাসড়কে প্রবেশ করতে পারবে। বহু-লেনের র‍্যাম্পে, প্রতিটি লেনে একটি করে র‍্যাম্প মিটার থাকে। **শুধুমাত্র সবুজ আলো আপনার মহাসড়কে প্রবেশপথকে সুরক্ষিত করতে পারে না — মহাসড়কে প্রবেশের জন্য আপনাকে যানজটের মধ্যে নিরাপদ ফাঁক খুঁজে বের করে নিতে হবে।**

লেনের ব্যবহার নিয়ন্ত্রণ সংক্রান্ত সিগন্যাল

যানজট নিয়ন্ত্রণের জন্য সরাসরি লেনের উপরে বিশেষ সিগন্যাল স্থাপন করা হতে পারে। এগুলি সাধারণত টোল বুথ, সেতু, টানেল এবং শহরগুলির বহু-লেন বিশিষ্ট রাস্তায় ব্যবহৃত হয়, যেখানে শহরের ব্যস্ততার সময়ে যানবাহন ঢোকা বা বা বেরোনের সময়ে যানজট কমানোর জন্য নির্দিষ্ট লেনে যাতায়াতের দিক পরিবর্তন করা হয়। রাস্তা বা মহাসড়কে নির্দিষ্ট লেনগুলি কীভাবে ব্যবহার করা উচিত, তা নিম্নলিখিত সিগন্যালগুলো নির্দেশ করছে:



ট্র্যাফিক লেনের উপর একটি স্থির নিম্নমুখী সবুজ তীরচিহ্নের অর্থ হলো আপনি লেনটি ব্যবহার করতে পারেন।



ট্র্যাফিক লেনের উপরে একটি স্থির হলুদ "X" চিহ্নের অর্থ হলো আপনাকে লেন পরিবর্তন করতে হবে, কারণ সেই লেনের চলমান গাড়ির দিক বিপরীত হতে চলেছে। নিরাপদে লেনটি ছেড়ে দেওয়ার জন্য প্রস্তুত হন।



লেনের উপরে একটি স্থির লাল "X" চিহ্ন থাকার অর্থ হলো, আপনি ওই ট্র্যাফিক লেনটি ব্যবহার করতে পারবেন না।



একটি লেনের উপর দিয়ে সাদা স্থির, একমুখী বাম দিকে ঘুরতে থাকা তীরচিহ্নের অর্থ হলো, আপনি যদি সেই লেনে থাকেন তবেই কেবল বাম দিকে ঘুরতে পারবেন।



লেনের উপর একটি সাদা স্থির, দ্বিমুখী বাম-বাঁক তীরচিহ্নের অর্থ হলো আপনি যদি সেই লেনে থাকেন তবেই কেবল বাম দিকে ঘুরতে পারবেন, কিন্তু বিপরীত দিক থেকে আসা বাম-বাঁক নেওয়া চালকদের সাথেও এই লেনটি শেয়ার করতে হবে।

পথচারীদের জন্য সিগন্যাল

পথচারীদের অবশ্যই ট্র্যাফিক ও পথচারীদের জন্য নির্ধারিত সিগন্যাল মেনে চলতে হবে। পথচারীদের জন্য যে সিগন্যালগুলি আপনাকে মেনে চলতে হবে সেগুলো হলো **হাঁটুন** এবং **হাঁটবেন না** -এর আলো অথবা একজন হাঁটতে থাকা ব্যক্তির (অর্থাৎ হাঁটুন) এবং একজন হাত তুলে থাকার (অর্থাৎ হাঁটবেন না) আলোকিত ছবি। যদি রাস্তার মোড়ে পথচারীদের জন্য কোনো বিশেষ সিগন্যাল না থাকে, তাহলে পথচারীদের লাল, হলুদ ও সবুজ ট্র্যাফিক লাইট মেনে চলতে হবে।

অনেক সময় পথচারীরা ট্র্যাফিক ও পথচারীদের সিগন্যাল মেনে চলা সংক্রান্ত দায়িত্ব সম্পর্কে সচেতন থাকেন না। সেই সকল পথচারীদের ব্যাপারে সতর্ক থাকুন, যারা সিগন্যাল মেনে চলেন না। পথচারীদের সর্বদা অগ্রাধিকার দেবেন।



যখন কোনো স্থির **হাঁটার** বা হাঁটতে থাকা ব্যক্তির ছবি দেখা যায়, তখন রাস্তা পারাপার করা শুরু করুন, তবে বাঁক নিতে থাকা গাড়ির বিষয়ে সতর্ক থাকুন, যা আইনত তারা করতে পারেন না।



যখন **হাঁটবেন না** বা হাত উপরে তোলা ছবি দৃশ্যমান করতে থাকে:

- যদি আপনি রাস্তার মাঝে থাকেন, তাহলে রাস্তাটি পার করে ফেলুন।
- যদি আপনি রাস্তার ধার ছেড়ে না এগিয়ে থাকেন, তাহলে রাস্তা পার করার চেষ্টা করবেন না।



যখন স্থির হয়ে **হাঁটবেন না** মেসেজটি দেখানো হয় বা স্থিরভাবে উপরে তোলা হাত প্রদর্শিত হয়, তখন ক্রস করতে যাবেন না।

দৃষ্টিশক্তিহীন পথচারী

সাদা লাঠি অথবা গাইড কুকুরকে সাথে নিয়ে হাঁটতে থাকা অন্ধ ব্যক্তির কাছ দিয়ে গাড়ি চালানোর সময়, আপনাকে অবশ্যই গতি কম রাখতে হবে, সর্বদা তার পথ ছেড়ে দিতে হবে এবং তারপর সাবধানে এগিয়ে যেতে হবে। পথচারীদের আঘাত লাগা বা বিপদ ঘটলে, আপনার গাড়ি থামানোর জন্য প্রস্তুত থাকতে হবে।



SCHOOL

SPEED

15

LIMIT

WHEN FLASHING

স্কুল জোন সিগন্যাল

স্কুল জোনের সিগন্যাল হলো হলুদ রঙের ফ্ল্যাশিং সিগন্যাল, যা স্কুল জোনের স্পিড লিমিট চিহ্নের পাশে বসানো থাকে। হলুদ বাতি দৃশ্যমান করতে থাকলে বা চিহ্ন দেওয়া নির্দিষ্ট সময়ে, আপনি ঘণ্টায় 15 মাইলের বেশি গতিতে গাড়ি চালাতে পারবেন না। স্কুল এলাকায় স্পিড লিমিটের বেশি গতি থাকলে আপনার ড্রাইভিং রেকর্ডে তিন (3) পয়েন্ট যোগ হবে, পাশাপাশি আপনাকে জরিমানাও দিতে হবে।

রেললাইন ক্রসিং সিগন্যাল

রেলক্রসিংয়ের কাছে আসার সময় চালকদের সতর্ক করতে বিশেষ সাইনবোর্ড থাকে। রেলক্রসিং পার হওয়ার সময় সবসময় সতর্ক থাকা জরুরি। রেললাইন ট্র্যাক পার হওয়ার আগে দু'পাশ ভালোভাবে দেখে নিতে হবে এবং কোনো ট্রেন আসছে বা সিগন্যালের শব্দ আছে কি না, তা শুনে নিশ্চিত হওয়া দরকার।


যদি কোনো ট্রেন আসার সিগন্যাল থাকে, তাহলে রেল লাইন ক্রসিংয়ে আপনাকে থামতেই হবে। এই সিগন্যালগুলোর মধ্যে লাল বাতি ঝলকানো, গেট নামা, কোনো কর্মীর হাতের ইশারা বা ট্রেনের হর্ন বাজানো অন্তর্ভুক্ত। গেট নামানো থাকলে বা কোনো চিহ্ন দেখা গেলে কখনোই সামনে এগোবেন না বা গেটের পাশ কাটিয়ে যাওয়ার চেষ্টা করবেন না। যদি রেল লাইন ক্রসিংয়ে কোনো সিগন্যাল না থাকে, তবে ট্রেন আসছে কি না ভালোভাবে দেখে ও শুনে নিতে হবে, ট্রেনের আওয়াজ বা উপস্থিতি টের পেলে গতি কমিয়ে থামার প্রস্তুতি নিন।

সব সিগন্যাল শেষ হওয়ার পরে এবং কেবলমাত্র যখন নিশ্চিত হওয়া যায় যে কোনো ট্রেন ক্রসিং-এর দিকে আসছে না — তখনই সতর্কতার সঙ্গে অগ্রসর হোন।

যদি ট্রেন কাছাকাছি থাকে, হর্ন বাজায় বা সেটি স্পষ্ট দেখা যায় এবং রেলক্রসিংয়ের খুব কাছে বিপজ্জনক অবস্থায় থাকে, তাহলে অবশ্যই থামতে হবে।

ট্রেন আসছে কি না তা নির্বিশেষে, কখনোই গাড়ি রেললাইন ট্র্যাকের ওপর থামাবেন না। যদি ট্র্যাফিক সিগন্যাল, স্টপ সাইন বা অন্য কোনো কারণে যানজট থাকে, তাহলে নিশ্চিত করুন যে আপনার গাড়ি রেললাইন থেকে সম্পূর্ণ দূরে নিরাপদ জায়গায় থেমেছে।

মহাসড়ক-রেললাইন ক্রসিং নিরাপদে পার হওয়ার নিয়ম সম্পর্কে বিস্তারিত জানতে, অধ্যায় 3 দেখুন।



রেললাইন ক্রসিংয়ের চিহ্ন ও সিগন্যাল মেনে চলুন

চিহ্নসমূহ

চিহ্নগুলো মূলত তিনটি (3) ভাগে ভাগ করা হয়: নিয়ন্ত্রক, সতর্কতা ও দিকনির্দেশক চিহ্ন। প্রতিটি বিভাগের অধিকাংশ চিহ্নে নির্দিষ্ট আকার ও রং থাকে।

নিয়ন্ত্রক চিহ্নসমূহ

আইন অনুযায়ী কী করা উচিত এবং কী করা উচিত নয়, সেই নির্দেশনা নিয়ন্ত্রক চিহ্নসমূহে দেওয়া থাকে। এই চিহ্নসমূহে লেখা নিয়মগুলো আপনাকে স্পিড লিমিট, ট্রাফিকের দিকনির্দেশ, মোড় নেওয়ার নিয়ম বা পার্কিং নিষেধাজ্ঞা ইত্যাদির বিষয়ে পরামর্শ দেয়। নিয়ন্ত্রক চিহ্নসমূহের নির্দেশ না মানলে আইন ভাঙার অপরাধে আপনার ড্রাইভিং রেকর্ডে পয়েন্ট যোগ হতে পারে এবং জরিমানাও গুনতে হতে পারে। নিয়ন্ত্রক চিহ্নসমূহের নির্দেশ না মানলে আপনার এবং অন্যদেরও নিরাপত্তার ঝুঁকি সৃষ্টি হতে পারে, উদাহরণস্বরূপ — থামুন সাইনের সামনে না থামা, যেখানে ওভারটেক করা নিরাপদ নয় সেখানে অন্য গাড়িকে পাশ কাটানো, নির্ধারিত স্পিড লিমিটের চেয়ে দ্রুত চালানো বা ওয়ান-ওয়ে রাস্তায় উল্টো দিক দিয়ে চালানো।

সাধারণত, নিয়ন্ত্রক বিষয়ক চিহ্নসমূহ কালো-সাদা রঙের হয় এবং লম্বাটে আয়তক্ষেত্র বা বর্গাকৃতির হয়, যেমন স্পিড লিমিট বোর্ড। কিছু নিয়ন্ত্রক বিষয়ক চিহ্নসমূহ কালো, সাদা ও লাল রঙের হয়ে থাকে, যেমন **বাঁ দিকে টার্ন নেওয়া নিষেধ** চিহ্ন, যেখানে একটি বৃত্তের মধ্যে স্ল্যাশ চিহ্ন দেওয়া থাকে। অন্য কিছু নিয়ন্ত্রক বিষয়ক চিহ্নসমূহ লাল-সাদা রঙের হয়, যেমন **থামুন**, **পথ দিন**, **প্রবেশ নিষেধ** এবং **ভুল রাস্তা** চিহ্ন।



থামুন চিহ্ন হল একমাত্র আট-কোণা (অষ্টভুজ আকৃতির) চিহ্ন, যা আপনি মহাসড়কে দেখতে পান। **থামুন** চিহ্নযুক্ত মোড়ে আপনাকে সম্পূর্ণ থামতে হবে, পথচারী বা অন্য কোনও গাড়ি আসছে কি না তা যাচাই করতে হবে এবং রাস্তা ফাঁকা থাকলে তবেই গাড়ি নিয়ে এগোনো যাবে। পুরোপুরি না থামিয়ে শুধু গতি কমানো বেআইনি।

যখন কোনো ক্রসওয়াক বা স্টপ লাইন (সাদা টপ বার) দেখতে পাবেন, তখন আপনার গাড়ির সামনের অংশ প্রথম অঙ্কিত রেখার আগে থামিয়ে দিন। যদি ট্রাফিক দেখতে না পান, তাহলে পথচারীদের যাওয়ার সুযোগ দিন এবং তারপর ধীরে ধীরে রেখা অতিক্রম করে এমন জায়গায় আসুন যেখানে স্পষ্টভাবে দেখতে পারবেন। ট্রাফিক ও পথচারীদের দেখে নিশ্চিত হয়ে নিন যে রাস্তা ফাঁকা, তারপর নিরাপদে সামনে এগোন।

এই চিহ্নটি 'থামুন' চিহ্নের সাথেও ব্যবহার করা হয়। এই চিহ্ন মোটরচালকদের কোনো বাধা ছাড়াই ডানদিকে টার্ন নেওয়ার অনুমতি দেয়।



4-WAY

ফোর-ওয়ে থামুন চিহ্নের মানে হলো, এই মোড়ে চারটি দিকেই 'থামুন' চিহ্ন রয়েছে। চারদিক থেকে আসা সমস্ত ট্রাফিককে থামতে হবে। চৌরাস্তায় পৌঁছানো প্রথম গাড়িটি প্রথমে এগোবে। যদি দুটি গাড়ি একসঙ্গে সংযোগস্থলে পৌঁছায়, তবে বাম দিকের চালক ডান দিকের চালককে যাওয়ার পথ ছেড়ে দেবে। যদি মুখোমুখি অবস্থায় থাকে, তবে দু'জন চালকই সতর্কভাবে তাদের গাড়ি চালাতে পারে, বিশেষ করে সম্ভাব্য বাঁক নেওয়ার সময়।



পথ দিন চিহ্ন ত্রিভুজাকার (তিন কোণা) হয়। এই চিহ্ন দেখলে গতি কমিয়ে ট্রাফিক দেখে নিতে হবে এবং পথচারী ও আসা-যাওয়া করা যানবাহনকে আগে যেতে দিতে হবে। প্রয়োজন হলে, তবেই আপনি থামবেন। সুরক্ষিতভাবে, স্বাভাবিক ট্রাফিকে কোনও বিঘ্ন না ঘটিয়ে এগোনো সম্ভব হলে, এগোতে থাকুন। মনে রাখবেন, **থামুন** বা **পথ দিন** চিহ্ন থাকা স্থানগুলোতে রাস্তা যথেষ্ট ফাঁকা না হওয়া পর্যন্ত গাড়ি নিয়ে এগোবেন না।

কোনও একলেনের সেতু বা আন্ডারপাসের সামনে বসানো এই চিহ্নটি 'পথ দিন' চিহ্নের সাথে ব্যবহার করা হয়, যাতে চালকদের সতর্ক করা যায় যে, একলেনে গাড়ি চালানোর আগে বিপরীত দিক থেকে আসা যানবাহনকে আগে যেতে দিতে হবে।



রেলক্রসিং ক্রসবাক চিহ্ন এই চিহ্নটি সেইসব রেললাইন ক্রসিংয়ে বসানো হয়, যেখানে রেললাইন রাস্তার উপর দিয়ে গেছে। এই চিহ্নকে **পথ দিন** সাইনের মতো ধরে নিতে হবে—গাড়ির গতি কমানো এবং ট্রেন আসার শব্দ বা আলো দেখলে থামার জন্য প্রস্তুত থাকতে হবে। রেললাইন ক্রসিংয়ের নিরাপত্তা সম্পর্কে আরও জানতে, অধ্যায় 3-এ চোখ রাখুন।



প্রবেশ নিষেধ আর **ভুল রাস্তা** চিহ্নগুলো একসঙ্গে কাজ করে। **প্রবেশ নিষেধ** চিহ্নটি সাধারণত একমুখী রাস্তা বা র‍্যাম্পের শুরুতে বসানো হয়। যখন আপনি এই চিহ্নটি দেখতে পাবেন, তখন আপনি যে দিকে যাচ্ছেন সেই রাস্তায় বা র‍্যাম্পে গাড়ি চালাবেন না।

ভুল রাস্তা চিহ্নগুলো একমুখী রাস্তা বা র‍্যাম্প ভেতরের দিকে বসানো থাকে। যদি আপনি ভুলবশত রাস্তা বা র‍্যাম্পে ঢুকে পড়েন, তাহলে আপনার দৃষ্টি আকর্ষণ করার জন্য এগুলি সেখানে বসানো হয়।



ওয়ান-ওয়ে বা একমুখী চিহ্নের অর্থ হলো যেদিকে চিহ্নটি নির্দেশ করছে, ট্র্যাফিক কেবল সেই দিকেই চলাচল করতে পারবে। যদি আপনি ওয়ান-ওয়ে রাস্তায় উল্টো দিকে ঢুকে পড়েন, তাহলে আপনার মুখোমুখি সংঘর্ষের সম্ভাবনা বেশি।



বিভক্ত মহাসড়ক

সংযোগস্থলে আপনার নিরাপত্তা অনেকটাই নির্ভর করে ট্রাফিক সিগন্যালে দেখা সবুজ, হলুদ আর লাল বাতির প্রতি সঠিক প্রতিক্রিয়ার ওপর, পাশাপাশি ওয়ান-ওয়ে ও ফোর-ওয়ে স্টপ সাইন মানার ওপরও।

ওয়ান ওয়ে, ভুল পথ এবং প্রবেশ নিষিদ্ধ সাইন

শহরের অনেক রাস্তা ওয়ান ওয়ে। কোনো রাস্তার যানবাহন যদি কেবল একদিকেই চলে, তাহলে সংযোগস্থলে থাকা "ওয়ান ওয়ে" সাইন দেখে তা বুঝতে পারবেন। একটি রাস্তা ওয়ান ওয়ে হওয়ার আরেকটি ইঙ্গিত হলো, রাস্তার উভয় পাশে পার্ক করা যানবাহন একই দিকে মুখ করা।

ডিভাইডেড হাইওয়ের সংযোগস্থলে আপনি **ওয়ান ওয়ে** চিহ্ন, **ভুল পথ** চিহ্ন এবং **প্রবেশ করবেন না** চিহ্ন একসাথে দেখতে পাবেন। আপনি একটি ডিভাইডেড হাইওয়েকে দুই (2)টি একমুখী রাস্তা হিসেবে ভাবতে পারেন। বেশিরভাগ ক্ষেত্রেই প্রতিটি দিকের যানবাহনকে পৃথক করার জন্য একটি ফিজিক্যাল ব্যারিয়ার থাকে। এটি হতে পারে একটি সরু কংক্রিট ব্যারিয়ার, বা এটি হতে পারে একটি প্রশস্ত সিমেন্টের বা ঘাসে ঢাকা এলাকা। আপনি সাধারণত সংযোগস্থলের কাছে পৌঁছানোর সময় আপনার রাস্তায় **ডিভাইডেড হাইওয়ে** সাইন দেখতে পাবেন।

ডিভাইডেড হাইওয়ে থেকে ডান দিকে মোড় নেওয়া আর সাধারণ মোড় থেকে ডান দিকে টার্ন নেওয়ার মধ্যে তেমন কোনো পার্থক্য নেই। আপনার বাম দিক থেকে আসা ট্রাফিকের সামনে ডানদিকে ঘোরার জন্য একটি নিরাপদ ফাঁক রয়েছে নিশ্চিত করুন।

তবে, ডিভাইডেড হাইওয়েতে বাম দিকে টার্ন নেওয়ার ক্ষেত্রে একটি বিশেষ বিপদ রয়েছে। যদি আপনি বুঝতে না পারেন যে আপনি একটি ডিভাইডেড হাইওয়েতে টার্ন নিচ্ছেন, তবে আপনি শারীরিক বিভাজকের আগে বাঁদিকে ঘুরতে পারেন এবং বাম দিক থেকে আসা ট্রাফিকের সঙ্গে মুখোমুখি সংঘর্ষে জড়িয়ে পড়তে পারেন। আপনাকে অবশ্যই **প্রবেশ নিষিদ্ধ** এবং **ভুল পথ** চিহ্নগুলি লক্ষ্য রাখতে হবে।


ডিভাইডেড হাইওয়েতে সঠিকভাবে বাম দিকে টার্ন নিতে হলে, যখন আপনার বাম দিক থেকে আসা যানবাহনের নিরাপদ ফাঁক থাকে তখন আপনাকে "প্রথম" রাস্তাটি অতিক্রম করতে হবে এবং তারপরে "দ্বিতীয়" রাস্তার ডান দিক থেকে আসা যানবাহনের নিরাপদ ফাঁক থাকলে বাধার অন্য দিকে বাম দিকে টার্ন নিতে হবে।

সংযোগস্থলে নিরাপদে প্রবেশ এবং অতিক্রম করা


- **দুই-মুখী স্টপ সাইন সহ একটি সংযোগস্থল পেরিয়ে ভ্রমণ করতে** - 30 মাইল প্রতি ঘণ্টা গতির একটি রাস্তা অতিক্রম করতে আপনার উভয় দিকে প্রায় 6 সেকেন্ডের ব্যবধান প্রয়োজন অথবা ডান এবং বামে প্রায় এক ব্লক ফাঁকা জায়গা প্রয়োজন। স্টপ সাইনে, প্রথমে বামে দেখুন, তারপর নিরাপদ ফাঁকের জন্য ডানে দেখুন, এবং তারপর দ্রুত আবার বামে দেখুন, তারপর সামনে এগোন।
- **ডানদিকে টার্ন নিতে** - প্রথমে বামে দেখুন, সামনে সোজা দেখুন, তারপর ডানে এবং পুনরায় বামে দেখুন যাতে নিশ্চিত হন যে কোনো গাড়ি আসছে না। আপনার বাম দিক থেকে আসা যানবাহনের সঙ্গে প্রায় আট (8) সেকেন্ডের ফাঁক রাখুন।
- **বাঁদিকে টার্ন নিতে** - নিশ্চিত করুন যে আপনি সামনের দিক থেকে আসা ট্রাফিকের সামনে মোড় নেওয়ার জন্য একটি খোলা জায়গা পেয়েছেন এবং ক্রস স্ট্রিটে গাড়ি থেমে আছে। যদি আপনি একটি ছোট রাস্তা থেকে একটি বড় রাস্তায় টার্ন নেন, তাহলে আপনার ডান দিক থেকে আসা যানবাহনের সঙ্গে 9-সেকেন্ডের ফাঁক নিশ্চিত করুন।

বাঁদিকে টার্ন নেওয়ার সময় বিপরীত দিক থেকে বাঁদিকে টার্ন নেওয়া যানবাহনের সঙ্গে সংঘর্ষ এড়ানো গুরুত্বপূর্ণ। ডানদিকে থাকা চিত্রে, সংযোগস্থলের কেন্দ্রে একটি "X" কল্পনা করুন। আপনি যদি "X" এ পৌঁছানোর আগেই টার্ন নেন, তাহলে বিপরীত দিক থেকে বাঁদিকে মোড় নেওয়া চালকের সঙ্গে জটিল টার্ন নেওয়া এড়াতে পারবেন। সর্বদা কেন্দ্রে থাকা কাছাকাছি লেনে টার্ন নিয়ে, বিপরীত দিক থেকে আসা এবং একই রাস্তায় ডানদিকে টার্ন নেওয়া যানবাহনের সঙ্গে সংঘর্ষ এড়াতে পারবেন।

সবচেয়ে গুরুত্বপূর্ণ: কখনো বাঁদিকে টার্ন নেওয়া শুরু করবেন না যতক্ষণ না আপনি নিশ্চিত হন যে আপনাকে পার হতে হবে এমন সব লেন খালি এবং আপনি নিরাপদে টার্ন নিতে পারবেন।



- **জগহ্যান্ডল** - অনেক সময় ব্যস্ত বাণিজ্যিক এলাকার রাস্তাগুলিতে বিপরীতমুখী ট্রাফিক আলাদা করার জন্য ফিজিক্যাল ব্যারিয়ার থাকে এবং সিগন্যালযুক্ত সংযোগস্থলে সাইন দেওয়া থাকে, যেমন **বাম দিকে যাওয়া নিষেধ বা ইউ-টার্ন করা নিষেধ ও সব টার্ন নিতে হবে ডান দিকের লেন থেকে**। এই পরিস্থিতিতে, রাস্তাকে জগহ্যান্ডলের মতো করা হয় যাতে বাম দিকে টার্ন নেওয়া যেতে পারে। সামনে থেকে আসা ট্রাফিকের বরাবরে সরাসরি বাম দিকে টার্ন নেওয়ার বদলে আপনি ডান দিকে টার্ন নেওয়া লেন ব্যবহার করবেন যা পিছন দিকে বাঁক নিয়ে ট্রাফিক লাইটে বড় রাস্তায় গিয়ে মিশবে তখন বাম দিকে টার্ন নেবেন।
- **বৃত্তাকার সংযোগস্থল** - রাউন্ডআবাউট এবং ট্রাফিক সার্কেল হলো গোলাকার সংযোগস্থল, যেখানে ট্রাফিক ঘড়ির কাঁটার উল্টো দিকে চলে, এর ফলে রাউন্ডআবাউটের মধ্যে ঢোকান কিংবা বের হওয়ার সব মোড় ডান দিকেই নেওয়া হয়। এ রকম করলে মুখোমুখি সংঘর্ষ, বাম দিকে টার্ন নেওয়া ও রাইট-অ্যাঙ্গল ক্র্যাশের ঝুঁকি দূর করা যায়। রাউন্ড-অ্যাবাউটে বিশেষ নিয়ম ও বিশেষ ডিজাইন থাকে, তাই এগুলো ট্রাফিক সার্কেলের চেয়ে আলাদা হয়।



আমরা এই বিষয়ের উপর গুরুত্ব দেব যে রাউন্ড-অ্যাবাউটকে কী ভাবে ব্যবহার করতে হয়, এই ধরনের বৃত্তাকার ক্রসিংগুলোকে বড়, পুরনো দিনের ও হাই-স্পিড ট্রাফিক সার্কেলের বদলে বসানো হচ্ছে নানা জায়গায়, মূলত সুরক্ষা ও অপারেশনের দিক দিয়ে এগুলোর নানা সুবিধা আছে বলেই এগুলো ট্রাফিক সিগন্যাল থাকা ক্রসিংয়ের জায়গায় চলে আসছে। রাউন্ড-অ্যাবাউটকে কখনও-কখনও ইন্টারচেঞ্জের র‍্যাম্পের শেষে বসানো হয়।

রাউন্ডআবাউটে প্রতিটি প্রবেশপথে পথ ছাড়ান সাইন দেওয়া থাকে এবং প্রতিটি প্রবেশপথের রাস্তায় পথ ছাড়ান লাইন আঁকা থাকে। বেশিরভাগ রাউন্ডআবাউটে প্রবেশপথের কাছে একটি গন্তব্য নির্দেশক সাইন থাকে, যা দেখে আপনি বুঝতে পারবেন কোন রাস্তা আপনাকে কোথায় নিয়ে যাবে।



আপনি কি জানতেন?

রাউন্ড-অ্যাবাউটে বেশির ভাগ ক্র্যাশের ঘটনার জন্য দায়ী সেই সব চালক যারা এখানে প্রবেশ করার আগে অন্য গাড়িকে পথ ছেড়ে দিতে ভুলে যান।

কী ভাবে বৃত্তাকার ক্রসিং ব্যবহার করতে হয়

প্রবেশের পথে এগিয়ে যাওয়া এবং প্রবেশ করা:

1. রাউন্ডআবাউটের কাছে আসার সময় গতি কমিয়ে দিন এবং ক্রসওয়াকে থাকা পথচারীদের পথে ছেড়ে দেওয়ার জন্য প্রস্তুত থাকুন।
2. পথ ছেড়ে দিন লাইনের কাছে গিয়ে থামুন, বামের দিকে দেখে রাউন্ডঅ্যাবাউটের ভেতরে আসা গাড়িগুলোর গতি বুঝে নিন, চলমান ট্রাফিকের অগ্রাধিকার রয়েছে।
3. ট্রাফিকে পর্যাপ্ত গ্যাপ থাকলে রাউন্ড-অ্যাবাউটে এন্টার করবেন।

রাউন্ড-অ্যাবাউট থেকে বেরিয়ে যাওয়া:

1. রাউন্ডআবাউটে ঢুকে পড়ার পর, আপনার নির্ধারিত বেরিয়ে আসার পয়েন্ট পর্যন্ত ঘড়ির কাঁটার বিপরীত দিকে এগিয়ে যান। এখন আপনার অগ্রাধিকার রয়েছে।
2. এক্সিটের কাছে এলে, ডান দিকের টার্ন সিগন্যাল ব্যবহার করুন।
3. ক্রসওয়াকে পথচারী আছেন কি না দেখে নিন, থাকলে তাদের রাস্তা ছেড়ে দিতে প্রস্তুত থাকুন।
4. রাউন্ড-অ্যাবাউট থেকে বেরিয়ে যান।

এসবের জন্য প্রস্তুত থাকুন:

ইমার্জেন্সি গাড়ি- ইমার্জেন্সি গাড়ি আসতে থাকলে রাউন্ড-অ্যাবাউটে প্রবেশ করবেন না, এক সাইডে চলে যাবেন। রাউন্ড-অ্যাবাউটে থাকলে সঙ্গে-সঙ্গে সেখান থেকে বেরিয়ে এক সাইডে চলে যাবেন। রাউন্ড-অ্যাবাউটে কখনও থামবেন না। সাইকেল আরোহী- সাইকেল আরোহীরা রাউন্ড-অ্যাবাউটকে বাহন বা পথচারী হিসাবে ব্যবহার করতে পারেন। যানবাহন হিসেবে চলাচল করলে, তখন তারা ঠিক একই নিয়ম অনুসরণ করবেন। রাউন্ডআবাউটে যখন সাইকেল চালক যানবাহনের মতো আচরণ করছেন, তখন কখনোই তাদের ওভারটেক করবেন না। পথচারী- মোটরচালকরা যখন রাউন্ড-অ্যাবাউটে প্রবেশ করবেন বা এখান থেকে বেরিয়ে যাবেন তখন তাঁরা পথচারীদের পথ ছেড়ে দেবেন। পথচারীরা রাউন্ডআবাউটের প্রতিটি অংশ পার হওয়ার জন্য ক্রসওয়াক এবং স্প্লিটার আইল্যান্ড ব্যবহার করবেন।

বাঁক সামলানো

বাঁক সম্পর্কে সবচেয়ে জরুরি যে কথাটা জানতে হবে তা হল এই যে, এখানে পদার্থ বিজ্ঞানের নিয়মগুলোকে অগ্রাহ্য করা যায় না। গাড়িগুলো ভারী হয় এবং এগুলোতে প্রচুর জড়তা থাকে। এর মানে, যদি আপনি বাঁকে অতিরিক্ত গতিতে গাড়ি চালান, তাহলে আপনার গাড়ি সোজা চলতে থাকবে এবং বাঁকের দিকে ঘুরবে না, যতই আপনি সেটাকে ঘোরানোর বা গতি কমানোর চেষ্টা করুন। হয় আপনি রোড থেকে বেরিয়ে যাবেন (বাম দিকে বেঁকে যাওয়া বাঁক ধরে) বা ট্র্যাফিকের অন্য লেনে চলে যাবেন (ডান দিকে বেঁকে যাওয়া বাঁক ধরে)। এরকম হওয়ার জন্য আপনাকে খুব জোরে যেতে হবে না। যদি বাঁকটি খুব তীক্ষ্ণ হয় বা রাস্তা ভেজা কিংবা বরফে ঢাকা থাকে, তবে গতি আরও বেশি কমানোর প্রয়োজন হয়।

কিশোরদের দুর্ঘটনা সম্পর্কিত তথ্য
পেনসিলভেনিয়ায় 16 বছর বয়সী চালকদের ক্ষেত্রে সবচেয়ে বেশি যে ধরনের গাড়ি দুর্ঘটনা ঘটে তা হল **সিঙ্গেল ভেইকল, রাস্তা থেকে ছিটকে গিয়ে দুর্ঘটনা**। 2013 থেকে 2017 পর্যন্ত 3,291টি দুর্ঘটনা ঘটেছে এবং 20 জনের মৃত্যু হয়েছে




ছবি: পেনসিলভেনিয়া স্টেট পুলিশ।

বাঁকে নিয়ন্ত্রণ রাখতে হলে আপনাকে গতি কমাতেই হবে। এটা করতে হবে বাঁকে ঢোকান আগেই।

বাঁকের দিকে এগোতে-এগোতে আপনি সাধারণত হলুদ রঙের ডায়মন্ড ওয়ার্নিং সাইন দেখতে পাবেন। সেটা দিয়ে বোঝানো হয় যে রাস্তা কী ভাবে বাঁক নিচ্ছে। রাস্তা যদি 90 ডিগ্রি কোণ করে বেঁকে গিয়ে থাকে, তাহলে আয়তাকার হলুদ সাইন হয়তো দেখতে পাবেন যাতে বড় একটি তীর বাঁ বা ডান দিকে ইঙ্গিত করছে। কিছু-কিছু তীক্ষ্ণ বাঁকে পুরো টার্ন জুড়ে শেড্রন ওয়ার্নিং সাইন থাকতে পারে, যা বিশেষ করে রাতে বা কম দৃশ্যমানতার সময় খুবই সহায়ক। অধ্যায় 2-এ দেখানো বিভিন্ন ধরনের বাঁক সতর্কতামূলক সাইনগুলি একবার দেখে নিন।

বাঁকে সুরক্ষিত ভাবে গাড়ি চালিয়ে নিয়ে যাওয়ার নিয়ম:

1. ডান দিকে বাঁক নেওয়ার সময় লেনের সেন্টারের সামান্য ডান পাশে থাকুন এবং বাঁ দিকে বাঁক নেওয়ার সময় লেনের মাঝখানে থাকুন।
2. বাঁক যত তীক্ষ্ণ হবে, ততই আপনাকে নিজের স্পিড কমাতে হবে।
3. উল্টো দিক দিয়ে ট্রাফিক আসছে কি না নজর রাখুন। একটি দ্রুতগামী গাড়ি সহজেই আপনার লেনে ঢুকে পড়তে পারে।
4. গাড়ি ঘোরানোর নির্দেশনার জন্য সামনে তাকান এবং বাঁকের ভেতরের প্রান্তের দিকে নজর রাখুন। যদি একাধিক বাঁক থাকে, তাহলে যতদূর পর্যন্ত দেখা যায় প্রতিটি বাঁকের ভেতরের প্রান্তের দিকে নজর দিন।



হাইওয়ে এবং ইন্টারচেঞ্জ পরিচালনা করা

হাইওয়েতে গুরুতর দুর্ঘটনা সবচেয়ে বেশি হয় কারণ সেখানে উচ্চ গতিতে গাড়ি চলাচল করে। বিশেষ করে ইন্টারচেঞ্জের কাছে, লেন পরিবর্তনের সময় অথবা যখন যানজটের কারণে হঠাৎ করে ট্রাফিকের গতি কমে যায় বা থেমে যায়, তখন দুর্ঘটনার ঝুঁকি সবচেয়ে বেশি থাকে।

হাইওয়েতে প্রবেশ করা

হাইওয়েতে প্রবেশ করার সময় প্রথম গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত হলো নিশ্চিত হওয়া যে তুল করে বেরিয়ে যাওয়ার র‍্যাঙ্কে না ঢুকে পড়েন এবং অন্য ট্রাফিকের মুখোমুখি না হন। বেরিয়ে যাওয়ার র‍্যাঙ্কে এইসব চিহ্ন দেওয়া থাকবে, **ওয়ান ওয়ে** সাইন সেই সঙ্গে **প্রবেশ নিষেধ ও তুল পথ** সাইন থাকবে। কখনও কখনও, কিন্তু সবসময় নয়, প্রবেশ র‍্যাঙ্কে **হাইওয়েতে প্রবেশ** লেখা একটি সবুজ সাইন থাকতে পারে। আপনি যদি নিজের ডান দিকে সাদা লাইন ও বাম দিকে হলুদ লাইন দেখেন, তাহলে আপনি ঠিক দিকে যাচ্ছেন।

কিছু-কিছু হাইওয়েতে প্রবেশ ও প্রস্থান খুব কাছাকাছি থাকে, এই দুয়ের মাঝখানে খুব সামান্য "উইভিং লেন" থাকে। হাইওয়েতে ঢোকা ও বের হওয়ার যানবাহনকে একই ওয়েভিং লেন ভাগ করে নিতে হয়। এতে বিপদ হতে পারে যদি দুই(২) জন চালক একই সময়ে একই জায়গা ব্যবহার করতে চান। আপনি যদি হাইওয়েতে প্রবেশকারী চালক হন, তাহলে প্রস্থানকারী চালককে পথ ছেড়ে দেবেন। হাইওয়ের প্রবেশ র‍্যাঙ্কে প্রায়শই অ্যাক্সিলারেশন লেন থাকে। এই লেনগুলি মূল ট্রাফিক লেনের পাশে চলে এবং এটাই চালকদের ট্রাফিকের গতি অনুযায়ী গাড়ির গতি বাড়ানোর সুযোগ দেয়, যাতে তারা হাইওয়েতে ঢোকানোর আগে প্রয়োজনীয় স্পিডে পৌঁছতে পারে। প্রবেশ র‍্যাঙ্কে গাড়ি চালানোর সময় খালি জায়গা খুঁজতে আপনার কাঁধের ওপর দিয়ে এবং সাইড মিররে নজর রাখুন।

হাইওয়ে থেকে বেরিয়ে আসা

বেরিয়ে আসার জন্য যথাসময়ে সঠিক লেনে চলে আসুন। বেরিয়ে আসা লেনে যাওয়ার আগে গতি কমাবেন না। আপনি নিজের বেরিয়ে আসার রাস্তা মিস করলে, পরেরটা ধরুন। হাইওয়েতে থামবেন না বা পিছন দিকে যাবেন না। শেষ মুহূর্তে বেরিয়ে আসার জন্য বিভিন্ন লেন বরাবর বাঁক নেবেন না। মধ্যবর্তী ডিভাইডার অতিক্রম করে ঘুরে যাওয়ার চেষ্টা করবেন না। এসব কৌশল বৈধ নয় এবং এগুলো আপনার স্বাস্থ্য ও সুরক্ষার পক্ষে অত্যন্ত বিপত্তিকর হতে পারে। বেরিয়ে আসার র‍্যাঙ্কে ওয়ানিং সাইন থাকে আপনাকে সর্বাধিক নিরাপদ গতি সম্পর্কে জানানোর জন্য।

হাইওয়েতে সফর

হাইওয়েতে যে সকল মারাত্মক দুর্ঘটনা ঘটে, তার অর্ধেকই অতিরিক্ত গতি এবং/অথবা চালকের ক্লাস্তির কারণে গাড়ি রাস্তা থেকে ছিটকে পড়ার ফলে ঘটে- **65 মাইল প্রতি ঘণ্টা হল প্রায় 100 ফুট প্রতি সেকেন্ডে - এক (1) সেকেন্ডেরও কম সময় লাগে রাস্তা থেকে ছিটকে পড়তে।**

হাইওয়েতে ধীরগতির গাড়িকে ওভারটেক করতে হলে, একবারে একটি লেন পরিবর্তন করুন। প্রতিবার লেন পরিবর্তনের সময় টার্ন সিগন্যাল ব্যবহার করুন এবং এটি এমন সময়ে দিন, যাতে অন্যান্য চালকরা স্পষ্টভাবে দেখতে পারেন।

আপনি যদি দেখেন যে একটি অন-র‍্যাঙ্কে কোনও গাড়ি হাইওয়েতে প্রবেশ করছে, তাহলে সাধারণ সৌজন্য হল লেন বদলানো যাতে ওই চালক বেশি সহজে হাইওয়েতে প্রবেশ করতে পারেন। যদিও প্রবেশ করা ওই চালকের উচিত আপনাকে রাইট-অব-ওয়ে দিয়ে দেওয়া, তবু আপনার তরফ থেকে ওই সৌজন্য দেখানো হলে ট্রাফিক মসৃণ ভাবে এগোতে থাকবে। তবে, প্রথমে এ ব্যাপারে নিশ্চিত হতে চেক করে নিতে হবে যে আপনার গাড়ির চার পাশে তা ক্রিয়ার আছে কি না।

হাইওয়েতে গাড়ি চালানোর আরও একটা ঝুঁকি হল "হাইওয়ে হিপনোসিস"-এর জন্য মনোযোগ বিচ্ছিন্ন হওয়া, এ রকম হয় যখন আপনি রাস্তায় অনেক ক্ষণ ধরে সোজা সামনের দিকে তাকাতে থাকেন এবং সক্রিয় ভাবে আপনার গাড়ির সামনে, পিছনে ও চার পাশে স্ক্যান করা বন্ধ করে দেন। আপনার যদি এভাবে "মনোযোগ হারিয়ে যায়", তবে সামনে ধীরে চলা বা থেমে থাকা গাড়িকে ধাক্কা মারার সম্ভাবনা খুবই বেশি থাকে। হাইওয়েতে মারাত্মক যেসব দুর্ঘটনা হয়, সেগুলোর মধ্যে 20 শতাংশই হয় পিছন থেকে ধাক্কা মারার ফলে। চালকের অসাবধানতা এবং খুব কাছাকাছি গাড়ি চালানোর অভ্যাসই বেশিরভাগ দুর্ঘটনার জন্য দায়ী।

পার্কিং

যদি রাস্তার পাশে ফুটপাথের কিনারা থাকে, তাহলে যতটা সম্ভব এর কাছে গাড়ি পার্ক করুন, কিন্তু 12 ইঞ্চির বেশি দূরে নয়। যদি ফুটপাথের কিনারা না-থাকে, তাহলে যত দূর সম্ভব রাস্তা থেকে দূরে চলে যাবেন।

আপনাকে যখন রাস্তায় পার্ক করতে হবে, তখন আপনার ফোর-ওয়ে ফ্ল্যাশার ব্যবহার করবেন এবং পাশ কাটিয়ে যাওয়া গাড়িগুলোকে পর্যাপ্ত জায়গা ছেড়ে দেবেন। এটা নিশ্চিত করবেন যে আপনার গাড়ি যেন উভয় দিক দিয়ে অন্তত 500 ফুট থেকে দেখা যেতে পারে।

ট্রাফিক যেদিকে চলছে সব সময় সেদিকেই পার্ক করবেন। নিশ্চিত করুন যে আপনার গাড়ি চলতে না পারে। পার্কিং ব্রেক সেট করুন এবং যদি আপনার গাড়িতে অটোমেটিক শিফট থাকে, তবে "পার্ক" মোডে রাখুন, আর যদি ম্যানুয়াল শিফট থাকে, তবে




"রিভার্স" বা "প্রথম গিয়ার"-এ রাখুন। আপনি যদি পাহাড়ে পার্ক করে থাকেন, তাহলে ডায়াগ্রামে দেখানোর মতো করে আপনার হুইলকে ঘোরান। আপনার গাড়িকে যখন কার্ব থাকা বা না-থাকা ডাউনহিলে পার্ক করাবেন, তখন আপনি অবশ্যই আপনার স্টিয়ারিং হুইলকে ঘোরাবেন যাতে আপনার হুইল পুরোপুরি ডান দিকে থাকে।

ইমার্জেন্সি ছাড়া বা পুলিশ অফিসার আপনাকে না-বললে কখনই নিম্নলিখিত স্থানগুলোতে আপনার গাড়িকে থামাবেন না, স্ট্যান্ড করাবেন না বা পার্ক করাবেন না:

- রাস্তার ধারে বা ফুটপাথের কিনারার পাশে আগে থেকেই দাঁড়িয়ে থাকা বা পার্ক করা গাড়ির পাশে আরেকটি গাড়ি পার্ক করা (ডাবল পার্কিং)।
- ফুটপাথের ওপরে।
- সংযোগস্থলের মধ্যে।
- ক্রসওয়াকে।
- যে-কোনও খোঁড়া রাস্তা বা ওয়ার্ক এরিয়া বরাবর বা তার বিপরীতে।
- যে কোনও ব্রিজে বা অন্যান্য উঁচু রাস্তা বা কোনও হাইওয়ে টানেলে।
- যে কোনও রেললাইনের ট্র্যাকে।
- ডিভাইডেড হাইওয়ের দুই রাস্তায়, যার মধ্যে ক্রসওভার অন্তর্ভুক্ত।
- রেলরোড ক্রসিংয়ের নিকটতম রেলের 50 ফুটের মধ্যে।
- এমন যে-কোনও জায়গায় যেখানে পার্কিং নিষিদ্ধ করার অফিসিয়াল সাইন আছে।
- এমন যে-কোনও জায়গায় যেখানে গাড়ি থামানো নিষিদ্ধ করার অফিসিয়াল সাইন আছে।
- পাবলিক বা প্রাইভেট ড্রাইভওয়ের সামনে।
- ফায়ার হাইড্র্যান্টের 15 ফুটের মধ্যে।
- সংযোগস্থলের ক্রসওয়াক থেকে 20 ফুটের মধ্যে।
- রাস্তার পাশে থাকা যেকোনো ফ্ল্যাশিং সিগন্যাল, স্টপ সাইন, ইয়েল্ড সাইন বা ট্রাফিক নিয়ন্ত্রণ ডিভাইসের 30 ফুটের মধ্যে।
- কোনও ফায়ার স্টেশনের ড্রাইভওয়ে প্রবেশপথের 20 ফুটের মধ্যে।
- যেখানে আপনার গাড়ি দাঁড় করালে কোনও স্ট্রিট কারকে অবাধে চলাচল করতে বাধা দেয়।
- সীমিত প্রবেশাধিকারযুক্ত হাইওয়েতে, যদি না কোনো অফিসিয়াল ট্রাফিক সাইন পার্কিংয়ের অনুমতি দেয়।

সরাসরি লাইনে পার্কিংয়ের টিপস



আপনি যে-রাস্তায় আছেন সেখানে কার্ব থাকলে, আপনি যতটা সম্ভব তার কাছে পার্ক করাবেন, তবে 12 ইঞ্চির চেয়ে বেশি দূরে নয়। যদি কোনো কার্ব না থাকে, তাহলে যতটা সম্ভব রাস্তা থেকে দূরে সরে গাড়ি পার্ক করুন।

গাড়ি থেকে নামার আগে ইঞ্জিন বন্ধ করুন, চাবি বের করে নিন এবং সব দরজা লক করে দিন। গাড়ি থেকে বের হওয়ার আগে পিছনে ট্রাফিক আছে কি না দেখে নেবেন।

আমাদের PennDOT Parallel Parking Training ভিডিও দেখার জন্য নীচের লিঙ্কে ক্লিক করুন।

<https://www.youtube.com/watch?v=iZs-q6PmC7E>

বিশেষ পরিস্থিতি ও জরুরি অবস্থা

পরের পৃষ্ঠাগুলোতে আপনাকে এই তথ্য দেওয়া হবে যে, হাইওয়ে ওয়ার্ক জোন, রেলরোড ক্রসিং, পথচারী, সাইকেল আরোহী, ট্রাকের, বাসের বা ইমার্জেন্সি গাড়ির সামনে পড়ে যাওয়ার মতো বিশেষ পরিস্থিতিগুলোতে আপনি কী করে সুরক্ষিত ভাবে গাড়ি চালাবেন এবং গাড়ি দুর্ঘটনার ঝুঁকি কমাবেন এছাড়াও রোড রেজ ও বিভিন্ন ড্রাইভিং ইমার্জেন্সি মোকাবেলার সময় কীভাবে নিরাপদ থাকবেন, তাও এখানে উল্লেখ থাকবে।

মোটর চালকরা যাতে নিজেদের ট্রিপের প্ল্যান করে নিতে পারেন তার জন্য বিশেষ ইভেন্ট ও জরুরি পরিস্থিতি সম্পর্কে তথ্য কাজে আসে। মোটরচালকরা এই তথ্য ব্যবহার করে অপ্রীতিকর বিলম্ব বা নিরাপদ নয় এমন রাস্তার পরিস্থিতি এড়াতে পারেন এবং ভ্রমণের আগে মিডিয়া, যেমন www.511PA.com চেক করে দেখে নিতে পারেন যে তাদের রুট পরিষ্কার আছে কি না।

ওয়ার্ক জোন

ওয়ার্ক জোন বা কাজের অঞ্চল হলো এমন সব জায়গা যেখানে নির্মাণ, রক্ষণাবেক্ষণ বা ইউটিলিটি ওয়ার্কের মতো কাজগুলো হয় এবং এগুলোকে কমলা রঙের চ্যানেললাইজিং ডিভাইস দিয়ে চিহ্নিত করে রাখা হয়, যেমন শঙ্কু বা অন্যান্য অস্থায়ী ট্র্যাফিক কন্ট্রোল ডিভাইস। আপনি হয়তো কোনও ফ্ল্যাগারকে দেখতে পাবেন যিনি ট্র্যাফিক চালনা করছেন এবং রিফ্লেক্টিভ পোশাক পরে আছেন। কোনও ওয়ার্কিং জোনের দিকে এগিয়ে যাওয়ার অন্তত 200 ফুট আগে ওয়ার্নিং সাইন, অ্যাডভান্স ওয়ার্নিং ভেইকল, বা বিভিন্ন ধরনের মেসেজ বোর্ড রাখা থাকতে পারে। প্রথম সাইনটি দেখলেই রাস্তায়, যানবাহনে, সরঞ্জামে এবং আশেপাশে থাকা মানুষদের প্রতি বিশেষভাবে মনোযোগ দিন। কোনও কোনও ওয়ার্ক জোনে পেনসিলভেনিয়ার স্টেট পুলিশ থাকে।

লাইন পেন্টিং, ক্র্যাক সিলিং ও মোয়িং ইত্যাদি মুভিং অপারেশনের সময় কখনও কখনও শ্যাডো ভেইকল ব্যবহার করা হয় অপারেশনের পিছনে যাতে মোটর চালকদের সতর্ক করা যায় যে সামনে ওয়ার্ক জোন আছে এবং সেই ভেইকলটি ক্রু-র সুরক্ষা হিসাবেও কাজ করে। আপনাকে বলা না-হলে চলমান কাজের গাড়ি অতিক্রম করবেন না।

অ্যাক্টিভ ওয়ার্ক জোন মানে হল যেখানে শ্রমিকরা রাস্তার ধারে বা তার কাছাকাছি থাকেন। **সর্বদা খেয়াল রাখুন নির্মাণ শ্রমিক আছেন কি না** এবং অস্বাভাবিক পরিস্থিতির জন্য প্রস্তুত থাকুন যেমন, সরু লেন, এবডো-খেবডো রাস্তা, অসমান গলি ও হঠাৎ লেন পরিবর্তন।

ওয়ার্ক জোনে চালকরা কর্মীদের ও নির্মাণ কাজের গাড়িগুলোকে অবশ্যই অগ্রাধিকার দেবেন। এই সব জায়গা দিয়ে যাওয়ার সময় আইন অনুযায়ী আপনাকে নিজের গাড়ির শুধু ডেটাইম রাইনিং লাইট নয়, হেডলাইটও অন রাখতে হবে। অ্যাক্টিভ ওয়ার্ক জোনে আপনি হেডলাইট ব্যবহার না-করলে আপনার থেকে ফাইন নেওয়া হতে পারে। এ ছাড়াও, অ্যাক্টিভ ওয়ার্ক জোনে আরও কিছু নিয়ম লঙ্ঘন করলে, যেমন স্পিডে গাড়ি চালালে, ফাইন দ্বিগুণ করা হয়। সেই সঙ্গে, এমনও কিছু নিয়ম আছে যা লঙ্ঘন করলে চালকের লাইসেন্সই সাসপেন্ড হয়ে যেতে পারে।

ওয়ার্ক এরিয়া জোনে ও তার কাছে সুরক্ষিত ভাবে গাড়ি চালানো সম্পর্কিত একটি নতুন ভিডিও:

<https://www.penndot.gov/TravelInPA/Safety/TrafficSafetyAndDriverTopics/WorkZone>.

এই ভিডিও সেই স্কুলেও উপলভ্য করা হয়েছে যেখানে ড্রাইভার এডুকেশন কোর্স আছে।

ওয়ার্ক জোনের কাছে গেলে ধীরগতির বা থেমে থাকা ট্র্যাফিকের জন্য প্রস্তুত থাকুন, এবং সুরক্ষার এই নিয়মগুলো মনে চলুন:

- নিজের ট্রিপের প্ল্যান করে নিন। ওয়ার্ক জোনের আশেপাশে থাকা বিকল্প রুট বেছে নিলে আপনি সফরের বিলম্ব হওয়া এড়াতে পারবেন।
- ওয়ার্ক জোনে আপনার ক্রুজ কন্ট্রোল ব্যবহার করবেন না।
- আপনার ফলোয়িং ডিসটেন্সকে দ্বিগুণ রাখুন; ওয়ার্ক জোনগুলোতে সবচেয়ে বেশি যে ধরনের দুর্ঘটনা হয়, তা হল পেছন থেকে ধাক্কা লাগা।
- আপনি যখনই এই মেসেজ দেখবেন যে আপনার লেন সামনে বন্ধ আছে তখনই লেন বদলে ফেলুন।
- ওয়ার্ক জোনে সোজা সাদা লাইন ক্রস করবেন না; নিজের লেনেই থাকবেন।
- ওয়ার্ক জোনের মধ্য দিয়ে ড্রাইভ করার সময় সাবধানে এগোবেন এবং সেফ স্পিডে এগোতে থাকবেন; রাস্তায় হতে থাকা কাজ দেখার জন্য গাড়ি স্লো করবেন না বা থামাবেন না।
- কর্মীদের থেকে রাস্তার দিক জানার জন্য ওয়ার্ক জোনের মধ্যে গাড়ি থামাবেন না।
- ফ্ল্যাগারদের মনে চলুন- তাঁদের অধিকার চিরাচরিত ট্র্যাফিক কন্ট্রোল নিয়মেরও উর্ধ্ব।

মনে রাখবেন: ওয়ার্ক জোন ফ্ল্যাগাররা পুলিশ অ্যারেস্ট ফর্ম ব্যবহার করে অসুরক্ষিত মোটর চালক, স্পিডার, ও আগ্রাসী চালকদের বিষয়ে রিপোর্ট করতে পারেন।

আপনি কি জানতেন?

প্রত্যেক বছর মার্কিন যুক্তরাষ্ট্রের বিভিন্ন ওয়ার্ক জোনে গাড়ি দুর্ঘটনার ফলে হাইওয়ে ওয়ার্কার ও মোটর চালক মিলিয়ে প্রায় 40,000 জন মানুষ আহত বা নিহত হন। ওয়ার্ক জোনগুলোতে ট্র্যাফিক দুর্ঘটনার প্রধান কারণগুলো হল অসাবধানতা ও দ্রুতগতি।

রেল রোড ক্রসিং

বেশিরভাগ রেলক্রসিংয়ে শুধু আগাম সতর্কবার্তা সাইন আর ক্রসবাক চিহ্ন দিয়েই নিরাপত্তা ব্যবস্থা থাকে। বেশির ভাগ ক্রসিংয়ে ট্রাফিক থামানোর জন্য গেট থাকে না। সমস্ত রেল রোড ক্রসিংয়ের দিকে এগোনোর সময় আপনাকে অবশ্যই বিশেষ ভাবে সতর্ক থাকতে হবে।

বেশি ট্রেন চলাচল করে না এমন পরিচিত ক্রসিংই সবচেয়ে বিপজ্জনক হয়। আপনি এই ধরনের ক্রসিং প্রায়ই ব্যবহার করার সময় যদি কোনও ট্রেন দেখতে না-পান, তখন আপনি ভাবতে শুরু করেন যে এখানে ট্রেন আসেই না; এমন ভাবনা বিপজ্জনক হতে পারে।

রেলপথ ক্রসিংয়ে এই কথাগুলো মনে রাখবেন:

- রেলপথ ক্রসিংয়ের দিকে এগোনোর সময় বাম দিকে, ডান দিকে তার পর ফের বাম দিকে তাকাবেন। ক্রসিং অ্যাক্টিভ থাকলে এবং সিগন্যাল ফ্ল্যাশ না-করলে এগুলো করুন- কেননা, সিগন্যাল হয়তো কাজ করছে না।
- আপনি যদি একাধিক ট্র্যাক থাকা রেলপথ ক্রসিংয়ে থেমে আছেন, তাহলে ট্রেন চলে যাওয়ার পরে-পরেই গাড়ি স্টার্ট দেবেন না। দুই দিকের ট্র্যাক স্পষ্টভাবে দেখতে পাওয়ার পরই রাস্তা পার হতে শুরু করুন। একটাই (1) ট্র্যাক থাকলেও ট্রেন চলে যাওয়ার সঙ্গে-সঙ্গে পার হতে শুরু করবেন না, দেখে নিন আরও কোনও ট্রেন আসছে কি না।
- কোনও রেলপথ ক্রসিংয়ের দিকে এগোনোর সময় বা ক্রসিংয়ে ঢোকানোর সময় কখনও কাউকে পার করে যাবেন না।
- কোনও গাড়ি যদি ট্র্যাক ক্রস করে তাহলে তাকে চোখ-কান বুঝে অনুসরণ করবেন না। আপনি যদি অন্য গাড়িকে অনুসরণ করেন, তাহলে দেখে নিন ট্র্যাকে গাড়ি চালানোর আগে সামনে যথেষ্ট রাস্তা পাওয়া যাচ্ছে কি না। আপনার সামনে ট্রাফিক স্লো থাকলে, ক্রস করার আগে তা ক্লিয়ার হওয়ার অপেক্ষা করুন। কখনও যেন ট্র্যাকে আটকা না-পড়েন।
- আপনি যদি ভুল করে রেলপথ ক্রসিংয়ে আটকা পড়ে যান এবং দেখেন যে ট্রেন এগিয়ে আসছে, তাহলে নিজের গাড়ি থেকে বেরিয়ে পড়বেন এবং ট্র্যাক থেকে যতখানি সম্ভব দূরে চলে যাবেন।

আপনি কি জানতেন?

আমেরিকায় গড়ে প্রতি দেড় ঘণ্টায় একটা ট্রেন কোনো গাড়ি বা পথচারীর সঙ্গে ধাক্কা খায়। ট্রেনের সঙ্গে দুর্ঘটনায় পড়লে মৃত্যুর আশঙ্কা সাধারণ গাড়ি দুর্ঘটনার তুলনায় 40 গুণ বেশি।

পথচারী, সাইকেল আরোহী, ও মোটর সাইকেল আরোহী ও মোপেড আরোহীদের সঙ্গে মিলে মিশে রাস্তা ব্যবহার করা

একজন বাহন চালক হিসাবে পথচারীরা ও সাইকেল আরোহীরা আপনার সম্মান পাওয়ার যোগ্য। এই ধরনের মানুষদেরই দুর্ঘটনায় আহত হওয়ার আশঙ্কা বেশি থাকে, কিন্তু তাদেরও পাবলিক রোড ব্যবহার করার অধিকার ততটাই যতটা আপনার। নীচে দেওয়া সুরক্ষা পরামর্শগুলো মনে রাখবেন।

পথচারী

- সংযোগস্থল বা ক্রসওয়াক ক্রস করছেন যে পথচারীরা তাঁদের রাস্তা ছেড়ে দিন।
- লাল সিগন্যালে ডানদিকে টার্ন অর্থ হলো থামা, সব দিকে ভালোভাবে দেখা, তারপর নিরাপদ মনে হলে টার্ন নেওয়া। পথচারী আছেন কি না দেখে নিন, তাঁদেরকে ক্রসওয়াক পার করার জন্য পর্যাপ্ত সময় দিন।
- গতি কমান এবং যেখানে শিশুরা উপস্থিত থাকে সেখানে অতিরিক্ত সতর্কতা অবলম্বন করুন। তারা হয়তো বিপদ আঁচ না-ও করতে পারে এবং কোথাও না-তাকিয়েই আপনার দিকে ছুটে আসতে পারে।
- স্কুল জোনের গতি সীমা মেনে চলুন এবং যখন স্কুল বাসের লাল সিগন্যাল জ্বলে তখন থামুন। স্কুল জোন ও স্কুল বাস স্টপগুলোতেই বাচ্চাদের ভিড় বেশি থাকে।
- বয়স্ক পথচারী এবং শারীরিক প্রতিবন্ধী পথচারীদের প্রতি ধৈর্যশীল হোন। রাস্তা পার করার জন্য তাঁরা বেশি সময় নিয়ে থাকেন।
- পিছনে যাওয়ার আগে সব সময় দেখে নিন আপনার রাস্তায় কোনও পথচারী আছেন কি না।
- অন্ধ পথচারীদের সঙ্গে সাদা ছড়ি বা গাইড কুকুর থাকলেও বা তাঁদের পথ দেখিয়ে নিয়ে যাওয়ার লোক থাকলেও তাঁদেরকে পথ ছেড়ে দিন (গাড়ি স্লো করবেন এবং থামানোর প্রস্তুতি নেবেন)
- থেমে থাকা গাড়ির পেছনে গেলে গতি কমান এবং নিশ্চিত না হওয়া পর্যন্ত পাশ কাটিয়ে যাবেন না যে গাড়ির সামনে কোনো পথচারী পার হচ্ছে কি না।
- পথচারীরা যখন আপনাকে দেখতে পাবেন, তখন কোনও সময়েই এবং বিশেষ করে অচিহ্নিত বা মিড-ব্লক লোকেশনে পথচারীদের ট্রাফিকের লাইনে যাওয়ার জন্য হাত ইশারা করা সুরক্ষিত নয়।

সাইকেল আরোহী

সুরক্ষা পরামর্শ (অধিক তথ্যের জন্য অধ্যায় 5 দেখুন)

- সাইকেলের কাছে গেলে বা পাশ কাটানোর সময় গতি কমিয়ে নিরাপদ গতিতে চলুন।
- বাইসাইকেল চালককে অতিক্রম করার পরে, হঠাৎ গতি কমাবেন না বা দ্রুত থামবেন না। হঠাৎ করে গাড়ি থামিয়ে দিলে সাইকেল আরোহী হয়তো আপনার গাড়িতে এসে ধাক্কা খেতে পারেন।
- সাইকেল আরোহীর খুব কাছে গিয়ে হর্ন বাজাবেন না, যদি না দুর্ঘটনা এড়ানোর জন্য তা করার প্রয়োজন হয়।

আরও তথ্যের জন্য পেনসিলভানিয়া বাইসাইকেল ড্রাইভারস্ ম্যানুয়াল (PUB 380) এখানে পাওয়া যেতে পারে:

<http://www.dot.state.pa.us/public/pubsforms/Publications/Pub%20380.pdf>

মোটর সাইকেল আরোহী ও মোপেড চালক

- আইন অনুযায়ী, মোটর সাইকেল আরোহী/মোপেড চালককে পুরো একটা (1) লেন ব্যবহার করতে দিতে হবে।
- বেশিরভাগ মোটরসাইকেল/গাড়ি বা মোপেড/গাড়ির দুর্ঘটনা মোড়গুলোতে ঘটে। সাধারণত, কোনও বাহন যখন কোনও চলমান মোটর সাইকেল/মোপেডের সামনে বাম দিকে বাঁক নেয়, তখন সেই গাড়ির চালকের উচিত অগ্রাধিকার দেওয়া।
- কোনও মোটর সাইকেল/মোপেডের টার্ন সিগন্যাল ফ্ল্যাশ করতে দেখলেই ভাববেন না সেটা টার্ন নেবে। গাড়ির মতো মোটর সাইকেল/মোপেডের টার্ন সিগন্যাল অটোম্যাটিক অফ নাও হতে পারে। যতক্ষণ না দেখছেন কোনও মোটর সাইকেল/মোপেড টার্ন নিচ্ছে ততক্ষণ তার সামনে যাবেন না।
- মোটর চালকের কাছে কোনও বাধা সামান্য মনে হলেও মোটর সাইকেল আরোহী/মোপেড চালকের কাছে তা বিপজ্জনক হতে পারে। মোটর সাইকেল আরোহী/মোপেড চালকরা রাস্তায় কোনও বিপত্তিকে এড়ানোর জন্য আচমকা লেন বা স্পিড বদলানোর চেষ্টা করতে পারেন, তার জন্য প্রস্তুত থাকবেন।
- অন্যান্য গাড়ির ক্ষেত্রে আপনি যে 4 সেকেন্ড বা তার বেশি ফলোয়িং ডিসটেন্স মেনে চলেন তা এখানেও মেনে চলুন। রাস্তা বা আবহাওয়া খারাপ থাকলে, মোটর সাইকেল/মোপেডের পিছনে আপনার অনুসরণ দূরত্ব (following distance) বাড়িয়ে দেবেন।

আমাদের PennDOT Motorcycle Safety ভিডিও দেখার জন্য নীচের লিঙ্কে ক্লিক করুন।

<https://www.youtube.com/watch?v=SZjHD9ilz-o>

ট্রাক ও বাসের সঙ্গে মিলেমিশে পথ ব্যবহার করা

আপনি যখন রাস্তায় কোনও বাহন মানে ট্রাক, বাস বা অন্যান্য বড় যানবাহন থাকা অবস্থায় গাড়ি চালাবেন, তখন সুরক্ষার স্বার্থেই ট্র্যাফিক আইন মেনে চলতে হবে, পথের নিয়মগুলো মানতে হবে এবং রক্ষণাত্মক ভাবে গাড়ি চালাতে হবে। রাস্তায় ট্রাক ও বাস থাকা অবস্থায় গাড়ি চালানোর জন্য বিশেষ কিছু নিয়ম আছে। নীচে কিছু পরামর্শ দেওয়া হল, যেগুলো মেনে চললে আপনার সফর আরও সুরক্ষিত হবে। বেশি নিরাপদ হাইওয়ের চারিকারি হল ট্রাক বা বাসের ব্লাইন্ড স্পট (নো-জোন) জানা। নো-জোন হল ট্রাক ও বাসের চার পাশে থাকা বিপজ্জনক ক্ষেত্র, যেখানে ক্র্যাশ হওয়ার আশঙ্কা সবচেয়ে বেশি থাকে।

ট্রাককে পার করে চলে যাওয়া

একটা সমতল হাইওয়েতে কোনও গাড়ির তুলনায় একটা ট্রাককে পার করতে মাত্র তিন (3) থেকে পাঁচ (5) সেকেন্ড বেশি সময় লাগে। খাড়াই পথে, একটা ট্রাক প্রায়ই তার স্পিড হারিয়ে ফেলে, তাই অন্য কোনও গাড়ির তুলনায় ট্রাককে অতিক্রম করা সহজ হয়। ঢালু রাস্তায় ট্রাকের ভরবেগের কারণে এর গতি বেড়ে যায়, তাই আপনাকে স্পিড বাড়াতে হতে পারে।


যখন কোনও গাড়ি কোনও ট্রাককে পার করার ঠিক পরে-পরেই পুরো সামনে চলে আসে বা আচমকা স্লো হয়ে যায়, তখন তখন ট্রাকচালকদের খুব অল্প সময় ও জায়গার মধ্যে তা সামাল দিতে বাধ্য হতে হয়।

ট্রাকটা যদি আপনার লেনে ঢুকতে শুরু করে, তাহলে নিশ্চিত হয়ে নিন যে পাসিং লেনে আপনার সামনে থাকা গাড়ি ও আপনার গাড়ির মধ্যে যেন অনেকখানি জায়গা থাকে, যাতে আপনি আটকা না-পড়েন তার জন্য। ট্রাকের ব্লাইন্ড স্পটের কাছাকাছি না-থেকে দ্রুত সেটাকে পার করে চলে যান। টার্বুলেন্সের প্রভাব সামলানোর জন্য দুটো হাতই হুইলে রাখবেন। আপনি হয়তো পাসিং লেনের বাম দিকে থাকতে চাইবেন। আপনার পাস যত দ্রুত সম্ভব সম্পূর্ণ করুন এবং অন্য গাড়ির বরাবর থাকবেন না। নিশ্চিত হয়ে নিন যে ট্রাকের সামনের অংশ আপনার রিয়ারভিউ আয়নায় স্পষ্ট দেখা যাচ্ছে, তারপরই পিছিয়ে আসুন। একটা ট্রাককে ওভারটেক করার পর নিজের স্পিডকে ঠিক রাখবেন। কোনো বাঁকানো রাস্তায় অতিক্রম করার আগে ভালোভাবে ভাবুন, কারণ সেখানেই ভুলের সম্ভাবনা এবং সংঘর্ষের ঝুঁকি বেশি থাকে।

তথ্য: কোনও ট্রাককে ওভারটেক করার সময় হাতে অনেকখানি সময় রাখবেন। হাইওয়ে স্পিডে একটা ট্রাককে সুরক্ষিত ভাবে ওভারটেক করতে 30 সেকেন্ড পর্যন্ত সময় লাগতে পারে। ওভারটেক করলে, দ্রুত করবেন। অনবরত ট্রাকের বরাবর থেকে গাড়ি চালাবেন না- এই ভাবে আপনি ট্রাক চালকের ব্লাইন্ড স্পটে থাকেন। ওভারটেক করার পর লেন তখনই বদলাবেন যখন আপনি নিজের রিয়ার ভিউ মিররে ট্রাকের হেডলাইট বা ফ্রন্ট গ্রিল দেখতে পাবেন।

ট্রাক পাসিং

যখন কোনও ট্রাক আপনার গাড়িকে পাশ কাটিয়ে চলে যাবে তখন আপনি নিজের লেনের একেবারে সাইডে থেকে ট্রাক চালককে সাহায্য করতে পারেন। যদি একটু গতি কমিয়ে তারপর একই গতিতে চালান, তাহলে ট্রাক চালকের জন্যও সহজ হবে। ট্রাক আপনাকে ওভারটেক করে যাওয়ার সময় কোনও অবস্থাতেই আপনার স্পিড বাড়াবেন না। যাত্রীবাহী বাহনের তুলনায় ট্রাকের দুই দিকে অনেক বড় নো-জোন থাকে। আপনি যখন এইসব নো-জোনে থেকে গাড়ি চালাবেন, তখন ট্রাক চালক আপনাকে দেখতে পাবেন না। যদি আপনি ট্রাকের ব্লাইন্ড স্পটে থাকেন আর ট্রাক আপনার লেনে ঢুকতে শুরু করে, তাহলে শান্ত থাকুন ও দেখুন আপনার গাড়ি ট্রাকের সামনে ঠিক কোথায় রয়েছে। সংঘর্ষ এড়ানোর জন্য গতি বাড়ানো বা কমানোর সিদ্ধান্ত নিন। সাইডের রাস্তাকে পালানোর পথ হিসেবে বিবেচনা করুন।



যখন কোনও ট্রাককে বিপরীত দিক থেকে আসতে দেখবেন তখন পাশ থেকে ধাক্কা লাগা এড়ানোর জন্য এবং আপনার গাড়ি ও ট্রাকের মধ্যে উইন্ড টার্বুলেন্সকে কমানোর জন্য যতটা সম্ভব সাইডে সরে যান। মনে রাখবেন, উইন্ড টার্বুলেন্স দুটো গাড়িকে দুই দিকে ঠেলে দেয়। দুটো গাড়িকে পাশাপাশি আনে না। আপনার গাড়ি ও সামনের গাড়ির মধ্যে যথেষ্ট ফাঁকা জায়গা রাখুন।

ট্রাককে অনুসরণ করা

ট্রাকের সাইজ এমন হয় যে তার জন্য তাদের থামার সময় বেশি লম্বা জায়গার প্রয়োজন হয়। অবশ্য, কোনও গাড়ি যখন খুব কাছে এসে ট্রাককে অনুসরণ করে তখন সেটা ট্রাকের রিয়ার-এন্ডিং এড়ানোর জন্য খুব দ্রুত থামতে পারে না। আপনি কোনও ট্রাককে অনুসরণ করলে তার নো-জোন থেকে বাইরে থাকুন। খুব কাছ থেকে অনুসরণ করবেন না, বরং আপনার গাড়িটিকে এমনভাবে রাখুন যাতে ট্রাক চালক আপনাকে তাদের সাইড মিররে দেখতে পান। এতে আপনি রাস্তাটা খুব ভাল দেখতে পাবেন এবং ট্রাক চালকও আপনাকে গাড়ি থামানোর জন্য বা টার্ন নেওয়ার জন্য ভাল করে সতর্ক করতে পারবেন। আপনি প্রতিক্রিয়া দেওয়ার এবং সুরক্ষিতভাবে গাড়ি থামানোর জন্য অনেক বেশি সময় পেয়ে যাবেন। কোনও ট্রাক বা বাসকে অনুসরণ করার সময় আপনি যখন আপনার সামনের গাড়ির সাইড মিরর দেখতে পাবেন না, তখন ওই বড় গাড়ির চালকও আপনাকে দেখতে পাবেন না।

পাহাড়ে গাড়ি থামানোর সময় আপনার ও ট্রাকের মধ্যে অনেকখানি জায়গা রাখবেন। ট্রাক চালক ব্রেক থেকে পা সরিয়ে নিলে ট্রাক গড়িয়ে যেতে পারে।

রাতে কোনও ট্রাক বা গাড়িকে অনুসরণ করলে আপনার হেডলাইটের আলো কম করে রাখবেন। ট্রাকের পিছনে থাকা গাড়ির উজ্জ্বল আলো ট্রাকের বড় সাইড মিররে পড়লে এমন ঝলকানি হবে যে ট্রাক চালক কিছুই দেখতে পাবেন না।

তথ্য: ট্রাকের পিছনের ব্লাইন্ড স্পট থেকে নিরাপদে থাকার জন্য অন্তত চার (4) সেকেন্ডের দূরত্ব রাখা দরকার এবং সঠিক দূরত্ব মাপার সহজ উপায় হলো—যখন কোনো ট্রাক রাস্তার পাশে থাকা স্থির কোনো বস্তু পার হয়, তখন গুনতে শুরু করুন: এক হাজার এক, এক হাজার দুই, এভাবে চালিয়ে যান। যখনই আপনার ফ্রন্ট বাস্পার সেই নির্দিষ্ট স্থির বস্তুতে পৌঁছায়, তখন আপনার গণনা "এক হাজার চার"-এ শেষ হওয়া উচিত: আপনি যদি এক হাজার চার হওয়ার আগেই পৌঁছে যান, তার মানে আপনি ট্রাকের পিছনে বেশি কাছে চলে এসেছেন।

টার্ন

ট্রাকের টার্ন সিগন্যালে ভাল করে নজর রাখবেন। ট্রাক চালকদের টার্ন নেওয়ার সময় অবশ্যই বড় জায়গা নিতে হয়, যাতে ট্রাকের পেছনের অংশ বা ট্রাক্টর-ট্রেলারের পেছনের অংশ কোন কোণা বা দাঁড়িয়ে থাকা কোনো বাধা স্পর্শ না করে। কখনও-কখনও অন্য লেনের স্পেসকে কর্নার ক্লিয়ার করার জন্য ব্যবহার করা হয়। ক্র্যাশ এড়ানোর জন্য, টার্নিং পুরো না-হওয়া পর্যন্ত ওভারটেক করবেন না। ফের, টার্ন সিগন্যালে ভাল করে নজর রাখবেন। (নীচের উদাহরণ দেখুন)



তথ্য: ট্রাকগুলি চওড়া টার্ন নেয়। ট্রাক দেখে মনে হতে পারে যে সেটা সোজা যাবে বা বাম দিকে টার্ন নেবে। কিন্তু আসলে তারা ডান দিকে টার্ন নেবে। এই পদ্ধতিটি, যা ট্রাকের ট্রেলারের পাশের ব্লাইন্ড স্পটগুলোর সাথে মিলে যায়, ট্রাক ঘোরার সময় পাশ কাটানোর চেপ্টা খুবই ঝুঁকিপূর্ণ করে তোলে। ট্রাক ও রাস্তার ধার (curb)-এর মাঝখানে কোনও গাড়ি আটকে পড়লে সেটা ট্রাক চালকের চোখে পড়ে না। যেখানে আছেন সেখানেই থাকুন, ট্রাক চালককে টার্ন নেওয়ার জন্য অনেকখানি জায়গা ছেড়ে দিন।

অতিরিক্ত বড় মালবাহী

অতিরিক্ত বড় মালবহনকারী যানবাহনের সঙ্গে সাধারণত পাইলট গাড়ি থাকে। অতিরিক্ত ওজনের মালবাহী যানবাহন ট্রাক্টর-ট্রেইলারের মতোই চলে, তাই ট্রাকের মতোই নিয়ম মেনে চলতে হয়। বেশিরভাগ বড় গাড়ি নির্ধারিত লেনে চললেও, অতিরিক্ত চওড়া হওয়ার কারণে রাস্তার ধারের বাধার জন্য তারা কখনও কখনও হলুদ বা সাদা লাইন অতিক্রম করতে পারে।

আইন অনুযায়ী পাইলট বাহনের কাজ হল মোটর চালকদের বড় মালবাহী যান ও/বা ধীরে চলা গাড়ি সম্পর্কে সতর্ক করা। পাইলট বাহনে বিশেষ সাইন ও লাইট থাকতে হবে যাতে তাদের চিনতে পারা যায় এবং চালকরাও যখন দেখবেন যে তাঁরা ওভারসাইজের বাহনের দিকে এগিয়ে যাচ্ছেন তখন তাঁদের সজাগ থাকতে হবে। এই ধরনের বাহন চোখে পড়লে অতিরিক্ত সাবধানতা নিতে হবে।

ব্যাকিং ক্র্যাশ

কোনও ট্রাক ব্যাক আপের প্রস্তুতি নিলে তার পিছন থেকে কখনও ক্রস করবেন না। প্রায়শই, যখন কোনও ট্রাক চালক ট্রাককে রাস্তা থেকে লোডিং এরিয়ায় পিছিয়ে নিতে প্রস্তুতি নেন, তখন রাস্তাকে সাময়িক ভাবে ব্লক করা ছাড়া কোনও উপায় থাকে না। এই সময়েই কিছু চালক ও পথচারী ট্রাকের পিছনেই ওভারটেককরার চেষ্টা করেন, তাঁরা ট্রাককে তার কৌশল সম্পূর্ণ করতে দেওয়ার জন্য কয়েক সেকেন্ড অপেক্ষা করেন না। ট্রাকের পিছনে একেবারে কাছ দিয়ে ওভারটেক করলে চালক বা পথচারী ট্রাকটির নো-জোনে ঢুকে পড়েন, তখন ক্র্যাশ হতে পারে।

ব্রেকিং

গাড়িতে যেমন হাইড্রোলিক ব্রেক থাকে, ট্রাক আর বাসে অনেক সময় এয়ার ব্রেক থাকে, যার কারণে সেগুলো থামতে বেশি সময় এবং দূরত্ব লাগে। কোনও লোডেড ট্রাকের চাকা যদি ভাল থাকে এবং তার ব্রেকগুলো যদি ঠিক মতো অ্যাডজাস্ট করা থাকে এবং সেটা যদি পরিষ্কার ও শুকনো রোডওয়ায়েতে 65 এমপিএইচ গতিতে যেতে থাকে, তাহলে তাকে পুরোপুরি থামতে কম করে 600 ফুট যেতে হয় (যাত্রীবাহী গাড়ি থামতে 400 ফুট দূরত্ব লাগে)। রাস্তায় প্রবেশের সময় বড় গাড়ির সামনে থেকে প্রবেশ এড়িয়ে চলা খুবই জরুরি, যদি রাস্তায় থেকে টার্ন নিতে চান, তবে বড় গাড়ির সামনে লেন পরিবর্তন করা থেকে বিরত থাকুন।

এক্সেপ র‍্যাম্প

লম্বা ঢালু রাস্তায় অনেক সময় ট্রাকের জন্য বিশেষ "এক্সেপ" বা "রানঅ্যাওয়ে" র‍্যাম্প থাকতে পারে। এই র‍্যাম্পগুলো শুধু সেই সব বড় গাড়িই ব্যবহার করবে যেগুলো ব্রেক বিকল হওয়ার দরুণ নিয়ন্ত্রণ হারিয়ে ফেলে বা থামতে পারে না। এইসব র‍্যাম্পের কাছাকাছি গাড়ি থামাবেন না বা পার্ক করবেন না।


বাস

বাস হল এমন গাড়ি যা সাধারণ গাড়ির তুলনায় রাস্তায় বেশি জায়গা নেয়। বাস বা ট্রাকের সঙ্গে রাস্তা ভাগ করে নেওয়ার সময়ও একই নিয়ম মেনে চলা উচিত।

স্কুল বাস

পেনসিলভানিয়ায় স্কুল বাসের আশেপাশে গাড়ি চালানোর ক্ষেত্রে কিছু বিশেষ নিয়ম মেনে চলতে হয়। এই নিয়মগুলি শিশু এবং চালকদের সুরক্ষা দেয়।

যখন কোনও স্কুল বাস থামার প্রস্তুতি নিচ্ছে, তখন এর অ্যাম্বার (হলুদ) আলো জ্বলতে শুরু করবে। যখন কোনও বাস লাল লাইট জ্বলতে থাকা অবস্থায় এবং থামার ইশারা দেওয়া হাত দেখানো অবস্থায় থেমে যায়, তখন আপনাকে সেই বাস থেকে অন্তত 10 ফুট দূরে থামতেই হবে, আপনি বাসের পিছনে থাকুন বা সামনে থেকে আসুন, কিংবা কোনো মোড়ে পৌঁছান যেখানে বাস থেমেছে—সব ক্ষেত্রেই এই নিয়ম মানতে হবে। লাল লাইট বন্ধ না-হওয়া পর্যন্ত এবং থামার ইশারা দেওয়া হাত



সব গাড়িকে থামতেই হবে!

লাল লাইট জ্বলতে থাকা এবং থামার ইশারা দেওয়া হাত দেখানো স্কুল বাসের জন্য থামতে না-পারলে আপনার ড্রাইভার লাইসেন্স 60 দিনের সাসপেন্ড হয়ে যাবে, আপনার ড্রাইভিং রেকর্ডে পাঁচ (5) পয়েন্ট পড়বে ও জরিমানা হবে।

স্কুল বাস দেখে থামার নিয়মে শুধু একটা ব্যতিক্রম আছে। লাল লাইট জ্বলতে থাকা ও থামার ইশারা দিয়ে হাত দেখানো স্কুল বাসের দিকে যদি এগিয়ে যাচ্ছেন এবং আপনি যদি সেই সময় কোনও ডিভাইডেড হাইওয়ের (যেমন, কংক্রিট/মেটাল ব্যারিয়ার, গাইড রেল বা গাছ/পাথর/জলাশয়/তৃণভূমি) বিপরীত দিকে থাকেন, তাহলে আপনাকে থামতে হবে না। আপনার স্পিড কমিয়ে নিন এবং সাবধানে গাড়ি চালাতে থাকুন।

স্কুল বাস দেখে থামার ব্যাপারে পেনসিলভেনিয়ায় যে নিয়ম আছে তা বুঝতে এই গ্রাফিক দেখে নিন।

<https://www.penndot.gov/TravelInPA/Safety/TrafficSafetyAndDriverTopics/Pages/School-Bus-Safety.aspx>

ইমার্জেন্সি গাড়ি ও পরিস্থিতি

কিছু কিছু গাড়িতে সাইরেন ও জ্বলন্ত লাল লাইট থাকে বা জ্বলন্ত লাল ও নীল লাইট একসঙ্গে থাকে। ট্রাফিকের মাঝখান দিয়ে ইমার্জেন্সি গাড়িকে দ্রুত ছুটে যেতে এবং ইমার্জেন্সি ডাকে সাড়া দিতে সাহায্য করে ওই লাইটগুলো। ইমার্জেন্সি গাড়ি হল এগুলো- দমকলের গাড়ি, পুলিশের গাড়ি, অ্যাম্বুলেন্স, ব্লাড ডেলিভারির গাড়ি এবং বিশেষ সরঞ্জাম থাকা গাড়ি যেগুলো উদ্ধারকারী প্রতিষ্ঠানগুলো ব্যবহার করে থাকে। এগুলোর দিকে খেয়াল রাখুন।

আপনি যখন সাইরেন শুনতে পাবেন বা দেখবেন যে লাল লাইট বা একই সঙ্গে লাল ও নীল লাইট জ্বলতে থাকা অবস্থায় কোনও গাড়ি এগিয়ে আসছে, তখন আপনাকে অবশ্যই:

- কার্বে বা রাস্তার ধারে গাড়ি নিয়ে গিয়ে থামতে হবে।
- যতটা সম্ভব কার্বে সমান্তরালে বা তার কাছে গাড়ি চালাবেন। ওয়ান-ওয়ে রাস্তায় নিকটতম রোড সাইডের দিকে গাড়ি নিয়ে গিয়ে থামবেন।
- মোড় থেকে দূরে থাকবেন।
- ইমার্জেন্সি গাড়ি আপনাকে ওভারটেক করে চলে যাওয়ার পর ফের গাড়ি চালানো শুরু করুন, ওই গাড়ির থেকে অন্তত 500 ফুট দূরে থাকবেন।
- অন্য কোনও ইমার্জেন্সি গাড়ি আসছে কি না দেখে নিন।

ইমার্জেন্সি পরিস্থিতিতে সব চালককেই যে-কোনও উর্দিধারী পুলিশ অফিসার, শেরিফ, কনস্টেবল বা উপযুক্ত পোশাক পরিহিত যে-কোনও ব্যক্তি, যেমন দমকল পুলিশের নির্দেশনা মানতে হবে।

সাইরেনকে গুরুত্ব দেবেন এবং অ্যাম্বুলেন্স, ফায়ার ট্রাক বা পুলিশের গাড়িকে পথ ছেড়ে দেবেন। কখনও হয়তো আপনিই সাহায্য চাইবেন বা লাইনে পড়ে থাকা ব্যক্তিটি আপনারই বন্ধু বা পরিবারের সদস্য হতে পারে।

মুভ ওভার আইন

মুভ ওভার আইন অনুযায়ী চালকদের জরুরি পরিষেবা এলাকা বা বিকল গাড়ির পাশের লেন থেকে সরে যেতে হবে। জরুরি পরিষেবা এলাকা এমন রাস্তার উপরে বা কাছে হয় যেখানে পুলিশ, শেরিফ, কোরোনার, মেডিক্যাল এগজামিনার, দমকল কর্মী, দমকল পুলিশ, ফায়ার মার্শাল, উদ্ধার কর্মী, জরুরিকালীন চিকিৎসা সেবা কর্মী, টোয়িং ও উদ্ধার কর্মী, বিপত্তিজনক সামগ্রী মোকাবিলা টিমের সদস্য ও/বা হাইওয়ে নির্মাণ ও রক্ষণাবেক্ষণ কর্মীদের পক্ষ থেকে সেবা প্রদান করা হয়। একটি বিকল গাড়ি বলতে সেই যানবাহনকে বোঝানো হয়, যা ট্রাফিক লেনের মধ্যে বা পাশে দাঁড়িয়ে আছে এবং অন্তত দুটো সিগন্যাল ল্যাম্প, রোড ফ্লেয়ার, সতর্কতামূলক চিহ্ন বা অন্য কোনো ট্রাফিক নিয়ন্ত্রণ ডিভাইস দিয়ে স্পষ্টভাবে চিহ্নিত করা হয়েছে। যদি ট্রাফিক বা অন্য কোনো কারণে চালকের পক্ষে লেন পরিবর্তন করা সম্ভব না হয়, তাহলে তাদের গাড়ির গতি কমিয়ে পোস্ট করা স্পিড লিমিটের তুলনায় অন্তত 20 মাইল প্রতি ঘণ্টা কমতে হবে। কোথাও যদি আইন প্রয়োগকারী উপস্থিত না থাকেন, তাহলে মোটর চালক কোনও নিয়ম লঙ্ঘন করলে সড়ক কর্মী ও জরুরি সহায়তা প্রদানকারীরা তার রিপোর্ট করতে পারবেন, সেই আইন আছে। এই সব রিপোর্টের ভিত্তিতে আইন প্রয়োগকারী নোটিশ জারি করতে পারেন। লেন পরিবর্তন না করা বা গতি কমতে ব্যর্থ হলে এটি একটি শাস্তিযোগ্য অপরাধ হিসেবে গণ্য হয়, যার জন্য প্রথমবার \$500 পর্যন্ত জরিমানা হতে পারে, দ্বিতীয়বার \$1,000 এবং তৃতীয় বা তার পরবর্তী বার \$2,000 পর্যন্ত জরিমানা করা হতে পারে। সেই সঙ্গে, ওয়ার্ক জোন এরিয়াতে ট্রাফিকের নিয়ম লঙ্ঘন করলে জরিমানা দ্বিগুণ হয়ে যাবে। কোনও ব্যক্তি এই আইনের নিয়ম লঙ্ঘন করেছেন বলে দোষী সাব্যস্ত হলে তাঁর ড্রাইভিং রেকর্ডে 2 পয়েন্ট যোগ হয়ে যাবে। এই আইন লঙ্ঘন করার ফলে অন্য কেউ শরীরে আঘাত পেলে বা মারা গেলে, 90 দিনের জন্য লাইসেন্স সাসপেন্ড হয়ে যাবে এবং \$1,000 পর্যন্ত জরিমানা হতে পারে। এই আইন লঙ্ঘন করার ফলে যদি কোনও জরুরি সহায়তা প্রদানকারী বা বিকল গাড়ির ভিতরে বা তার কাছে কোনও ব্যক্তির শরীরে গুরুত আঘাত লাগে, তাহলে 6 মাসের জন্য লাইসেন্স সাসপেন্ড করা হবে এবং \$5,000 পর্যন্ত জরিমানা হতে পারে। এই আইন লঙ্ঘন করার ফলে যদি কোনও জরুরি সহায়তা প্রদানকারী বা বিকল গাড়ির ভিতরে বা তার কাছে কোনও ব্যক্তির মৃত্যু হয়, তাহলে 1 বছরের জন্য লাইসেন্স সাসপেন্ড করা হবে এবং \$10,000 পর্যন্ত জরিমানা হতে পারে।

ঘোড়ায় টানা গাড়ি ও অশ্বারোহী

যেসব এলাকায় ঘোড়ায় টানা গাড়ি বা অশ্বারোহীদের দেখা যেতে পারে, সেখানে কিছু গুরুত্বপূর্ণ বিষয় মাথায় রাখা দরকার। ঘোড়ায় টানা বহু গাড়ি গাঢ় রঙের হয়, তাই ভোরে, সন্ধ্যায় বা রাতে সেগুলো সহজে চোখে পড়ে না। ঘোড়ায় টানা গাড়িকে অনুসরণ করলে বা তার পিছনে থামলে, খেয়াল রাখবেন দুটো (2) গাড়ির মাঝখানে যেন অনেকখানি জায়গা থাকে। ঘোড়ায় টানা গাড়ি থেমে গেলে প্রায়ই পিছন দিকে গড়িয়ে আসে, তাই এই গাড়িকে খুব কাছ থেকে অনুসরণ করলে তার চালক আপনাকে ভাল করে দেখতে পাবেন না। এতে অনেকখানি জায়গা পাওয়া যাবে যখন আপনি ওভারটেক করার জন্য প্রস্তুত হবেন। ঘোড়ায় টানা গাড়ি বা অশ্বারোহীকে পাশ কেটে যাওয়ার সময় খুব জোরে গাড়ি চালাবেন না বা হর্ন বাজাবেন না, এতে ঘোড়া ভয় পেয়ে যেতে পারে। পাস করার পরেও দেখবেন ঘোড়া যেন ভয় না-পায়, আপনার গাড়ি ও ঘোড়ার মাঝে অনেকখানি জায়গা ফাঁকা রেখে তবেই ডান লেনে ফিরুন। সব সময় মনে রাখবেন, রাস্তায় সবারই সমান অধিকার আছে।

খোলা ট্রাকের যাত্রী

যদি কোনো খোলা পিকআপ ট্রাক বা ফ্ল্যাটবেড ট্রাকের পিছনে কেউ থাকে, তাহলে সেই ট্রাক 35 মাইল প্রতি ঘণ্টার বেশি গতিতে চালানো যাবে না। যদি ট্রাকের বেডে 18 বছরের কম বয়সের কোনো শিশু থাকে, তবে সেই ট্রাক চালানো সম্পূর্ণ নিষেধ।

এই আইনের কিছু ব্যতিক্রম:

- কৃষকের সন্তান, যাকে খামারের বিভিন্ন অংশ বা কৃষকের মালিকানাধীন বা পরিচালিত একাধিক খামারের মধ্যে কাজে যাওয়ার জন্য নিয়ে যাওয়া হয়।
- কৃষি মজুরের কাজ করার জন্য নিযুক্ত নাবালক, যাকে তার এক বা একাধিক নিয়োগকর্তা যখন নিজেদের মালিকানাধীন বা

পরিচালনাধীন এক বা একাধিক ক্ষেত্রের বিভিন্ন অংশের মধ্যে নিয়ে যাওয়া হয়।

- যে নাবালকের কাছে শিকারের বৈধ লাইসেন্স আছে, যাকে শিকারের মরসুমে শিকারের শিবির ও শিকারের স্থানের মধ্যে বা শিকারের বিভিন্ন স্থানের মধ্যে নিয়ে যাওয়া হয়।
- এমন শিশু, যে সরকারি ভাবে মঞ্জুরি প্রাপ্ত কোনও প্যারেডের একজন অংশগ্রহণকারী, শুধুমাত্র প্যারেড চলার সময়।

স্লো প্লাউ

শীতকালে স্লো প্লাউ চালকরা যখন বরফ সরান তখন তাদের আয়নায় দৃশ্যমানতা খুবই সীমিত থাকে। প্লাউ প্রায়ই ঘুরতে হয়, আর তাদের চালকের পেছনের দিকটা ভালোভাবে দেখার সুযোগ থাকে না। তাই নিরাপদ দূরত্ব বজায় রেখে পিছনে চালান। এটি আপনার গাড়িকে প্লাউ থেকে ছিটকে আসা লবণ, ডি-আইসিং লিকুইড, এবং অ্যান্টি-স্কিড পেলেটের ক্ষতি থেকে রক্ষা করবে।

এ ছাড়াও, এই গাড়িগুলোতে উইং প্লাউ থাকে যা গাড়ি দুই দিকে দিয়েই কয়েক ফুট বের হয়ে থাকে। খারাপ আবহাওয়া বা রাতে এগুলো চালকদের জন্য দেখা কঠিন হয়ে যায়, আর এর ফলে অনেক সময় পাশ থেকে ধাক্কা লাগার দুর্ঘটনা ঘটে। নিরাপদ থাকতে প্লাউয়ের বাঁ পাশ দিয়ে বা ডান পাশ দিয়ে পাশ কাটানোর চেষ্টা করবেন না।

রাস্তায় রাগ সামালানোর উপায়

কখনই নিজের রাগ রাস্তায় অন্য কারও উপর গিয়ে বের করবেন না। অনেক সময় রাস্তায় রাগের ঘটনা শুধু চালকদের ভুল বোঝাবুঝির কারণে হয়। কোনও চালক হয়তো বিচারবুদ্ধিতে সামান্য ভুল করে ফেলেন, সেটা আবার অন্য একজন চালকের কাছে আগ্রাসী বলে মনে হয়, কেউ-ই অবশ্য ইচ্ছে করে কিছু করেন না।

কখনই কিছু ব্যক্তিগত ভাবে নেবেন না যখন কেউ আপনাকে কাট অফ করবে বা আপনার সামনে পুল ইন করবে। যা হচ্ছে হতে দিন, ওই চালককে উপেক্ষা করুন।

যদি কিছু হয় যায়, **পাল্টা কিছু করবেন না।** অন্য চালকের সঙ্গে পাল্লা দিতে গেলে আপনার মনোযোগ গুরুতর ভাবে বিচ্যুত হতে পারে। আপনার চারপাশের ট্রাফিক সাইন, সিগন্যাল বা গাড়ি ও পথচারীদের আচরণ অনুযায়ী দ্রুত প্রতিক্রিয়া দেওয়া কঠিন হয়ে যায়, যা দুর্ঘটনা এড়ানোর জন্য দরকার।

কখনও অন্য চালককে উচিত শিক্ষা দেওয়ার চেষ্টা করবেন না। আপনি নিজে ঠিক থাকলেও সেটা জাহির করতে যাবেন না। আপনি ঠিক থাকতে পারেন, কিন্তু তাতে জীবনটাই হারাতে হতে পারে!

আপনি কি জানতেন?

প্রতি বছর পেনসিলভেনিয়ায় হাইওয়েতে প্রায় 1,500 জনের মৃত্যুর ঘটনার মধ্যে প্রায় 60 শতাংশেরই, বা প্রায় 900 জনেরই মৃত্যু হয় আগ্রাসী ভাবে গাড়ি চালানোর ঘটনার জন্য।

কোনও আগ্রাসী চালকের সামনে পড়ে গেলে কী ভাবে সুরক্ষিত থাকবেন সেই সংক্রান্ত কিছু পরামর্শ দেওয়া হল:

- আগ্রাসী চালকের পথ থেকে যতটা সম্ভব সরে যাওয়ার চেষ্টা করুন।
- পাসিং লেনকে ব্লক করবেন না। কেউ ওভারটেক করতে চাইলে, তাঁকে তা করতে দিন।
- নিজের গাড়ির স্পিড বাড়িয়ে আগ্রাসী চালককে চ্যালেঞ্জ করবেন না। এ রকম করলে ওই চালক আরও রেগে যাবেন এবং আপনাকে বিপদে ফেলবেন।
- আগ্রাসী চালকের চোখে চোখ রাখবেন না।
- অঙ্গভঙ্গি উপেক্ষা করুন, পাল্টা অঙ্গভঙ্গি করবেন না।
- আপনার কাছে হ্যান্ডস-ফ্রি ডিভাইস থাকলে এবং নিরাপদে করা সম্ভব হলে পুলিশ বা 911 নম্বরে ফোন করুন, অথবা সঙ্গে যাত্রী থাকলে তাকে কল করতে বলুন।

আগ্রাসী চালক আপনার পিছু নিলে বাড়ি যাবেন না। তার বদলে, থানায় চলে যান, কনভিনয়েন্স স্টোর বা অন্য এমন স্থানে যান যেখানে অন্যের থেকে সাহায্য পেতে পারেন এবং সাক্ষীও পেতে পারেন।

ড্রাইভিংয়ের জরুরি পরিস্থিতি মোকাবিলা

আপনিও যদি বেশির ভাগ চালকের মতো হন, তাহলে আপনি এটা চর্চা করার সুযোগই পাবেন না যে কোনও ইমার্জেন্সি ঘটে যাওয়ার আগে আপনি কী করবেন। তবে, গুরুত্বপূর্ণ কিছু পরিস্থিতিতে কী করা উচিত তা জানা থাকলে অনেক ক্ষেত্রেই বড় ক্ষতি এড়ানো সম্ভব। ভুল কিছু হয়ে গেলে ভুল পদক্ষেপ করলে বা কোনও পদক্ষেপই না-করলে আপনার গাড়ি দুর্ঘটনার আশঙ্কা বেড়ে যায়।

জরুরি পরিস্থিতি থেকে বেরিয়ে আসার পথ খুঁজে নিন

গাড়িতে-গাড়িতে সংঘর্ষ এড়ানোর জন্য আপনার কাছে যখন ব্রেক কষার বা স্টিয়ারিং ঘোরানোর অবকাশ থাকবে, তখন সাধারণ ভাবে ব্রেক কষার বদলে স্টিয়ারিং ঘোরানোই ভাল ওই বিপত্তিকে এড়ানোর জন্য, বিশেষ করে স্পিড যদি 25 এমপিএইচের বেশি থাকে। কেননা আপনার ব্রেক কষার রিয়াকশন টাইমের চেয়ে স্টিয়ারিং ঘোরানোর রিয়াকশন টাইম অনেক দ্রুত থাকবে। তবে, জরুরি পরিস্থিতিতে গাড়ির নিয়ন্ত্রণ ধরে রাখতে হলে আপনার স্টিয়ারিং দক্ষতা ভালো হতে হবে।

সাধারণ নিয়ম অনুযায়ী, আপনাকে দু' হাত দিয়েই স্টিয়ারিং হুইল ধরে রাখতে হবে। জরুরি পরিস্থিতিতে এটা বিশেষ ভাবে জরুরি কেননা, সুকৌশলে স্টিয়ারিং ঘোরাতে হলে একটা (1) দিকে অন্তত দেড় বার দ্রুত স্টিয়ারিং হুইল ঘোরাতে হবে, তার পর বিপরীত দিকে হুইলকে প্রায় পুরো গোল করে ঘোরাতে হবে, একবার আপনি সেই অবজেক্টকে ক্লিয়ার করে ফেললে। তারপর আপনি আপনার মূল পথের দিকে এগিয়ে যাওয়ার জন্য সেন্টার স্টিয়ারিংয়ে ফিরে যান। বেশি স্পিডে আপনার গাড়িকে বাম বা ডান দিকে

আপনি কি জানতেন?

12,000 ত্র্যাশকে পর্যালোচনা করে দেখা গেছে, 37 শতাংশ চালক ত্র্যাশ এড়ানোর জন্য কোনও পদক্ষেপই করেননি।

নেওয়ার জন্য কম স্টিয়ারিং ঘোরালেই হয়।

ডানদিকে দেখানো পদ্ধতিতে স্টিয়ারিং হুইল ধরার অভ্যাস করুন। যদি আপনি স্টিয়ারিং হুইলকে ঘড়ির ডায়াল মনে করেন, তাহলে আপনার হাত দিয়ে হুইলকে এমন ভাবে ধরবেন যেন ঘড়িতে 9টা এবং 3টে বেজেছে অথবা 8টা এবং 4টে বেজেছে, যে ভাবে সবচেয়ে আরামদায়ক মনে হয়, সেই ভাবে। স্টিয়ারিং হুইলের ভেতরের অংশ শক্ত করে ধরার বদলে আঙুলগুলো বাইরের অংশ বরাবর রাখুন।



হুইলে এই ভাবে আপনার হাত রাখলে:

- এতে জরুরি পরিস্থিতিতে স্টিয়ারিং বেশি ঘুরিয়ে ফেলার ঝুঁকি কমবে, যা গাড়ি নিয়ন্ত্রণ হারিয়ে ঘুরে যাওয়া বা রাস্তা থেকে ছিটকে পড়ার কারণ হতে পারে।
- দুর্ঘটনার সময় এয়ারব্যাগ হাত ও বাহু মুখের দিকে ঠেলে দেওয়ার সম্ভাবনা কম থাকবে, এমনকি ভেঙে যাওয়ার ঝুঁকিও কমবে।
- আপনার হাত বেশি আরামে থাকবে এবং ক্লান্তিও কম হবে।

ঘড়িতে দশ (10)টা বা দুই (2)টো বাজার মতো করে হাত রাখা যেতে পারে। অবশ্য, এয়ার ব্যাগ সক্রিয় হয়ে গেলে আপনার চোটে পাওয়ার আশঙ্কা থাকবে। টার্ন নেওয়ার জন্য স্টিয়ারিং হুইল ব্যবহার করার দুই (2)টো উপায় আছে। "হ্যান্ড-ওভার-হ্যান্ড" পদ্ধতিতে চালক স্টিয়ারিংয়ের এক পাশ থেকে হাত বাড়িয়ে বিপরীত পাশে ধরে, হুইলকে উপর দিয়ে টেনে নেয় এবং প্রয়োজন অনুসারে এটি বারবার করে। "পুশ-পুল" পদ্ধতিতে স্টিয়ারিং হুইলকে এক (1) হাত দিয়ে উপরে ঠেলে দেওয়া হয় আর অন্য হাত হুইলের উপরে উঠে গিয়ে হুইলকে নীচে টানতে থাকে, টার্ন পুরো হওয়া পর্যন্ত এটার পুনরাবৃত্তি হতে থাকে।

যদি দুর্ঘটনা এড়ানো সম্ভব না হয়, তাহলে এই বিষয়টি মনে রাখুন: গাড়ি দুর্ঘটনায় আঘাত প্রতিরোধের বিষয়টি মূলত নির্ভর করে এই বিষয়গুলির উপর- সিট বেল্ট ভাল করে পরে থাকা, হেড রেস্ট্রেন্টকে ঠিক মতো অ্যাডজাস্ট করে রাখা, গাড়িতে এয়ার ব্যাগ রাখা এবং সেই এয়ার ব্যাগ থেকে অন্তত দশ (10) ইঞ্চি দূরে থাকা।

আপনাকে যদি আচমকা ব্রেক কষতে হয়

আপনাকে যদি তাড়াছড়ো করে ব্রেক কষতে হয়, তাহলে আপনার সুরক্ষা নির্ভর করে এ কথা জেনে রাখার উপর যে, আপনার গাড়িতে কনভেনশনাল ব্রেক আছে না অ্যান্টি-লক ব্রেক (ABS) আছে এবং যেটা আছে সেটা কী ভাবে ব্যবহার করতে হয়।

- **ABS না-থাকলে**, বারবার ব্রেক প্রেস ও রিলিজ করুন। ব্রেক চাপলে আপনার গাড়ির গতি ধীর হবে এবং এটি নিয়ন্ত্রণে থাকবে। ব্রেকে ধাক্কা দিলে আপনার হুইল লক হয়ে যেতে পারে, যার ফলে আপনার গাড়ি স্কিড করতে পারে।
- **ABS থাকলে**, ব্রেকের উপর শক্ত করে এবং অনবরত চাপ বজায় রাখুন - আপনার গাড়ি স্কিড করবে না। **ব্রেক প্যাডেল পাষ্প করবেন না।** যান্ত্রিক শব্দ এবং/অথবা সামান্য স্পন্দনে আতঙ্কিত হবেন না।

আপনার গাড়িতে কী ধরনের ব্রেকিং সিস্টেম আছে তা জানতে আপনার ওনার'স ম্যানুয়ালটি দেখে নেবেন। ইমার্জেন্সিতে পড়ার আগে এটা করে নেবেন। **ইমার্জেন্সিতে কী ভাবে ব্রেক কষতে হয় তা জানা থাকলে আপনার জীবন বাঁচাতে পারে।**

আপনার গাড়ি স্কিড করা শুরু করলে

যদি আপনার গাড়ি ভেজা বা বরফের রাস্তায় স্কিড করতে শুরু করে, তাহলে যে দিকে যেতে চান সেদিকে তাকিয়ে স্টিয়ারিং ঘুরিয়ে যেতে থাকুন। আপনার গাড়ির পেছনের অংশ বাম দিকে স্কিড করলে, হুইলকে বাম দিকে ঘুরিয়ে দিন। আপনার গাড়ির পেছনের অংশ ডান দিকে স্কিড করলে, হুইলকে ডান দিকে ঘুরিয়ে দিন। আপনি একটা স্কিডকে সামলাতে স্টিয়ার করার সময় বিপরীত দিকে আরও একটা স্কিড হতে পারে, তবে দ্বিতীয় স্কিডটা প্রথমটার মতো খারাপ হবে না। দ্বিতীয় স্কিডকেও একই ভাবে থামাতে তৈরি থাকুন - আপনার গাড়ির পিছনের অংশ যে দিকে স্কিড করছে সেই দিকে স্টিয়ারিং ঘুরিয়ে। আপনার গাড়ির উপর নিয়ন্ত্রণ পুরোপুরি ফিরে পেতে এই "সংশোধনগুলি"-র কয়েকটিকে কাজে লাগাতে পারেন।

স্কিড হওয়ার সময়, আপনার ব্রেক ব্যবহার করবেন না। আপনি ব্রেক চাপলেই, স্কিড আরও বাজে ভাবে হবে। আপনার হুইল লক হয়ে যেতে পারে, আর তখন স্টিয়ারিং নিয়ন্ত্রণ পুরোপুরি হারানোর ঝুঁকি থাকবে।

বন্যায় ডুবে যাওয়া রাস্তা

বন্যায় ডুবে যাওয়া রাস্তায়, কম স্পিডে গাড়ি চালিয়েও, ছয় (6) ইঞ্চি সমান জলে আপনি নিজের গাড়ি বা ট্রাকের উপর নিয়ন্ত্রণ হারাতে পারেন এবং ছোট গাড়িগুলো ভেসে যেতে পারে। দুই (2) ফুটের সমান জল বেশিরভাগ গাড়িকেই ভাসিয়ে নিয়ে যাবে, স্পোর্টস ইউটিলিটি ভেহিকেল (SUV)-কেও। একবার কোনও গাড়ি রাস্তা থেকে ভেসে গভীর জলের মধ্যে চলে গেলে, সেটি উল্টে যেতে পারে এবং ভিতরে জল ঢুকে চালক ও যাত্রীদের আটকে ফেলতে পারে। **যদি রাস্তায় জল বইতে থাকে, তাহলে সবচেয়ে নিরাপদ কাজ হল অন্য রুট খুঁজে বের করা।**



দ্রষ্টব্য: বিপত্তি মূলক অবস্থার জন্য কোনও রাস্তা বা হাইওয়ে বন্ধ করে সেখানে কোনও সাইনবোর্ড বা ট্র্যাফিক কন্ট্রোল ডিভাইস দেওয়া থাকলে তার আশেপাশে বা তার মধ্য দিয়ে গাড়ি চালানো আইন বিরুদ্ধ কাজ। এই আইন ও শাস্তিমূলক ব্যবস্থা সম্পর্কিত আরও তথ্যের জন্য অধ্যায় 5 দেখুন।

বন্যা:

পেনসিলভেনিয়ার সবচেয়ে বড় বিপত্তিগুলোর মধ্যে অন্যতম হল বন্যা। সেন্টার ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন-এর মতে, 2006 সাল থেকে পেনসিলভেনিয়ায় বন্যায় যত মৃত্যুর খবর পাওয়া গেছে তার প্রায় অর্ধেকই যানবাহনের জন্য ঘটেছে। যদি আপনি গাড়ি চালাতে-চালাতে জলমগ্ন রাস্তায় গিয়ে পৌঁছান, তাহলে এই সহজ কথাটি মনে রাখবেন: "ফিরে যান, ডুববেন না @"। অন্য রুট খুঁজে নিন, বানভাসি রাস্তা পার করার চেষ্টা করবেন না। বন্যা নিয়ন্ত্রণের জন্য বসানো ব্যারিয়ারকে পার করা আইন-বিরুদ্ধ কাজ। বন্যার জল কেন খুব বিপজ্জনক তার নানা কারণ এই তালিকায় দেওয়া হয়েছে:



- ছয় ইঞ্চি সমান জল, যা এক ডলারের নোটের সমান, অনেক গাড়িকে নিয়ন্ত্রণ হারাতে বা থেমে যেতে বাধ্য করতে পারে।
- বারো ইঞ্চি সমান বইতে থাকা জল অনেক গাড়িকে ভাসিয়ে নিয়ে যেতে পারে।
- দুই ফুট সমান বইতে থাকা জল বেশির ভাগ SUV এবং পিক-আপ ট্রাককে সরিয়ে নিয়ে যেতে পারে।
- রাস্তার ওপরে জমা জল বিভিন্ন বিপদ লুকিয়ে রাখতে পারে, যেমন ভেঙে যাওয়া রাস্তা বা সেতু। বইতে থাকা জল রাস্তাকে নড়বড়ে করে দিতে পারে।
- রাতে গাড়ি চালালে বনভাসি রাস্তা চোখে নাও পড়তে পারে।

যদি আপনি বানভাসি রাস্তায় পৌঁছে যান, তখন আপনার কাছে সবচেয়ে ভালো বিকল্প হল আপনার গন্তব্যে পৌঁছানোর জন্য নতুন কোনও রুট খুঁজে বের করা। যদি আপনি বন্যার জলে আটকে যান, তাহলে দ্রুত আপনার গাড়ি বের করে কোনও উঁচু স্থানে চলে যান। জাতীয় আবহাওয়া পরিষেবা থেকে বন্যা সম্পর্কিত আরও তথ্য অনলাইনে পাওয়া যেতে পারে: www.weather.gov/safety/flood-turn-around-dont-drown

আপনার অ্যাক্সিলারেটর আটকে যায়

যদি অ্যাক্সিলারেটর (গ্যাস পেডাল) আটকে যায়, তাহলে আপনার গাড়ি ক্রমশ আরও দ্রুত গতিতে চলতে পারে।

যদি এমন হয়:

1. রাস্তায় নজর রাখুন। আপনি প্যাডেলে কয়েকবার চাপ দিয়ে দেখতে পারেন যে সেটা স্বাভাবিক অবস্থায় ফিরে আসছে কি না, অথবা আপনি পায়ের আঙুল দিয়ে সেটা তুলে দেখতে পারেন, কিন্তু হাত দিয়ে প্যাডেলটিকে মুক্ত করার চেষ্টা করতে গিয়ে নীচে ঝুঁকবেন না।
2. প্যাডেল আটকে থাকলে অবিলম্বে নিউট্রালে যান এবং ব্রেক কষবেন। এতে ইঞ্জিনের গতি বেড়ে যেতে পারে, কিন্তু ছইলের সঙ্গে শক্তির সংযোগ থাকবে না।
3. স্টিয়ারিংয়ের দিকে মনোযোগ দিন এবং গাড়ির গতি কমিয়ে নিরাপদ স্থানে গাড়ি থামান। থেমে যান, ইঞ্জিন বন্ধ করুন, আর আপনার ইমার্জেন্সি ফ্ল্যাশার চালু করুন।

দ্রষ্টব্য: যদি গাড়ি দ্রুত থামানো বা গতি কমানোর দরকার হয়, তাহলে ইগনিশন "বন্ধ" করুন। তবে, ভুলেও "লক" করবেন না, কারণ এতে স্টিয়ারিং কাজ করবে না। তারপর, ব্রেক লাগান। আপনার ইগনিশনকে বন্ধ রেখে স্টিয়ারিং চালালে এবং ব্রেক লাগালে আপনাকে একটু বেশি কষ্ট করতে হবে।

আপনার গাড়ির ব্রেক ফেল হলে

নতুন মডেলের গাড়িতে স্প্লিট ব্রেকিং সিস্টেম থাকার কারণে পুরোপুরি ব্রেক ফেল হওয়ার ঝুঁকি কম থাকে। যদি আপনার ব্রেক সিস্টেমের ওয়ার্নিং লাইট জ্বলে ওঠে, তার মানে আপনার চারটি (4) ছইলের মধ্যে দুটি (2) ছইলে ব্রেক লেগে গেছে, সম্ভবত সামনের একটি (1) ছইলে এবং পিছনের একটি (1) ছইলে। এতে আপনি রাস্তার পাশে বা কাছের কোনো সার্ভিস স্টেশনে পৌঁছাতে পারবেন। গাড়ি ধীর গতিতে আসার আগে আপনি অনুভব করছেন যে ব্রেক পেডাল স্বাভাবিকের তুলনায় অনেক বেশি নিচে চলে যাচ্ছে এবং আপনাকে পেডালে আরও জোরে চাপ দিতে হবে। আপনার গাড়ির স্টপিং ডিসটেন্স বেড়ে যাবে, তাই আপনার গাড়ি কোন দিকে এগোচ্ছে সে ব্যাপারে সজাগ থাকুন। আরও নীচের গিয়ারে শিফট করলে তা আপনাকে গাড়ির গতি কমাতে সাহায্য করবে।

যদি আপনার গাড়িটি পুরনো হয় এবং হঠাৎ ব্রেক কাজ না করে, আপনার যা করা উচিত

1. লো গিয়ারে শিফট করুন এবং এমন একটা জায়গা দেখে নিন যেখানে গাড়ির গতি কমিয়ে থামানো যেতে পারে।
2. ব্রেক প্যাডেলের উপর দ্রুত কয়েকবার পাম্প করুন। এরকম করলে প্রায়ই যথেষ্ট ব্রেক প্রেশার তৈরি হয় গাড়িকে থামানোর জন্য।
3. ব্রেক প্যাডেলে চাপ দিয়েও কাজ না-হলে পার্কিং (ইমার্জেন্সি) ব্রেক ব্যবহার করুন। পিছনের চাকা লক হয়ে গেলে এবং আপনি স্কিড করতে শুরু করলে, ব্রেক রিলিজটি ধরে রাখুন যাতে আপনি পার্কিং ব্রেকটি ছেড়ে দিতে পারেন।
4. আপনি যেদিকে যাচ্ছেন সেই দিকে ভাল করে চোখ রাখুন, এবং রাস্তা থেকে সরে যাওয়ার জন্য একটা নিরাপদ জায়গা খুঁজে নিন। খোলা জায়গা দেখুন যাতে সেখানে গাড়িটা নিয়ে যেতে পারেন, অথবা খাড়াই রাস্তার দিকে চলে যান।
5. তবুও যদি গাড়ি না-থামে এবং আপনার যদি দুর্ঘটনায় পড়ার ঝুঁকি থাকে, তাহলে শেষ উপায় হিসেবে আপনার ইগনিশন "অফ" করুন। এটাকে "লক" পোজিশনে নিয়ে যাবেন না, কারণ এতে আপনার স্টিয়ারিংও লক হয়ে যাবে। তারপর, আপনার সর্বনিম্ন গিয়ারে শিফট করুন। এটা করলে আপনার ট্রান্সমিশনের ক্ষতি করতে পারে, তাই দুর্ঘটনার হাত থেকে বাঁচতে শুধুমাত্র শেষ প্রচেষ্টা হিসাবে এটা করবেন।

আপনি গাড়ি থামানোর পর, সাহায্য চাইতে ফোন করুন।

গাড়ি চালানোর চেষ্টা করবেন না। আপনার টায়ার ফেটে গেলে

কখনও কখনও টায়ার ফেটে যাওয়ার আগে কোনও কিছুই মধ্যে ধাক্কা লাগার মতো শব্দ হতে শুরু করে, কিন্তু সাধারণত আপনি আগে থেকে জানতে পারবেন না কখন টায়ার ফাটবে। আপনার গাড়ির টায়ার ভালো অবস্থায় এবং সঠিকভাবে ইনফ্লেটেড রাখলে টায়ার ফাটার ঝুঁকি কমানো সম্ভব।

সামনের টায়ার ফেটে গেলে, আপনার স্টিয়ারিং হুইল কাঁপতে থাকবে এবং আপনি অনুভব করবেন যে গাড়িটি হঠাৎ একপাশে সরে যাচ্ছে। পিছনের টায়ার ফেটে গেলে, গাড়ির একদিক হঠাৎ নিচে নেমে যাবে এবং আপনি অনুভব করবেন গাড়ির পিছনের অংশটি সামনে পিছনে দুলছে।

আপনার কোনও একটা টায়ার ফেটে গেলে নিম্নলিখিত কাজগুলি করুন:

1. স্টিয়ারিং হুইলকে শক্ত করে ধরে রাখবেন।
2. আপনার ব্রেক থেকে দূরে থাকুন! টায়ার ফেটে যাওয়ার পর ব্রেক কষলে আপনি স্কিড করবেন এবং আপনি গাড়ির উপর নিয়ন্ত্রণ হারিয়ে ফেলবেন।
3. ধীরে ধীরে গ্যাস প্যাডেল থেকে পা সরিয়ে নিন।
4. আপনি যেখানে যেতে চান সেখানেই গাড়ি নিয়ে যেতে থাকুন, তবে খুব মসৃণ ভাবে - বড় করে বা বাঁকুনি দিয়ে স্টিয়ারিং ঘোরাবেন না।

আপনি যতক্ষণ প্রয়োজন ততক্ষণ পর্যন্ত ফাটা টায়ার নিয়েই গাড়ি চালাতে পারেন যাতে আপনি নিরাপদ কোনও স্থানে দিয়ে টায়ার পালটে নিতে পারেন। আপনাকে যদি ব্রেক কষতেই হয়, তাহলে আলতো করে চাপবেন। গাড়ি ধীর গতিতে থামতে দিন। টায়ার পালটানোর আগে নিশ্চিত হয়ে নিন যে গাড়িটি রাস্তা থেকে সরে আছে।

ফাটা টায়ার কীভাবে পাল্টাবেন

আপনার গাড়ির টায়ার পাল্টানোর জন্য প্রয়োজনীয় সরঞ্জামগুলি সবসময় গাড়িতে রাখবেন, যেমন স্পেয়ার টায়ার, লগ রেঞ্চ, জ্যাক, স্ক্রু ড্রাইভার, ফ্ল্যাশ লাইট, ফ্লেয়ার এবং রিফ্লেক্টিভ ট্রায়ান্গল, হুইল ওয়েজ, ফ্ল্যাট টায়ার রিপেয়ার কিট, গ্লাভস ইত্যাদি।

টায়ার পাল্টানোর জন্য সাধারণ নির্দেশাবলী। **দ্রষ্টব্য:** প্রক্রিয়াটি একেকটি গাড়ির ক্ষেত্রে একেক রকমের হতে পারে, তাই অনুগ্রহ করে গাড়ির ওনারস ম্যানুয়ালটি দেখে নেন।

1. গাড়িটিকে এমন সমতল স্থানে পার্ক করুন যা ট্র্যাফিক থেকে দূরে হবে এবং যতটা সম্ভব রাস্তা থেকেও যেন দূরে থাকে।
2. পার্কিং ব্রেক লাগান এবং গাড়িটিকে নিরাপদে দাঁড় করিয়ে রাখার জন্য এর বাকি ভাল টায়ারের সামনে এবং পিছনে ইট, কাঠের টুকরো বা হুইল চোক দিয়ে রাখুন।
3. যদি গাড়িতে হুইল কভার বা হাবক্যাপ থাকে, তাহলে স্ক্রু ড্রাইভার অথবা লগ রেঞ্চের সমতল প্রান্ত ব্যবহার করে সাবধানে তা খুলে ফেলুন।
4. গাড়ি মাটির ওপর থাকা অবস্থায়, গাড়ির লগ রেঞ্চের এমন অংশ ব্যবহার করুন যা লগ নাটের সাথে মেলে এবং নাটগুলো ঢিলে করুন। এই ধাপে, লগ বোল্ট থেকে লগ নাট পুরোপুরি খুলবেন না।
5. গাড়ির ফ্রেম বা সাসপেনশনের নীচে জ্যাকটি শক্ত মাটিতে নিরাপদে রাখুন এবং/অথবা জ্যাকটি সঠিকভাবে রাখার জন্য গাড়ির ওনারস ম্যানুয়াল দেখে নিন। জ্যাকটি দিয়ে গাড়িটিকে ততক্ষণ পর্যন্ত তুলতে থাকুন যতক্ষণ না টায়ারটি মাটি থেকে প্রায় 6 ইঞ্চি উপরে উঠে আসে।

6. লগ নাটগুলো পুরোপুরি খুলে ফেলুন এবং সেগুলো কোনো নিরাপদ জায়গায় রাখুন (হুইল কভার বা হাবক্যাপে রাখা ভালো)। খারাপ টায়ারটিকে দু হাত দিয়ে ধরে খুলে ফেলুন এবং সোজা এবং সমানভাবে লগ বোল্ট থেকে টেনে বের করুন।
7. হুইল লগ বোল্টের উপর স্পেয়ার হুইল/টায়ার লাগান এবং হাত দিয়ে সবগুলো লগ নাট লাগিয়ে দিন। নাটগুলো সঠিকভাবে লাগানোর পর লগ রেঞ্চ ব্যবহার করে নাটগুলো আঁটসাঁট করুন, তবে খুব বেশি শক্ত করবেন না (এই ধাপে নাটগুলো পুরোপুরি টাইট করার দরকার নেই)।
8. ধীরে ধীরে গাড়িটিকে মাটিতে নামিয়ে নিন, কিন্তু এই ধাপে গাড়ির নীচ থেকে জ্যাকটি সরাবেন না।
9. সঠিক টর্ক সিকোয়েন্স এবং টর্ক স্পেসিফিকেশনের জন্য গাড়ির অপারেটরের ম্যানুয়ালটি দেখার পর, লগ রেঞ্চ ব্যবহার করে লগ নাটগুলিকে টাইট করুন।
10. গাড়ির ট্রান্সে জ্যাক, টায়ার/হুইল, টুন্স ও সুরক্ষা সরঞ্জাম সঠিকভাবে রাখুন।

গাড়িতে যদি হুইল কভার বা হাব ক্যাপ থাকে, তাহলে ওনারস ম্যানুয়ালে ইনস্টলেশনের নির্দেশাবলি পাওয়া যাবে। গাড়িতে যদি সেন্টার ক্যাপ থাকে, তাহলে সেন্টার ক্যাপটিকে হুইলের উপর রাখুন এবং হাতের তালুর নীচের অংশ দিয়ে টোকা মেরে বসিয়ে দিন। গাড়ি চালানোর আগে দেখে নিন, হুইল কভার বা সেন্টার ক্যাপ ঠিক মতো বসেছে কি না।

আপনার গাড়ি যখন পেভমেন্ট থেকে উঠে গিয়ে শোল্ডারে চলে যায়

রাস্তার ধারে যেখানে শোল্ডার থাকে পেভমেন্টের চেয়ে নীচে, সেখানে "ড্রপ-অফ" অনুভব করার পরে আপনি স্টিয়ারিংকে ফের নিয়ন্ত্রণে আনতে না-জানেন তবে গুরুতর দুর্ঘটনা ঘটতে পারে। যদি আপনি রাস্তার ধারের খুব কাছ দিয়ে গাড়ি চালান অথবা যদি আপনি খুব দ্রুত কোনও কার্ভের মধ্য দিয়ে গাড়ি চালান এবং আপনার সামনের টায়ারকে রাস্তা থেকে সরে যেতে দেন, তাহলে "ড্রপ-অফ" হতে পারে।

"ড্রপ-অফ" সাধারণত হয়েই থাকে, বিশেষ করে গ্রামের রাস্তায়। যেখানে রাস্তাঘাট নতুন করে হচ্ছে এবং যেখানে শোল্ডারে খাঁজ থাকে তখনও তা হতে পারে।

"ড্রপ-অফ" খুব দ্রুত ইমার্জেন্সি ঘটনা হয়ে যেতে পারে, যদি-না আপনি জানেন যে কীভাবে এর থেকে উদ্ধার পাওয়া যায়। এই কথাগুলো মনে রাখা সবচেয়ে জরুরি: তীব্র গতিতে গাড়ি চালাবেন না এবং আচমকা ব্রেক কষবেন না। যদি আপনি জোরে হুইল ঘুরিয়ে ফের রাস্তায় আসতে চান, তাহলে গাড়িটি পাশের রাস্তায় চলে গিয়ে সামনে থেকে আসা ট্র্যাফিকের মুখে পড়ে যেতে পারে। আপনি যদি পেভমেন্টে দুটি (2) হুইল এবং সফট শোল্ডারে দুটি (2) হুইল রেখে জোরে ব্রেক কষেন, তাহলে গাড়িটি স্কিড করে নিয়ন্ত্রণ হারিয়ে ফেলতে পারে।

আপনি পেভমেন্ট থেকে ছিটকে গেলে এই কাজটি করতে পারেন

- যখন ডান দিকের দুটি হুইলই পেভমেন্ট থেকে সরে আসবে, তখন গতি কমানোর জন্য গ্যাস প্যাডেল আন্সে আন্সে ছেড়ে দিন। **আচমকা ব্রেক কষবেন না।** শোল্ডারে বিপত্তি এড়াতে আপনাকে যদি ব্রেক কষতেই হয়, তাহলে ধাপে-ধাপে নিয়ন্ত্রণে থেকে ব্রেক কষবেন, যাতে হুইল লক হয়ে না-যায়।
- স্টিয়ারিং হুইল শক্ত করে ধরে রাখুন এবং রাস্তার সমান্তরালে স্টিয়ার করুন, যেখানে দুই চাকা রাস্তার ওপর এবং দুই চাকা রাস্তার বাইরে (ড্রপ অফ প্রান্তে)। টায়ারগুলো যেন পেভমেন্টের কিনারায় ঘষা না-খায়। মাথা ঠান্ডা রাখুন এবং স্টিয়ারিং হুইলে গ্রিপ শক্ত করে ধরে রাখুন। নরম বা ভেজা শোল্ডার আপনার গাড়িকে ডানদিকে টেনে নিয়ে যাবে। **ফের রাস্তায় উঠে আসার চেষ্টা করার সময় জোরে স্টিয়ারিং ঘোরাবেন না।**
- ধীরে ধীরে গাড়ি স্লো করতে থাকুন। যতক্ষণ না আপনি খুবই ধীরে ধীরে যাওয়া শুরু করেন - 25 মাইল প্রতি ঘণ্টার কমে এবং 10 মাইল প্রতি ঘণ্টা হলে বেশি ভাল হয় - এবং আপনার গাড়িকে নিয়ন্ত্রণে আনতে পারেন।
- আপনি যে লেনে ফের তুকবেন, সেখানে পিছন দিক থেকে ট্র্যাফিক আসছে আসছে কি না দেখে নিন। আপনার বাম দিকের টার্ন সিগন্যাল চালু করুন।
- যখন পরিষ্কার থাকে, তখন আন্সে করে বাম দিকে স্টিয়ারিং ঘোরান যাতে ডান দিকের চাকা পেভমেন্টে ফিরে আসে। যখনই আপনার মনে হবে যে আপনার হুইলগুলো ফের রাস্তায় চলে এসেছে, তখনই আন্সে আন্সে ডানদিকে স্টিয়ারিং ঘোরান সোজা বের হয়ে যাওয়ার জন্য।
- যখনই আপনি নিরাপদে পেভমেন্টে ফিরে আসবেন এবং আপনার গাড়ির উপর সম্পূর্ণ নিয়ন্ত্রণে চলে আসবে, যান চলাচলের প্রবাহের সঙ্গে মিলিয়ে গতি বাড়ান।

আপনার লেনে সামনে থেকে কোনও গাড়ি এলে

প্রথমে, মনোযোগ আকর্ষণ করার জন্য আপনার হর্ন বাজাবেন। ওই অপর চালক যদি না-সরেন, তা হলে ডানদিকে যাওয়ার চেষ্টা করুন, সম্ভব হলে। যদি আপনি বামে সরে যান এবং অন্য ড্রাইভার শেষ মুহূর্তে ঠিক করেন, তবুও আপনারা দুর্ঘটনায় পড়বেন। মুখোমুখি সংঘর্ষ যদি অনিবার্যই হয়, তাহলে জোরে ও অবিচল ভাবে ব্রেক কষুন। আপনি ঘণ্টা প্রতি মাইলকে যত কম করবেন, ততই প্রভাবকে কম করতে পারবেন।

শবযাত্রা

আপনি যদি রাস্তায় শবযাত্রা দেখতে পান, তাহলে সেই যাত্রায় থাকা গাড়িগুলোকে যেতে দিন। একবার মূল গাড়িটি যখন মোড় পার হয়ে যায়, তখন বাকি গাড়িগুলোও মোড় দিয়ে যেতে পারে, অন্য যানবাহনকে তাদের পথ ছাড়তে হবে। শবযাত্রাটিকে চলে যেতে দিন, শবযাত্রার ভিতরে ঢুকে বা তার মধ্য থেকে বাইরে বের হবেন না, যদি না আপনাকে তা কোনও পুলিশ অফিসার বা ওই শবযাত্রার কোনও এজেন্ট বা শোভাযাত্রা পরিচালকের কর্মচারী করার নির্দেশ দেন।

শবযাত্রায় অংশগ্রহণকারী সব গাড়িতেই হেডলাইট ও ইমার্জেন্সি ফ্ল্যাশার অন থাকতে হবে এবং কোনও পতাকা বা প্রতীকও থাকতে হবে, যা দিয়ে বোঝা যায় যে সেগুলো শবযাত্রার অংশ। মিছিলের সময়, শবযাত্রার যানবাহনগুলিতে ফ্ল্যাশিং বা ঘূর্ণায়মান বেগুনি আলো প্রদর্শিত হতে পারে।

যদি সবুজ আলো থাকা অবস্থায় শবযাত্রার প্রধান গাড়িটি মোড় দিয়ে যেতে শুরু করে, তাহলে শবযাত্রার চালকরা সেই আলো লাল হওয়ার পরেও বা স্টপ সাইন থাকা সত্ত্বেও এগিয়ে যেতে পারবেন। স্টপ সাইনের ক্ষেত্রে, মোড় দিয়ে এগিয়ে যাওয়ার আগে প্রধান গাড়িটিকে প্রথমে পুরো থামতে হবে। শবযাত্রার গাড়িগুলোকে জরুরি পরিষেবা যানবাহনের জন্য পথ ছাড়তে হবে।

অধ্যায় ৩ পর্যালোচনা প্রশ্নাবলী

4. পেনসিলভেনিয়াতে 16 বছর বয়সীদের ক্ষেত্রে সবচেয়ে বেশি যেভাবে গাড়ি দুর্ঘটনা হয়:
- সিঙ্কেল ভেইকল/রাস্তা থেকে ছিটকে যাওয়া
 - আন্তঃরাজ্য সড়কে সাইডসুইপড হওয়া
 - সাইড স্ট্রিটে রিভার্সে গাড়ি চালানো
 - হাইওয়ের শোল্ডারে গাড়ি চালানো
-
5. একজন সাইকেল চালকের পাশ দিয়ে যাওয়ার সময় আপনাকে অবশ্যই:
- সাইকেল আরোহীকে সতর্ক করতে জোরে হর্ন বাজাতে হবে
 - যতটা সম্ভব বাম দিকে সরতে হবে
 - লেনের মাঝখানে থাকতে হবে
 - নিজের চারদিকে ফ্ল্যাশার চালু রাখতে হবে।
-
6. যখন আপনি এমন একটি এলাকায় গাড়ি চালান যেখানে শিশুরা খেলছে, তখন তাদের কাছ থেকে কী আশা করবেন:
- কখন নিরাপদে রাস্তা পার হওয়া যায় তা জানবে
 - রাস্তা পার হওয়ার আগে কার্বে থামবে
 - সামনে না দেখে হঠাৎ রাস্তা পার হয়ে যাবে
 - একজন প্রাপ্তবয়স্ক সঙ্গে না থাকলে রাস্তা পার হবে না
-
7. আপনি মোটর সাইকেল আরোহীর পিছন-পিছন গাড়ি চালাচ্ছেন, তখন আপনাকে অবশ্যই:
- পুরো রাস্তা মোটর সাইকেলের জন্য ছেড়ে দিতে হবে
 - মোটর সাইকেলের পাশের শোল্ডারে গাড়ি চালাতে হবে
 - লেনের অর্ধেক অংশ মোটর সাইকেলের জন্য ছেড়ে দিতে হবে
 - সেই লেন দিয়েই ওভারটেক করতে হবে যে-লেনে মোটর সাইকেল আছে
-
1. কিশোর চালকদেরই দুর্ঘটনায় জড়িত হওয়ার আশঙ্কা বেশি থাকে, যখন:
- তারা নিজের পোষা প্রাণীকে যাত্রী হিসেবে নিয়ে গাড়ি চালায়
 - তারা প্রাপ্তবয়স্ক যাত্রীদের নিয়ে গাড়ি চালায়
 - তারা কিশোর যাত্রীদের নিয়ে গাড়ি চালায়
 - তারা কোনও যাত্রী নিয়ে গাড়ি চালায় না
-
2. চালক যারা গাড়ি চালানোর সময় খাবার ও পানীয় গ্রহণ করেন:
- গাড়ি চালানোর সময় কোনো ভুল হয় না
 - ধীরে গাড়ি চালাতে সমস্যা হয়
 - তারা ভালো চালক কারণ তারা ক্ষুধার্ত থাকে না
 - তাদের গাড়ি নিয়ন্ত্রণে সমস্যা হয়
-
3. গাড়ি চালানোর সময় ধূমপান করার প্রস্তুতি নেওয়া এবং ধূমপান করা:
- গাড়ি চালানোর দক্ষতার ওপর কোনো প্রভাব ফেলে না
 - চালকের সতর্কতা বজায় রাখতে সহায়ক হয়
 - মনোযোগ বিচ্ছিন্ন হওয়ার মতো কাজ
 - মনোযোগ বিচ্ছিন্ন হওয়ার মতো কাজ নয়
-
8. মোটর সাইকেলের পিছন-পিছন চললে
- অন্তত 2টা কারের দৈর্ঘ্যের অনুসরণ দূরত্ব রাখবেন
 - অন্তত 2 সেকেন্ডের ফলোয়িং ডিসটেন্স রাখবেন
 - অন্তত 4 সেকেন্ডের ফলোয়িং ডিসটেন্স রাখবেন
 - অন্তত 4টা মোটর সাইকেলের দৈর্ঘ্যের ফলোয়িং ডিসটেন্স রাখবেন

9. সাদা ছড়ি ব্যবহার করা কোনো পথচারীর কাছে দিয়ে গাড়ি চালানোর সময় আপনাকে বিশেষ সতর্কতা অবলম্বন করতে হবে, কারণ:
- তিনি বধির
 - তার মানসিক সমস্যা রয়েছে
 - তিনি দৃষ্টিহীন
 - তার হাঁটার সমস্যা রয়েছে
10. সাদা ছড়ি হাতে নিয়ে অথবা গাইড কুকুর সঙ্গে নিয়ে আছেন, এমন কোনো দৃষ্টিহীন পথচারীর কাছ দিয়ে গাড়ি চালানোর সময় আপনার করণীয়:
- গতি কমান ও থামার জন্য প্রস্তুত থাকুন
 - নিজের এগিয়ে যাওয়াকে অগ্রাধিকার দিন
 - স্বাভাবিকভাবেই গাড়ি চালিয়ে চলে যান
 - দ্রুত গাড়ি চালিয়ে চলে যান
11. ট্র্যাফিক লাইট না-থাকা জায়গায় একজন গাড়ি চালক টার্ন নিচ্ছেন এবং একজন পথচারী রাস্তা পার করছেন, দুজনের মধ্যে কার আগে পথ ছেড়ে দিতে হবে?
- যিনি পরে শুরু করেছেন
 - চালক
 - যাঁর গতি ধীর থাকবে
 - পথচারী
12. কোনও গাড়ির পিছনে কমলা রঙের ত্রিভুজ থাকা মানে এই যে গাড়িটি:
- তেজস্ক্রিয় সামগ্রী পরিবহন করে
 - চওড়া টার্ন নেয়
 - স্বাভাবিক ট্র্যাফিকের চেয়ে ধীরে চলে
 - ঘন ঘন থামে
13. রাতে কী দেখা সবচেয়ে কঠিন?
- রোড সাইন
 - পথচারী
 - অন্য গাড়ি চালকদের
 - স্ট্রিট লাইট
14. যখন আপনার পিছনে থাকা ট্রাক চালক আপনার গাড়িকে পাশ কাটিয়ে যেতে চায়, তখন আপনার স্পিড থাকা উচিত:
- যেমন ছিল তেমনই বা তার চেয়ে কম
 - লেন বদল করার মতো
 - পরিবর্তিত হবে
 - বাড়াতে
15. ট্রাক চলতে থাকা রাস্তায় গাড়ি চালানোর সময় মনে রাখা জরুরি যে, সাধারণত ট্রাকগুলো:
- গাড়ির তুলনায় থামতে বেশি সময় নেয়
 - ঢালু রাস্তায় ওভারটেক করার সময় গাড়ির তুলনায় কম সময় নেয়
 - গাড়ির তুলনায় কম জায়গা লাগে বাঁক নিতে
 - উঁচু রাস্তায় ওভারটেক করার সময় গাড়ির চেয়ে কম সময় নেয়
16. আপনি যখন একাধিক ট্রাক বিশিষ্ট কোনও রেলরোড ক্রসিংয়ে থামবেন, তখন:
- উভয় ট্র্যাকে স্পষ্ট ভাবে দেখতে না-পাওয়া পর্যন্ত অপেক্ষা করবেন
 - রেলরোড ট্র্যাকে থামবেন এবং আরও ট্রেন আসছে কি না দেখবেন
 - ট্রেন চলে যাওয়ার সঙ্গে সঙ্গে গাড়ি চালিয়ে চলে যাবেন
 - কোনও একটা ট্র্যাক ফাঁকা থাকলেই গাড়ি চালিয়ে চলে যাবেন

17. আপনি এমন একটা ট্রাকের পিছনে আছেন যেটা কোনও মোড়ে ডান দিকে টার্ন নেওয়ার আগে বাম দিকে সরে যায়, তখন আপনাকে মনে রাখতে হবে যে কী করা বিপজ্জনক:
- ডান দিকে টার্ন নেওয়ার জন্য ট্রাক ও কার্বের মাঝখানে ঢুকে যাওয়া
 - ট্রাকটি পুরো টার্ন না-নেওয়া পর্যন্ত আপনার ব্রেক কষে দেওয়া
 - "4 সেকেন্ড" অনুসরণ দূরত্ব-এর নিয়ম লঙ্ঘন করা
 - ট্রাক চালকের উদ্দেশ্যে আপনার হর্ন বাজানো
-
18. স্কুল বাস যদি তার লাল বাতি জ্বালিয়ে এবং থামার ইশারা করে হাত বাড়িয়ে আছে, তবে একমাত্র পরিস্থিতি যখন আপনাকে থামতে হবে না, তা হলো যখন আপনি:
- ডিভাইডেড হাইওয়ের বিপরীত দিকে গাড়ি চালাচ্ছেন
 - বাসের পিছনে আছেন
 - কোনো শিশু সেখানে নেই
 - বাম দিকে নিরাপদে পাশ কাটাতে পারেন
-
19. যখন কোনও স্কুল বাসের লাল লাইট জ্বলবে এবং থামার ইশারা করে হাত বাড়ানো থাকবে, তখন আপনাকে অবশ্যই:
- বাসটির থেকে অন্তত 10 ফুট দূরে থামতে হবে
 - বাচ্চার বাস থেকে বেরিয়ে গেলে পাশ কাটিয়ে যাবেন
 - ব্যারিয়ারের বিপরীত দিকে বাস থাকলে থামবেন
 - বাসের কাছ দিয়ে ধীরে গাড়ি চালাতে হবে
-
20. ট্রেন চলে যাওয়ার পর, আপনার যা করা উচিত:
- ট্রেন আসছে কিনা ফের দেখে নিন এবং সাবধানে গাড়ি চালিয়ে চলে যাবেন
 - সবুজ আলোর জন্য অপেক্ষা করবেন
 - ট্র্যাক পার করে চলে যাবেন
 - হর্ন বাজিয়ে এগিয়ে যাবেন
-
21. অন্য চালকরা না-চাইলেও আপনাকে যদি গাড়ির গতি কমাতে হয় বা থামতে হয়, তাহলে আপনার উচিত:
- ব্রেক প্যাডেলে কয়েকবার দ্রুত চাপ দেওয়া
 - ইমার্জেন্সি ব্রেক ব্যবহার করা
 - আপনার ব্লাইন্ড স্পটের ট্রাফিক দেখতে পেছনে তাকানো
 - আপনার হর্ন বাজানোর জন্য তৈরি হওয়া
-
22. আপনি যখন টার্ন নেওয়ার কথা ভাববেন, তখন নিজের টার্ন সিগন্যাল অ্যাক্টিভেট করবেন:
- যদি অন্যান্য চালকরা আপনার পিছন-পিছন আসতে থাকে
 - আপনার গাড়ির সামনের অংশ মোড়ে পৌঁছে গেলে
 - আপনার মোড়ে পৌঁছানোর 3 থেকে 4 সেকেন্ড আগে
 - মোড়ে পৌঁছানোর 2টি গাড়ির দৈর্ঘ্য আগে
-
23. অন্য গাড়িকে ওভারটেক করার আগে আপনার উচিত:
- চালককে সতর্ক করার জন্য আপনার হেডলাইট জ্বালানো
 - চালককে সতর্ক করার জন্য আপনার ফোর-ওয়ে ফ্ল্যাশার অন করা
 - আপনি লেন পালটাচ্ছেন বোঝানোর জন্য সঠিক টার্ন সিগন্যাল দেওয়া
 - চালকের মনোযোগ আকর্ষণ করার জন্য আপনার হর্ন বাজানো
-
24. আপনার ব্লাইন্ড স্পট হল রাস্তার সেই অংশটি:
- যা আপনি মাথা না-ঘোরালে দেখতে পাবেন না
 - যা সরাসরি আপনার গাড়ির পিছনে থাকে
 - যা আপনি নিজের রিয়ার ভিউ মিররে দেখতে পান
 - যা আপনি নিজের সাইড ভিউ মিররে দেখতে পান

25. অন্য গাড়িকে ওভারটেক করার আগে, আপনার সিগন্যাল দেওয়া উচিত:

- A. লেন পরিবর্তন করার ঠিক আগে
- B. যেকোনো সময়
- C. লেন পরিবর্তন করার ঠিক পরে
- D. অনেক আগে যাতে অন্যরা বুঝতে পারে আপনি কী করতে চলেছেন

26. মাল্টি-লেন হাইওয়েতে লেন পরিবর্তন করার আগে আপনার উচিত:

- A. আপনার হর্ন বাজানো
- B. আপনার হেডলাইট অন করা
- C. আপনার স্পিড কম করা
- D. আপনার মিরর ও ব্লাইন্ড স্পট চেক করা

27. আপনি রোডওয়েতে গাড়ি পার্ক করলে, আপনার উচিত:

- A. আপনার ফোর-ওয়ে ফ্ল্যাশার ব্যবহার করা
- B. একটা কোণ করে পার্ক করা
- C. আপনার টার্ন সিগন্যালকে অন রাখা
- D. আপনার লাইটগুলোকে অন রাখা

28. ব্যাক আপ নেওয়ার আগে আপনার উচিত:

- A. নিজের মিররের উপর ভরসা করা এটা দেখার জন্য যে এগিয়ে যাওয়ার জন্য রাস্তা পরিষ্কার আছে কি না
- B. আপনার লাইটগুলোকে জ্বালানো
- C. আপনার দরজা খুলে দেখা যে এগিয়ে যাওয়ার জন্য রাস্তা পরিষ্কার আছে কি না
- D. আপনার ঘাড় ঘুরিয়ে পেছনের জানালা দিয়ে দেখা

29. গাড়িতে-গাড়িতে সংঘর্ষ এড়ানোর জন্য আপনার উচিত:

- A. রাস্তায় অন্যান্য চালকদের সঙ্গে যোগাযোগ রাখা
- B. রাস্তায় অন্যান্য চালকদের উপেক্ষা করা
- C. সাইড স্ট্রিটে ও ব্যাক রোডে গাড়ি চালানো
- D. ভিডিওভেডের সময় গাড়ি চালানো এড়িয়ে চলা

30. চালক যা করছেন:

- A. গতি কমাচ্ছেন বা থামছেন
- B. বাম দিকে টার্ন নিচ্ছেন
- C. ডান দিকে টার্ন নিচ্ছেন
- D. দরজা খুলছেন



31. যদি আপনার টার্ন সিগন্যাল কাজ না করে, তাহলে আপনাকে টার্নিংয়ের জন্য _____ ব্যবহার করতে হবে।

- A. আপনার হর্ন
- B. আপনার হেডলাইট
- C. হ্যান্ড সিগন্যাল
- D. আপনার ইমার্জেন্সি ফ্ল্যাশার

32. লিমিটেড অ্যাক্সেস হাইওয়েতে 40 মাইল প্রতি ঘণ্টার নীচে গাড়ি চালানোর সময়, আপনার উচিত:

- A. শোল্ডারে গাড়ি চালানো
- B. আপনার হাই বিম ব্যবহার করা
- C. অন্যদের সতর্ক করতে আপনার হর্ন বাজানো
- D. আপনার ফোর-ওয়ে ফ্ল্যাশার ব্যবহার করা

33. আপনার হর্ন বাজানো উচিত, যখন আপনি:

- A. মোড়ের মধ্য দিয়ে যাচ্ছেন
- B. আপনি সাইকেল আরোহীকে পাশ কাটিয়ে যাচ্ছেন
- C. একটি শিশুকে দেখছেন যে রাস্তায় দৌড়ে চুকে পড়বে
- D. প্যারালেল পার্কিং করছেন

34. আপনার অবশ্যই হেডলাইট ব্যবহার করা উচিত যখন অন্য গাড়িগুলোকে _____ ফুট দূর থেকে দেখা যায় না।
- A. 1000
B. 1500
C. 1800
D. 1200

35. হাই বিম ব্যবহার করা কোনও গাড়ি আপনার দিকে এগিয়ে এলে, আপনার উচিত:
- A. আপনার হাই বিম অন করা
B. আপনার হেডলাইট অফ করা
C. আপনার হর্ন বাজানো
D. আপনার হাই বিম ফ্ল্যাশ করা

36. হাই বিম ব্যবহার করা কোনও গাড়ি আপনার দিকে এগিয়ে এলে, আপনার উচিত রাস্তার _____ তাকানো।
- A. দুই দিকেই
B. মাঝখানে
C. ডান দিকে
D. বাম দিকে

37. আপনি নিজের হর্ন বাজাতে পারেন, যখন:
- A. আপনাকে দ্রুত থামতে হবে
B. আপনি অন্য গাড়িকে পাশ কাটিয়ে যাচ্ছেন
C. আপনি নিজের গাড়ির উপর নিয়ন্ত্রণ হারিয়ে ফেলেছেন
D. আপনি সাইকেল আরোহীকে পাশ কাটিয়ে যাচ্ছেন

38. আপনার ব্রেক লাইটই অন্য চালকদের বলে দেয় যে আপনি:
- A. টার্ন নিচ্ছেন
B. নিজের ইমার্জেন্সি ব্রেক অন রেখেছেন
C. লেন পাল্টাচ্ছেন
D. গাড়ি স্লো করছেন বা থামাচ্ছেন

39. টার্ন নেওয়ার আগে আপনার উচিত:
- A. আপনার সিগন্যাল ব্যবহার করা
B. হুইল টার্ন করা
C. আপনার স্পিড বাড়ানো
D. লেন পাল্টানো

40. চালক:
- A. বাম দিকে টার্ন নিচ্ছেন
B. স্লো করছেন
C. থামাচ্ছেন
D. ডান দিকে টার্ন নিচ্ছেন



41. চালক:
- A. বাম দিকে টার্ন নিচ্ছেন
B. স্লো করছেন
C. থামাচ্ছেন
D. ডান দিকে টার্ন নিচ্ছেন



42. অন্য গাড়ির আপনাকে ধাক্কা মারার ঝুঁকি থাকলে, আপনার উচিত:
- A. আপনার হর্ন বাজানো
B. আপনার হাত নাড়ানো
C. আপনার ইমার্জেন্সি লাইট ব্যবহার করা
D. আপনার হেডলাইট ফ্ল্যাশ করা

43. আপনি গাড়ি চালাতে-চালাতে ক্লান্তি অনুভব করতে শুরু করলে, সবচেয়ে ভাল হয়:
- একটু কফি খাওয়া
 - আপনার জানলা খুলে দেওয়া
 - গাড়ি থামিয়ে দেওয়া
 - রেডিও অন করা
-
44. ঘুমের অভাব আপনার নিরাপদভাবে গাড়ি চালানোর দক্ষতায় যে প্রভাব ফেলে, তা ঠিক যেন:
- মদ্যপানের প্রভাবের সমান
 - অ্যাক্সিটামিনের প্রভাবের সমান
 - রাগ হওয়ার প্রভাবের সমান
 - কিশোরদের সঙ্গে গাড়ি চালানোর প্রভাবের সমান
-
45. তন্দ্রাচ্ছন্ন হয়ে গাড়ি চালিয়ে অন্য গাড়ির সঙ্গে সংঘর্ষ হওয়ার হাত থেকে বাঁচতে কিশোর-কিশোরীদের অবশ্যই রোজ রাতে _____ ঘুমোনো উচিত।
- 7 ঘণ্টা
 - 6 ঘণ্টা
 - 8 ঘণ্টা
 - 9 ঘণ্টা
-
46. ট্র্যাফিকে অন্য চালক যদি আপনাকে কাটিয়ে চলে যায়, তাহলে আপনার উচিত:
- সেই চালকের দিকে এগিয়ে গিয়ে তার উপর চিৎকার করা
 - সেই চালককে উপেক্ষা করা
 - সেই চালকের দিকে আপনার হাই বিম ফ্ল্যাশ করা
 - সেই চালকের পিছু গিয়ে তাকে কাটিয়ে যাওয়া
-
47. আপনার পিছনে কেউ আগ্রাসী ভাবে গাড়ি চাললে আপনার উচিত:
- আগ্রাসী চালকের পথ থেকে সরে আসার চেষ্টা করা
 - সেই চালক আপনাকে পাশ কাটিয়ে যাওয়ার সময় তার দিকে চোখ বড় করে তাকানো
 - সেই চালক আপনাকে পাশ কাটিয়ে যাওয়ার সময় আপনারও স্পিড বাড়ানো
 - পাসিং লেন ব্লক করা
-
48. স্বাভাবিক ভাবে একজন মানুষ এক পাত্র মদ খাওয়ার পর তাঁর শরীরে তার প্রসেস হতে কত মিনিট লাগে?
- 15
 - 60
 - 90
 - 30
-
49. _____ আপনার মনোযোগ, অনুভূতি, বিচার ও স্মৃতিশক্তিকে সীমিত করে।
- শুধুমাত্র রক্তের অ্যালকোহলের স্তর আইনগত সীমার চেয়ে বেশি হলে
 - অ্যালকোহল তা করে না
 - অ্যালকোহলের সামান্যতম মাত্রাও সীমিত করে
 - শুধুমাত্র রক্তে অ্যালকোহলের মাত্রা .05 এর বেশি হলে
-
50. অ্যালকোহলের সঙ্গে ড্রাগস নিলে:
- গাড়ি দুর্ঘটনার ঝুঁকি বেড়ে যায়
 - অ্যালকোহল নিজে যত বিপজ্জনক তার চেয়ে নয়
 - আপনার গাড়ি চালানোর সামর্থ্যের উপর অ্যালকোহলের প্রভাব কমায়
 - আপনার গাড়ি চালানোর সাধারণ সামর্থ্যের উপর কোনও প্রভাব ফেলে না
-
51. আপনার রক্তে অ্যালকোহল চড়তে থাকলে, তা:
- আপনার প্রতিক্রিয়া সামর্থ্যকে কমিয়ে দেয়
 - আপনাকে আত্মবিশ্বাসী অনুভব করায়
 - নিজেকে বেশি দ্রুত মেটাবলাইজ করে
 - আপনার গাড়ি চালানোর ত্রুটি কমিয়ে দেয়

52. আপনার রক্তে অ্যালকোহলের মাত্রা .04 হলে:
- অ্যালকোহল সেবন করেননি এমন ব্যক্তির তুলনায় আপনার গাড়ি দুর্ঘটনা হওয়ার আশঙ্কা 2-7 গুণ বেশি
 - রক্তে অ্যালকোহলের মাত্রা আইনগত সীমার চেয়ে বেশি, তবে গাড়ি চালাতে সমস্যা হবে না
 - পুরোপুরি নিশ্চিত যে আপনি নিরাপদে গাড়ি চালাতে পারবেন
 - গাড়ির স্টিয়ারিং ধরার আগে প্রচুর পরিমাণে কফি খাওয়া উচিত
-
53. আপনি যখন দমকলের সাইরেন শুনবেন, তখন আপনাকে অবশ্যই:
- গাড়ি স্লো করতে হবে দমকল পাশ দিয়ে চলে যাওয়া পর্যন্ত
 - নিজের ফ্ল্যাশার অন করে গাড়ি চালাতে হবে
 - রাস্তার এক পাশে চলে গিয়ে গাড়ি থামাতে হবে
 - গাড়ির স্পিড বাড়িয়ে নিকটতম প্রস্থানের জায়গায় চলে যাবেন
-
54. টায়ার ফেটে গেলে আপনার উচিত হবে:
- স্টিয়ার লুইলকে অবোধে ঘুরতে দেওয়া
 - গাড়িকে স্লো হতে দিয়ে থামতে দেওয়া
 - গ্যারাজ না-পৌঁছানো পর্যন্ত গাড়ি চালিয়ে যাওয়া
 - গাড়িকে সঙ্গে-সঙ্গে থামানোর জন্য জোরে ব্রেক কষা
-
55. হাইওয়েতে আপনার গাড়ির ব্রেক ডাউন হলে, আপনার উচিত হবে:
- নিজের গাড়িতে বসে থেকে সাহায্যের অপেক্ষা করা
 - অন্য চালকদের সতর্ক করার জন্য আপনার ফোর-ওয়ে ফ্ল্যাশার ব্যবহার করা
 - আপনার পাশ দিয়ে চলে যাওয়া মোটর চালকদের উদ্দেশ্যে আপনার হর্ন বাজানো
 - সামনে থেকে আসতে থাকা ট্র্যাফিকের দিকে আপনার হেডলাইট ফ্ল্যাশ করা
-
56. আপনি যখন লাইট ফ্ল্যাশ করতে থাকা ইমার্জেন্সি গাড়ি দেখবেন, তখন আপনাকে অবশ্যই:
- গাড়ি স্লো করে নিজের লেনেই চলতে হবে
 - নিজের লেনেই গাড়ি চালিয়ে যেতে হবে
 - কার্বের কাছে গিয়ে গাড়ি থামাতে হবে
 - সেখানেই থেমে যেতে হবে যেখানে আছেন
-
57. ওয়ান ওয়ে স্ট্রিটে গাড়ি চালাচ্ছেন আর আপনার পিছনে লাইট ফ্ল্যাশ করতে করতে ইমার্জেন্সি গাড়ি চলে এল, তখন আপনাকে:
- নিজের ফ্ল্যাশার অন করে গাড়ি চালাতে হবে
 - নিকটতম রোড সাইডের দিকে গাড়ি চালিয়ে নিয়ে গিয়ে থেমে যেতে হবে
 - গাড়ির স্পিড বাড়িয়ে নিকটতম প্রস্থানের জায়গায় চলে যাবেন
 - নিজের গাড়ি স্লো করতে হবে, ওই গাড়িটি পাশ দিয়ে চলে না-যাওয়া পর্যন্ত
-
58. আপনার পাশ দিয়ে সাইরেন বাজিয়ে ইমার্জেন্সি গাড়ি চলে যাওয়ার পর আপনি অবশ্যই:
- পুলিশের গাড়ির কাছে কাছে থেকে গাড়ি চালাবেন
 - পুলিশের গাড়ি যত জোরে চলবে তত জোরে গাড়ি চালাবেন
 - ইমার্জেন্সি গাড়ির পিছনে 500 ফুট কাছে থেকে গাড়ি চালাবেন না
 - কার্বের কাছে ধুব ধীরে গাড়ি চালাবেন
-
59. ওয়ার্ক জোনের সামনে গাড়ি দুর্ঘটনা মূলত এই সব কারণে হয়:
- টায়ার ফেটে যাওয়া
 - রাস্তায় জল ছিটিয়ে পড়ে থাকার দরুণ হাইড্রোপ্লেনিং
 - কাঁচা রঙের উপর গাড়ি চালানোয় স্টিয়ারিংয়ের উপর নিয়ন্ত্রণ হারিয়ে যাওয়া
 - অসাবধানতা ও দ্রুত গতিতে গাড়ি চালানো
-
60. ওয়ার্ক জোনের মধ্য দিয়ে গাড়ি চালানোর সময় নিরাপদ থাকার জন্য ভালো অভ্যাস হলো:
- সামনে থাকা গাড়ির খুব কাছাকাছি চালানো, যাতে ট্র্যাফিক ঠিকভাবে চলতে পারে
 - সাধারণত যে দূরত্ব রেখে চালান, তা অর্ধেক কমিয়ে ফেলা
 - আপনার ক্রুজ কন্ট্রোল অন করা
 - আপনার সাধারণ অনুসরণ দূরত্বকে বেশি করা- দ্বিগুণ

61. টু-লেনে, টু-ওয়ে স্ট্রিটে বা হাইওয়েতে, আপনার বাম দিকে টার্ন নেওয়া শুরু করা উচিত:
- সেন্ট্রাল লাইনের কাছাকাছি থেকে
 - আউটসাইড লাইনের কাছাকাছি থেকে
 - লেনের মাঝখান থেকে
 - লেনের যে-কোনও জায়গা থেকে
62. মাল্টি-লেন স্ট্রিট ও হাইওয়েতে বাম দিকে টার্ন নেওয়ার জন্য, আপনাকে শুরু করতে হবে এখান থেকে:
- মোড়ের মাঝখান থেকে
 - ডান দিকের লেন থেকে
 - বাম দিকের লেন থেকে
 - যে-কোনও লেন থেকে
63. টু-লেন রোডে, আপনি ডান দিক দিয়ে অন্য গাড়িকে ওভারটেক করতে পারেন যখন:
- এক লেনের কোনো প্রবেশপথ দিয়ে গাড়ি চালাচ্ছেন
 - আপনি যে চালকের গাড়ি ওভারটেক করছেন তিনি যদি টাঙ্গানো গতির সীমার চেয়ে কম গতিতে থাকেন
 - কখনই না
 - আপনি যে-গাড়িকে ওভারটেক করছেন সেটির ড্রাইভার বাম দিকে টার্ন নিলে
64. টু-লেন রোডে স্লো চলতে থাকা গাড়িকে ওভারটেক করার সময় আপনি অবশ্যই:
- সেন্টার লাইন ক্রস করবেন না
 - সামনে থেকে আসতে থাকা ট্র্যাফিকের দিকে আপনার লাইট ফ্ল্যাশ করবেন
 - শোন্ডার ব্যবহার করবেন
 - সামনে থেকে আসা ট্র্যাফিকের জন্য নির্ধারিত লেন ব্যবহার করবেন
65. এই পেভমেন্ট মার্কিংগুলো আপনাকে বলে যে সামনের মোড়ে:
- সেন্টার লেন ট্র্যাফিক হয়তো সোজা গেছে বা বাম দিকে টার্ন করেছে
 - আপনি শুধু সেন্টার লেন থেকেই ডান দিকে টার্ন করতে পারবেন
 - সেন্টার লেন গিয়ে মিশেছে ওয়ান লেনে
 - সেন্টার লেন ট্র্যাফিক অবশ্যই বাম দিকে টার্ন করবে
- 
66. গতির নিয়ন্ত্রণ ও বাঁক সম্পর্কে সবচেয়ে জরুরি যে কথা মনে রাখতে হবে, তা হল:
- বাঁকে ঢোকার সময় টাঙ্গানো গতির সীমায় গাড়ি চালাবেন, তারপর বাঁকের সবচেয়ে ছোট অংশে স্লো করবেন
 - বাঁকে ঢোকার আগে স্লো করবেন
 - বাঁকে ঢোকার আগে আস্তে আস্তে অ্যাক্সিলারেট করবেন
 - বাঁকের আগে, বাঁকে ও বাঁকের পরে রাস্তায় টাঙ্গানো গতির সীমায় গাড়ি চালাবেন
67. রাউন্ড-অ্যাবাউট বা ট্রাফিক সার্কলে প্রবেশ করা চালকরা:
- প্রবেশ করার আগে অবশ্যই গাড়ি থামবেন
 - রাউন্ড-অ্যাবাউট বা ট্রাফিক সার্কলে থাকা চালকদের পথ ছেড়ে দেবেন
 - প্রথমে পৌঁছলে আগে যাওয়ার অধিকার থাকবে
 - দুটো লেন থাকলে আগে যাওয়ার অধিকার থাকবে
68. আইন _____ কে মোড়ে অগ্রাধিকার দেয়।
- কাউকে নয়
 - বাম দিকে টার্ন নেওয়া চালকদের
 - সোজা যেতে থাকা চালকদের
 - ডান দিকে টার্ন নেওয়া চালকদের
69. থামুন সাইন থাকা মোড়ে আপনাকে গাড়ি থামাতে হবে এবং:
- রিয়ার ভিউ মিররে দেখে নেবেন কোনও গাড়ি আপনার গাড়িকে প্রায় ঘেঁষে দাঁড়িয়ে আছে কি না
 - আপনার সামনের গাড়ি যাওয়ার পর আপনি যাবেন
 - প্রথমে ডান দিকে তাকাবেন, তারপর বাম দিকে, তারপর ফের ডান দিকে
 - প্রথমে বাম দিকে তাকাবেন, তারপর ডান দিকে, তারপর ফের বাম দিকে

70. প্রবেশের র‍্যাম্প থেকে হাইওয়েতে প্রবেশ করার সময়, সাধারণ ভাবে আপনার যা করা উচিত:
- আগে পৌঁছে যাওয়ার জন্য ট্র্যাফিকের স্পিডের চেয়ে বেশি জোরে গাড়ি চালাবেন
 - অন্য গাড়িগুলোকে এড়িয়ে চলার জন্য ধীরে ধীরে প্রবেশ করবেন
 - প্রথমে থামবেন, তারপর ধীরে ধীরে ট্র্যাফিকে প্রবেশ করবেন
 - ট্র্যাফিকের গতির সাথে সামঞ্জস্য রেখে অ্যাক্সিলারেট করবেন
71. হাইওয়ে থেকে বের হওয়ার সময়, আপনি গতি কমাবেন:
- মূল রোডে, প্রস্থান লেনের ঠিক আগে
 - একবার টোল বুথ দেখতে পেলে
 - এক বার প্রস্থান লেনে ঢুকে গেলে
 - প্রস্থান সাইনটি প্রথম দেখা মাত্রই
72. ফ্রিওয়ের প্রবেশের র‍্যাম্প দিয়ে গাড়ি চালানোর সময়, ফ্রিওয়ের ট্র্যাফিকের ফাঁক খুঁজতে হলে দেখবেন:
- শুধু ইনসাইড রিয়ার ভিউ মিররে তাকিয়ে
 - শুধু সাইডভিউ মিররে তাকিয়ে
 - রিয়ার ভিউ ও সাইড ভিউ এই উভয় মিররে তাকিয়ে
 - মিরর দেখার পাশাপাশি কাঁধ ঘুরিয়ে পেছনের ট্র্যাফিক দেখুন
73. আপনি ফ্রিওয়ে থেকে বেরিয়ে যেতে চাইছেন, কিন্তু আপনি নিজের এগজিট মিস করেছেন, তখন আপনার উচিত:
- পরের এগজিটে যাওয়া, এবং সেই পথ দিয়ে ফ্রিওয়ে থেকে বের হওয়া
 - মেডিয়ানের মধ্য দিয়ে গিয়ে ইউ-টার্ন নেওয়া
 - শোল্ডারের দিকে গিয়ে নিজের গাড়িকে এগজিটের দিকে পিছিয়ে আনা
 - একজন পুলিশ অফিসারকে ডাকা, যিনি আপনাকে এগজিটের দিকে পিছিয়ে নিয়ে যাবেন
74. আপনি একটা মাল্টি লেনের মোড়ে বাম দিকে টার্ন করবেন বলে অপেক্ষা করছেন, কিন্তু বিপরীত দিকের ট্র্যাফিকের জন্য কিছু দেখতে পাচ্ছেন না, তখন আপনার উচিত:
- আপনি যে প্রথম লেনটা ক্রস করতে চান সেটা ক্লিয়ার থাকলে দ্রুত অ্যাক্সিলারেট করা
 - আপনি টার্ন নিতে যাওয়ার আগে যতক্ষণ না-দেখতে পাচ্ছেন যে আপনার ক্রস করতে চাওয়া সব লেন ক্লিয়ার আছে, ততক্ষণ অপেক্ষা করা
 - মোড়ের ওপারে বিপরীত দিকের চালক হাত নাড়ানো পর্যন্ত অপেক্ষা করা
 - বিপরীত ট্র্যাফিকের একেকটি লেন ক্লিয়ার হতেই সেই দিকে নিজের গাড়ি নিয়ে যাওয়া
75. মোড়ে কী করবেন তা বলে দেওয়ার জন্য কোনও সাইন, সিগন্যাল বা পুলিশ না-থাকলে, আইন অনুযায়ী:
- ডান দিকের চালকরা অবশ্যই বাম দিকের চালকদের জন্য পথ ছেড়ে দেবেন
 - এমন কোনও আইন নেই যে আপনাকে অন্যের জন্য পথ ছেড়ে দিতেই হবে
 - সোজা যেতে থাকা চালকরা অবশ্যই মোড়ে বাম দিকে টার্ন নেওয়া চালকদের জন্য পথ ছেড়ে দেবেন
 - বাম দিকে টার্ন নেওয়া চালকরা অবশ্যই মোড়ে সোজা চলে যাওয়া চালকদের জন্য পথ ছেড়ে দেবেন
76. "হাইওয়ে হিপনোসিস" হল চালকদের একটি অবস্থা যা হতে পারে এই কারণে:
- দীর্ঘ সময় ধরে রাস্তার দিকে তাকিয়ে থাকা
 - বিশ্রামের জন্য ঘন ঘন গাড়ি থামানো
 - ট্রিপের আগের রাতে অত্যধিক ঘুম
 - এক্সপ্রেস ওয়েতে ছোট ট্রিপ
77. মাল্টি-লেন দিয়ে সেটির ড্রাইভার করার সময়:
- পাসিং লেন ক্লিয়ার কি না নিশ্চিত হতে হয়
 - শুধু ডান দিক দিয়ে ওভারটেক করতে হয়
 - সামনে থেকে ট্র্যাফিক আসছে কি না দেখতে হয়
 - সিগন্যালের কোনও প্রয়োজন নেই

78. "ফোর সেকেন্ড রুল" বলতে বোঝায় কেউ কীভাবে:
- অন্যান্য গাড়িকে পথ ছেড়ে দেবে
 - থামুন সাইন দেখে টার্ন নেবে
 - অন্য গাড়িকে ফলো করবে
 - মোড় ক্রস করবে
79. স্পেস কুশন রাখা খুব ভাল:
- শুধুমাত্র আপনার গাড়ির পিছনে
 - শুধুমাত্র আপনার গাড়ির বাম ও ডান দিকে
 - শুধুমাত্র আপনার গাড়ির সামনের দিকে
 - গাড়ির সবগুলো দিকে
80. স্পেস কুশন দেওয়া জরুরি, কেননা এটা:
- অন্যান্য গাড়ির থেকে মনোযোগ সরতে দেয় না
 - আপনাকে পরিস্থিতি বুঝে পদক্ষেপ করার সময় দেয়
 - ট্রাফিককে একটি নিরাপদ গতিতে চালাতে সাহায্য করে
 - অন্যান্য চালকদের সতর্ক রাখে
81. বেশি বড় স্পেস কুশন দেবেন, যখন গাড়ি থামাবেন:
- পাহাড়ের মাথায়
 - মোড়ে
 - থামুন সাইনে
 - টোল প্লাজাতে
82. টার্ন নেওয়ার সময়, আপনাকে অবশ্যই আপনার স্পিড _____ হবে।
- বাড়াতে
 - বজায় রাখতে হবে
 - পরিবর্তন হবে
 - কমাতে হবে
83. ট্রাফিকে গাড়ি চালানোর সময় সবচেয়ে সুরক্ষিত কাজ হল:
- সতর্ক থাকার জন্য আপনার গতি পরিবর্তন করা
 - ট্রাফিকের গতির চেয়ে দ্রুত চালানো
 - ট্রাফিকের গতির চেয়ে ধীরে চালাবেন
 - ট্রাফিকের গতির সঙ্গে সামঞ্জস্য রেখে চালানো
84. এই স্টেটে সর্বোচ্চ গতির সীমা হলো _____ মাইল প্রতি ঘণ্টা।
- 55
 - 50
 - 60
 - 70
85. পোস্ট করা স্পিড লিমিটের নীচে গাড়ি চালাবেন, যখন:
- যে-কোনও কারণেই পরিস্থিতি একটু বেঠিক হবে
 - অন্যান্যরা স্পিড লিমিটের নীচে চালাবেন
 - অন্যান্য গাড়ি আছে এমন হাইওয়েতে প্রবেশ করলে
 - আপনি চার লেনের রোডে আছেন
86. ট্রাফিক ক্রস করার জন্য কী পরিমাণ স্পেস লাগবে তা নির্ভর করে এর উপর:
- রাস্তা ও আবহাওয়ার পরিস্থিতি এবং সামনে থেকে আসা ট্রাফিক
 - থামুন সাইনের উপস্থিতি
 - আপনার টার্ন সিগন্যাল ব্যবহার
 - আপনার পিছনে থাকা গাড়ি

87. আপনার গাড়ি থামার ক্ষমতায় প্রভাব ফেলে:
- সিগন্যাল লাইট
 - রাস্তায় থাকা অন্যান্য গাড়ি
 - সারা দিনের কোনও একটা সময়
 - রাস্তার অবস্থা
88. আপনি যে গতিতে গাড়ি চালাচ্ছেন সেই সম্পর্কে নীচের কোন কথাটি সঠিক?
- গাড়ি চালানোর পক্ষে নিরাপদ গতি অনেকগুলি অবস্থার উপর নির্ভর করে
 - ধীরে চালানো সবসময় নিরাপদ
 - স্পিড লিমিট সবসময় একটি নিরাপদ গতি
 - দ্রুত গতি সর্বদাই বিপজ্জনক
89. রাস্তায় আপনার সামনে এসে পড়া কোনও কিছুর জন্য প্রস্তুত থাকতে আপনাকে যা করতে হবে:
- সমগ্র রাস্তা এবং আশেপাশের স্থানগুলির প্রতি সর্বদা নজর রাখতে হবে
 - সর্বদা সামনের দিকে তাকিয়ে থাকতে হবে
 - গাড়ি চালানোর সময় ব্রেক পেডেলের উপরে হাল্কাভাবে বাম পা রেখে চালাতে হবে
 - রাস্তার মাঝের দিকে মনোযোগ ধরে রাখতে হবে
90. হাইওয়েতে, শুকনো রাস্তায় নিরাপদ ফলো করার দূরত্ব অন্তত কতটুকু হওয়া উচিত?
- আপনার সামনের গাড়িটির পিছন থেকে 3 সেকেন্ডের দূরত্ব বজায় রাখতে হবে
 - আপনার সামনের গাড়িটির পিছন থেকে 2 সেকেন্ডের দূরত্ব বজায় রাখতে হবে
 - আপনার সামনের গাড়িটির পিছন থেকে 4 সেকেন্ডের দূরত্ব বজায় রাখতে হবে
 - আপনার সামনের গাড়িটির পিছন থেকে 2টি গাড়ির সমান দূরত্ব বজায় রাখতে হবে
91. যানবাহনের মধ্যে গাড়ি চালানোর সময় জরুরি পরিস্থিতিতে (অথবা "আতঙ্কিত") থামার প্রয়োজন এড়াতে আপনি কী করতে পারেন?
- আপনার উপস্থিতি অন্যদের জানানোর জন্য হর্ন বাজাবেন
 - সামনের দিকে তাকাবেন এবং অন্য গাড়ির পিছন থেকে নিরাপদ দূরত্ব বজায় রাখবেন
 - শুধুমাত্র ডান দিকের লেন ধরে গাড়ি চালাবেন
 - ট্রাফিকের গতির চেয়ে ধীরে চালাবেন
92. যদি আপনার সামনের বাম দিক থেকে একটি গাড়ি এবং ডান দিক থেকে একজন সাইক্লিস্ট আসতে থাকেন, তাহলে আপনি যা করবেন:
- পাশের রাস্তার উপর গাড়ি তুলে দেবেন
 - মাঝ বরাবর যাওয়ার চেষ্টা করবেন
 - প্রথমে গাড়িটিকে এবং তারপরে বাইকটিকে যেতে দেবেন
 - দ্রুত বাইকটিকে পেরিয়ে যাবেন
93. আপনার লেন ধরে অন্য আরেকজন চালক যদি আপনার দিকে আসতে থাকেন, তাহলে আপনি যা করবেন:
- ডান দিকে চলে যাবেন, হর্ন বাজাবেন এবং গতি বাড়াবেন
 - বাম দিকে চলে যাবেন, হর্ন বাজাবেন এবং ব্রেক কষবেন
 - ডান দিকে চলে যাবেন, হর্ন বাজাবেন এবং ব্রেক কষবেন
 - আপনার লেনের মাঝখানে থাকবেন, হর্ন বাজাবেন এবং ব্রেক কষবেন
94. আপনার গাড়ির পিছনের দিক যদি পিছলে বাম দিকে চলে যায়, তাহলে যা করবেন:
- বাম দিকে ঘুরবেন
 - ব্রেক কষবেন
 - গতি বাড়াবেন
 - ডান দিকে ঘুরবেন

95. যানবাহনের দৃষ্টিভঙ্গি আপনার আহত হওয়ার ঝুঁকি কমাতে অথবা মৃত্যু এড়াতে আপনি সবচেয়ে কার্যকর যে কাজটি করতে পারেন:
- আপনার সিট বেল্ট লাগাবেন
 - শুধুমাত্র সপ্তাহের দিনগুলিতেই গাড়ি চালাবেন
 - একাধিক লেনের সড়কে ডান দিকের লেনে থাকবেন
 - শুধুমাত্র 3:00 p.m. থেকে 6:00 p.m-এর মধ্যে গাড়ি চালানো সীমাবদ্ধ রাখবেন
96. পিচ্ছিল রাস্তায় গাড়ি চালানোর সময়ে আপনি যা করবেন:
- আরও ধীরে গাড়ি ঘোরাবেন
 - দ্রুত লেন পরিবর্তন করবেন
 - দ্রুত গতিতে চালাবেন
 - শক্তভাবে ব্রেক কষবেন
97. ভেজা রাস্তায় গাড়ি চালানোর ক্ষেত্রে নিচেরগুলির মধ্যে কোনটি সঠিক?
- আপনি গাড়ির গতি যত বৃদ্ধি করবেন আপনার গাড়ির টায়ারগুলির কর্মক্ষমতা তত কম হবে
 - গাড়ির টায়ার ভাল হ'লে জলের কোনও প্রভাব থাকে না
 - জল যত গভীর হবে সেটি তত কম বিপজ্জনক হবে
 - আপনি গতি যত কমাবেন রাস্তা তত বেশি পিচ্ছিল হবে
98. পিচ্ছিল রাস্তায় গাড়ি চালানোর সময় আপনি যা করবেন:
- বিকল্প রাস্তা বেছে নেবেন
 - শুষ্ক রাস্তায় যেমন চালান, তেমনই চালাবেন
 - সামনে থাকা গাড়ির সঙ্গে পিছন থেকে দূরত্ব বেশি রাখবেন
 - ব্রিজ অথবা সংযোগস্থল দিয়ে ক্রসিং করা এড়াবেন
99. ভেজা রাস্তায় গাড়ি চালানোর সময় আপনি যা করবেন:
- গতির সীমার মধ্যে গাড়ির গতি রাখবেন
 - স্পিড লিমিটের চেয়ে সামান্য একটু বেশি গতিতে গাড়ি চালাবেন
 - স্পিড লিমিটের চেয়ে 5 থেকে 10 মাইল কম গতিতে গাড়ি চালাবেন
 - সামনের গাড়ির কাছাকাছি থাকবেন
100. ভেজা রাস্তায় গাড়ি চালানোর সময় আপনি যা করবেন:
- সামনে থাকা গাড়ির সাথে দূরত্ব 5-6 সেকেন্ড পর্যন্ত বাড়াতে হবে
 - সামনে থাকা গাড়ির সাথে দূরত্ব কমিয়ে 2 সেকেন্ড করতে হবে
 - সামনের গাড়ির সঙ্গে দূরত্বের বিষয়ে চিন্তা করবেন না
 - 4-সেকেন্ড দূরত্ব বজায় রাখার নীতি মেনে চলবেন
101. রাস্তা দ্রুত বরফে ঢাকা পড়ে যখন তারা:
- সমান থাকে
 - আঁকাবাঁকা থাকে
 - রৌদ্র থাকে
 - ছায়া থাকে
102. রাস্তা খুব পিচ্ছিল হয়ে যায়:
- এক ঘণ্টা অথবা তার বেশি সময় ধরে বৃষ্টি হতে থাকলে
 - বৃষ্টি হওয়ার পরের দিন
 - বৃষ্টি শুরু হওয়ার প্রথম 10-15 মিনিটের মধ্যে
 - বৃষ্টি থামার ঠিক পরে
103. হাইড্রোপ্লেনিংয়ের সাধারণ কারণ হ'ল:
- অত্যধিকবার থামা
 - আচমকা থামা
 - আচমকা বাঁক নেওয়া
 - অত্যধিক গতি

104. হাইড্রোপ্লেনিং এড়াতে গাড়ি চালাবেন:

- A. অগভীর জলের মধ্য দিয়ে
- B. দ্রুত গতিতে
- C. ধীর গতিতে
- D. গভীর জলের মধ্য দিয়ে

105. কুয়াশার মধ্যে গাড়ি চালানোর সময়, আপনাকে আপনার _____ ব্যবহার করতে হবে।

- A. লো বিম হেডলাইট
- B. হাই বিম হেডলাইট
- C. পার্কিং লাইট
- D. হ্যাজার্ড ফ্ল্যাশার

106. দিনের বেলা গাড়ি চালানোর তুলনায় রাতে গাড়ি চালানো:

- A. কম বিপজ্জনক
- B. না বেশি, না কম বিপজ্জনক
- C. বেশি বিপজ্জনক
- D. চোখের জন্য আরামদায়ক

107. যেকোনো কিছু যা আপনাকে বাধ্য করে _____, তা আপনার দুর্ঘটনার কারণ হতে পারে।

- A. রাস্তা থেকে চোখ সরাতে
- B. স্টিয়ারিং হুইল থেকে হাত সরাতে
- C. ড্রাইভিংয়ের কাজ থেকে মনোযোগ সরাতে
- D. উপরোক্ত সবকিছু

108. নিচেরগুলির মধ্যে যেটির ব্যবহার করার সময় গাড়ি চালকের মনোযোগ বিভ্রান্ত হয়ে দুর্ঘটনার ঝুঁকি বেশি থাকবে:

- A. CD প্লেয়ার
- B. রেডিও
- C. সেল ফোন
- D. উপরোক্ত সবকিছু

109. আপনি যখন সিগন্যাল অথবা গেট বিহীন একটি রেলপথ ট্র্যাক পার হওয়ার জন্য যানবাহনের একটি লাইনে আছেন:

- A. তখন আপনার পার হওয়ার অধিকার আছে এবং ট্রেন আসছে কিনা তা দেখার প্রয়োজন নেই
- B. ট্র্যাক পার হওয়ার সময় আপনি ধীর গতির চালকদের অতিক্রম করতে পারেন
- C. ট্র্যাক পার হওয়া শুরু হওয়ার আগে আপনাকে নিশ্চিত হয়ে নিতে হবে যে না থেমে ট্র্যাক পার হওয়ার মতো জায়গা আছে
- D. উপরোক্ত সবকিছু

110. আপনি যখন এমন একটি স্কুল বাসের দিকে এগিয়ে যাচ্ছেন যেটির লাল আলো ফ্ল্যাশ করছে এবং সেটির থামার ইশারা করে হাত বেরিয়ে আছে, তখন আপনি অবশ্যই:

- A. অবশ্যই বাসটি থেকে 5 ফিট দূরে থামবেন
- B. যদি শিশুদের দেখা যায় শুধুমাত্র তখনই থামবেন
- C. থামুন এবং যতক্ষণ পর্যন্ত অগ্রসর হওয়া নিরাপদ মনে না হয় ততক্ষণ পর্যন্ত থেমে থাকুন
- D. থামুন এবং যতক্ষণ পর্যন্ত লাল আলো ফ্ল্যাশ করা বন্ধ না হয় এবং থামার ইশারা করা হাত না নামিয়ে নেওয়া হয় ততক্ষণ পর্যন্ত থেমে থাকুন

অধ্যায় 3-এর উত্তর তালিকা

1.	C	41.	A	81.	A
2.	D	42.	A	82.	D
3.	C	43.	C	83.	D
4.	A	44.	A	84.	D
5.	B	45.	C	85.	A
6.	C	46.	B	86.	A
7.	A	47.	A	87.	D
8.	C	48.	B	88.	A
9.	C	49.	C	89.	A
10.	A	50.	A	90.	C
11.	B	51.	A	91.	B
12.	C	52.	A	92.	C
13.	B	53.	C	93.	C
14.	A	54.	B	94.	A
15.	A	55.	B	95.	A
16.	A	56.	C	96.	A
17.	A	57.	B	97.	A
18.	A	58.	C	98.	C
19.	A	59.	D	99.	C
20.	A	60.	D	100.	A
21.	A	61.	A	101.	D
22.	C	62.	C	102.	C
23.	C	63.	D	103.	D
24.	A	64.	D	104.	C
25.	D	65.	A	105.	A
26.	D	66.	B	106.	C
27.	A	67.	B	107.	D
28.	D	68.	A	108.	D
29.	A	69.	D	109.	C
30.	A	70.	D	110.	D
31.	C	71.	C		
32.	D	72.	D		
33.	C	73.	A		
34.	A	74.	B		
35.	D	75.	D		
36.	C	76.	A		
37.	C	77.	A		
38.	D	78.	C		
39.	A	79.	D		
40.	D	80.	B		

অধ্যায় 4: ড্রাইভিং রেকর্ড তথ্য

এই অধ্যায়ে আপনার ড্রাইভিং রেকর্ড সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্য রয়েছে। পেনসিলভানিয়ার সমস্ত লাইসেন্স-প্রাপ্ত গাড়িচালকদের ড্রাইভিংয়ের রেকর্ড PennDOT-তে সংরক্ষণ করা থাকে। পুলিশ ও আদালত থেকে প্রাপ্ত প্রত্যেক গাড়িচালকের বিভিন্ন অপরাধ ও সাজা সংক্রান্ত প্রতিবেদন ব্যুরো অফ ড্রাইভার লাইসেন্সিং-এ সংরক্ষণ করা থাকে। আপনি আমাদের ওয়েবসাইট www.dmv.pa.gov-এ আপনার ড্রাইভিং রেকর্ডের অনুলিপি পেতে পারেন আপনার যেগুলি প্রয়োজন হবে সেগুলি হ'ল আপনার ড্রাইভার লাইসেন্স নম্বর, জন্ম তারিখ, আপনার সোশ্যাল সিকিউরিটি নম্বরের শেষ চারটি সংখ্যা এবং আপনার ক্রেডিট কার্ডের তথ্য।

পেনসিলভেনিয়ার পয়েন্ট সিস্টেম

পয়েন্ট সিস্টেমের উদ্দেশ্য হ'ল গাড়ি চালানোর অভ্যাসের উন্নতি করা এবং নিরাপদে গাড়ি চালানো নিশ্চিত করা। যখন একজন গাড়িচালক কোনও ড্রাইভিং আইন উল্লঙ্ঘন করেন, তখন তার ড্রাইভিং রেকর্ডে পয়েন্ট যোগ করা হয়। যখন ড্রাইভিং রেকর্ডে ছয় (6) অথবা তার বেশি পয়েন্ট জমা হয়, তখন PennDOT সংশোধনমূলক পদক্ষেপ গ্রহণ করা শুরু করে।

একটি ড্রাইভিং রেকর্ডে প্রথমবার যখন ছয় (6) অথবা তার বেশি পয়েন্ট জমা হয়, তখন চালককে একটি লিখিত বিশেষ পয়েন্ট পরীক্ষার জন্য নোটিশ পাঠানো হয়। ড্রাইভিং রেকর্ড যখন ছয় (6) পয়েন্টের নিচে নেমে যায় এবং দ্বিতীয়বার ছয় (6) অথবা তার বেশি পয়েন্টে পৌঁছায়, তখন গাড়িচালককে একটি ডিপার্টমেন্টাল শুনানিতে উপস্থিত থাকতে হয়। এর পরেও যদি ছয় (6) অথবা তার বেশি পয়েন্ট জমা হয়, তাহলে অতিরিক্ত ডিপার্টমেন্টাল শুনানি হতে পারে বা আপনার ড্রাইভিং লাইসেন্স বরখাস্ত হয়ে যেতে পারে।

এই নিয়মগুলোর পাশাপাশি, যদি কোনো 18 বছরের নিচের ব্যক্তি ছয় (6) বা তার বেশি পয়েন্ট অর্জন করে বা নির্ধারিত গতির সীমার চেয়ে 26 মাইল প্রতি ঘণ্টা বেশি গতিতে গাড়ি চালিয়ে দোষী সাব্যস্ত হন, তবে তার ড্রাইভিং লাইসেন্স বরখাস্ত হয়ে যাবে। প্রথমবার সাময়িকভাবে বরখাস্ত রাখার মেয়াদ হবে 90 দিন। এর পরেও যদি এমন ঘটনা ঘটে তাহলে বরখাস্ত থাকার মেয়াদ হবে 120 দিন।

www.dmv.pa.gov-এ "দ্যা পেনসিলভানিয়ে পয়েন্ট সিস্টেম" ফ্যাক্ট শিটে নির্দিষ্ট ট্র্যাফিক আইন উল্লঙ্ঘনের জন্য দেওয়া পয়েন্টগুলির সংখ্যার একটি তালিকা দেখানো হয়েছে।

নিরাপদে গাড়ি চালানোর মাধ্যমে পয়েন্ট কমানো

যখন কোনও ব্যক্তি প্রতি 12 মাসে কখনও বরখাস্ত অথবা বাতিলকরণের আওতায় না থাকে অথবা তিনি কোনও আইন উল্লঙ্ঘন না করে, ফলস্বরূপ তাকে কোনও পয়েন্ট যোগ করা অথবা তার গাড়ি চালানোর সুবিধা বরখাস্ত অথবা বাতিল করার প্রয়োজন না হয়, তাহলে তার ড্রাইভিং রেকর্ড থেকে তিন(3) পয়েন্ট কমে যায়। যখন ড্রাইভিংয়ের রেকর্ড কমে গিয়ে শূন্য হয়ে যায় এবং পর পর 12 মাস শূন্য পয়েন্টই থাকে, তখন তারপরে কোনও পয়েন্ট জমা হলে সেটিকে প্রথম পয়েন্ট জমা হিসাবে ধরা হয়।

স্বগিতাদেশ এবং প্রত্যাহারকরণ

নিচে উল্লেখ করা ট্রাফিক আইনগুলির যে কোনও একটির উল্লঙ্ঘন করার কারণে আপনি দোষী সাব্যস্ত হ'লে আপনার গাড়ি চালানোর সুবিধাটি বরখাস্ত অথবা প্রত্যাহার করা হবে (এটি শুধু একটি আংশিক তালিকা):

- মাদক সেবন অথবা মদ্যপান করে গাড়ি চালালে।
- গাড়ি সংক্রান্ত কোনও ফৌজদারি অপরাধ করলে।
- গাড়ি দিয়ে দুর্ঘটনা ঘটিয়ে হত্যার অভিযোগ করলে।
- বেপরোয়া ভাবে গাড়ি চালালে।
- হাইওয়েতে রেসিং করলে।
- পুলিশ অফিসারের কাছ থেকে পালিয়ে গেলে।
- আপনার ড্রাইভার লাইসেন্স ইতিমধ্যে নিলম্বিত অথবা প্রত্যাহার করা অবস্থায় গাড়ি চালালে।
- শনাক্তকরণ এড়াতে আলো না জ্বালিয়ে গাড়ি চালালে।
- দুর্ঘটনার সাথে জড়িত(হিট-এন্ড-পান অপরাধ) গাড়ি চালানোর সময় না থামলে।
- 5 বছর সময়কালের মধ্যে বৈধ ড্রাইভার লাইসেন্স ছাড়াই গাড়ি চালানোর দ্বিতীয়বার অথবা অতিরিক্ত কোনও অপরাধ করলে।
- লাল আলো জ্বলছে এবং স্টপ আর্ম বাড়ানো আছে এমন একটি স্কুল বাস দেখে গাড়ি না থামলে (60 দিনের জন্য নিলম্বিত)।
- রেলপথ ক্রসিং গেট অথবা ব্যারিয়ার সংক্রান্ত আইন মেনে চলতে ব্যর্থ হলে (30 দিনের জন্য নিলম্বিত)।
- 'মুভ ওভার ল' মানতে ব্যর্থ হ'লে (আরও তথ্যের জন্য 59 নং পৃষ্ঠা দ্রষ্টব্য)

যখন আপনার গাড়ি চালানোর সুবিধাটি বরখাস্ত, প্রত্যাহার এবং/অথবা অযোগ্য (নিষেধাজ্ঞা) ঘোষণা করা হবে, তখন নিষেধাজ্ঞা শুরু হওয়ার তারিখ উল্লেখ করে ডাক মারফত একটি লিখিত নোটিশ আপনাকে পাঠানো হবে। আপনার ড্রাইভার লাইসেন্স এবং/অথবা লার্নার্স পারমিট অথবা ক্যামেরা কার্ড নোটিশে উল্লেখ থাকা নিষেধাজ্ঞা কার্যকর হওয়ার তারিখের মধ্যে অবশ্যই ব্যুরো অফ ড্রাইভার লাইসেন্সিংয়ের কাছে ফেরত দিতে হবে এবং এটি করতে ব্যর্থ হ'লে ড্রাইভার লাইসেন্সটি নিয়ে নিতে রাজ্য পুলিশ এবং স্থানীয় পুলিশকে জানানো হবে।

ড্রাইভার লাইসেন্স অথবা অ্যাকনলেজমেন্ট ফর্ম জমা দেওয়ার তারিখ নির্বিশেষে সমস্ত স্বগিতাদেশ, প্রত্যাহারকরণ এবং অযোগ্যকরণ (নিষেধাজ্ঞা) শুরু হবে নিষেধাজ্ঞার নোটিশে উল্লেখ থাকা কার্যকর হওয়ার তারিখ থেকে। নিষেধাজ্ঞা কার্যকর হওয়ার তারিখের আগে

এই দু'টি সামগ্রীর যেকোনো একটি জমা দিলে নিষেধাজ্ঞা তাড়াতাড়ি শুরু হবে না। আইনানুসারে, ড্রাইভার লাইসেন্স অথবা একটি অ্যাকনলেজমেন্ট ফর্ম অবশ্যই জমা দিতে হবে। আপনি যে কাউন্টিতে বাস করেন সেখানকার কোর্ট অফ কমন্ প্লিজ (সিভিল ডিভিশন)-এ এই নিষেধাজ্ঞার বিরুদ্ধে আপিল করতে পারেন। ডিপার্টমেন্টের নোটিশ ডাকযোগে প্রেরণের তারিখ থেকে অবশ্যই 30 দিনের মধ্যে আপিল পেশ করতে হবে। নিষেধাজ্ঞা সম্পন্ন করার পাশাপাশি, আপনার ড্রাইভিং অধিকার পুনরুদ্ধার করতে হলে সমস্ত পুনর্বহাল সংক্রান্ত শর্ত পূরণ করতে হবে।

আপনার গাড়ি চালানোর সুবিধা বরখাস্ত করার আগে আপনার রেকর্ডে যত সংখ্যক পয়েন্টই থাকুক না কেন, তা নির্বিশেষে আপনার গাড়ি চালানোর সুবিধা আপনাকে ফিরিয়ে দেওয়ার পরে আপনার ড্রাইভিং রেকর্ডে পাঁচ (5) পয়েন্ট দেখা যাবে, তবে নিচে উল্লেখ করা ক্ষেত্রগুলিতে ব্যতিক্রম হবে:

- দ্বিতীয়বার ছয় (6) পয়েন্ট জমা হওয়ার কারণে শুনানির ফলে 15 দিনের জন্য বরখাস্ত হলে।
- তলবের জবাব না দেওয়ার কারণে স্থগিত হলে।

বিমা ছাড়াই গাড়ি চালানো

- পেনসিলভানিয়ার আইন অনুসারে আপনার নিবন্ধিত গাড়ির জন্য সর্বদা অটোমোবাইল লাইবিলিটি ইনসুরেন্স বজায় রাখা বাধ্যতামূলক।
- যদি PennDOT দেখে যে আপনার গাড়িটি 31 অথবা তার বেশি দিনের জন্য বিমা ছাড়াই আছে, তাহলে আপনার নিবন্ধন তিন (3) মাসের জন্য বরখাস্ত করবে। এছাড়াও, বিমা ছাড়াই আপনি যদি গাড়িটি চালান অথবা চালানোর অনুমতি দেন, তাহলে আপনার গাড়ি চালানোর সুবিধাটিও তিন (3) মাসের জন্য বরখাস্ত হয়ে যাবে।
- আপনার গাড়ি চালানোর সুবিধা ফিরে পেতে এবং নিবন্ধন পুনরুদ্ধার করতে আপনাকে অবশ্যি নিচে উল্লেখ করা সামগ্রীগুলি জমা দিতে হবে:
 - ◆ আপনার গাড়ি বর্তমানে ইনসুরেন্সের আওতায় রয়েছে, তার প্রমাণ।
 - ◆ প্রয়োজনীয় পুনরুদ্ধার ফি।

পুলিশ যদি আপনাকে থামায় তাহলে কী করতে হবে

আইন প্রয়োগকারী কর্মকর্তারা পেনসিলভানিয়ার মোটর ভেহিকল আইন লঙ্ঘনের অভিযোগে চালকদের লিখিত ট্রাফিক নোটিশ দিয়ে থাকেন। থামানোর সময়ে আপনি অবশ্যই অফিসারের নির্দেশ মেনে চলবেন, তা না করলে আপনাকে গ্রেপ্তার করা হতে পারে। পুলিশের গাড়ির উপরের লাল-নীল ফ্ল্যাশিং আলো চালু করলে বুঝবেন যে পুলিশ অফিসার আপনাকে থামতে বলছেন। কোনও কোনও সময়ে চিহ্ন ছাড়া কোনও পুলিশের গাড়িতেও শুধুমাত্র ফ্ল্যাশিং লাল আলো লাগানো থাকতে পারে।

আপনার এবং অন্যদের নিরাপত্তার জন্য যখনই কোনও পুলিশের গাড়ি আপনার পিছনে এসে দাঁড়াবে, তখন পুলিশ সুপারিশ করে যে আপনি নিচে উল্লেখ করা কাজগুলি করবেন:

- আপনার টার্ন সিগন্যাল চালু করে নিরাপদে রাস্তার যতটা সম্ভব ডান কিনারায় গিয়ে গাড়ি থামাবেন এবং ট্রাফিক থেকে দূরে নিরাপদে আপনার গাড়ি পার্ক করবেন।
- গাড়ির ইঞ্জিন ও রেডিও বন্ধ করবেন এবং জানালার কাচ নামিয়ে দেবেন যাতে আপনি অফিসারের সঙ্গে কথা বলতে পারেন।
- যদি রাত্রিবেলা হয়, তাহলে গাড়ি থামানোর সঙ্গে সঙ্গেই এবং অফিসার আসার আগেই গাড়ির ভিতরের আলো জ্বালিয়ে দেবেন।
- আপনার এবং অন্য যাত্রীদের নড়াচড়া সীমিত রাখবেন এবং গাড়িতে অন্য কিছুতে হাত দেবেন না।
- আপনার কাছে কোনও আগ্নেয়াস্ত্র থাকলে অবিলম্বে অফিসারকে তা জানাবেন।
- আপনার দুই হাত স্টিয়ারিং হুইলে রাখবেন এবং অন্য যাত্রীদেরও বলবেন যাতে তাদের হাত দেখা যায়।
- অফিসারের আসার সময়ে আপনার গাড়ির দরজাগুলি বন্ধ রাখবেন এবং অফিসার বেড়িয়ে আসতে না বললে গাড়ির ভিতরেই থাকবেন।
- আপনার সিটবেল্ট খোলা থেকে বিরত থাকুন যতক্ষণ না অফিসার নিশ্চিত হন যে আপনি সঠিকভাবে সিটবেল্ট পরে আছেন।
- অফিসার আপনাকে আপনার ড্রাইভার লাইসেন্স, নিবন্ধন এবং বিমার কার্ড দেখতে না চাওয়া পর্যন্ত অপেক্ষা করবেন। অফিসারকে আপনার ওয়ালেট দেবেন না - শুধুমাত্র অনুরোধ করা সামগ্রী দেবেন।
- সর্বদা বিনম্র থাকবেন। আপনার যে ভুল হয়েছে অফিসার আপনাকে তা জানাবেন। আপনাকে শুধুমাত্র সতর্ক করা হতে পারে, অথবা ট্রাফিক উল্লঙ্ঘন করার দায়ে আপনাকে তলব করা হতে পারে। আপনি যদি তলবটির সঙ্গে সহমত না হন, তাহলে আপনি আদালতে শুনানির অধিকারী হবেন এবং সেখানে আপনার যুক্তিগুলি জানাতে পারবেন। ঘটনাস্থলে অফিসারের সঙ্গে তর্ক করা আপনার স্বার্থের পরিপন্থী হবে। আপনি যদি মনে করেন যে আপনার সঙ্গে পেশাদারভাবে আচরণ করা হয়নি, তাহলে ট্রাফিক থামার পরে আপনি উপযুক্ত পুলিশ বিভাগের সঙ্গে যোগাযোগ করে কোনও সুপারভাইজারের সঙ্গে কথা বলতে চাইবেন।

মনে রাখবেন যে পুলিশের আলোগুলি লাল-নীল হতে পারে অথবা চিহ্ন ছাড়া পুলিশের গাড়ির আলো শুধুমাত্র লাল হতে পারে। এই আলোগুলির সঙ্গে আপনি ফ্ল্যাশিং সাদা আলোও দেখতে পারেন। **গাড়িটিতে যদি শুধুমাত্র নীল আলো ফ্ল্যাশ করতে থাকে, তাহলে সেটি কোনও পুলিশ অফিসারের গাড়ি নয়।** যদি আপনি লাল ও নীল ফ্ল্যাশিং লাইট বা শুধুমাত্র লাল ফ্ল্যাশিং লাইট দেখতে পান এবং নিশ্চিত না হন যে যিনি আপনাকে থামার সংকেত দিচ্ছেন তিনি আসলেই পুলিশ অফিসার কি না, তাহলে

আপনি কাছাকাছি কোনো আলোকিত ও জনবহুল জায়গায় গাড়ি চালিয়ে যেতে পারেন, তবে থামার অনুরোধটি বুঝতে পেরেছেন তা জানাতে আপনার গাড়ির ফ্ল্যাশার অন করুন এবং ধীর গতিতে গাড়ি চালান। যে ব্যক্তি আপনাকে থামতে বলেছেন তার যদি ইউনিফর্ম না পরা থাকে, অথবা তিনি পুলিশের চিহ্ন ছাড়া কোনও গাড়িতে আসেন, তাহলে আপনি অফিসারের পরিচয়পত্র দেখতে চাইতে পারেন। চিহ্ন ছাড়া কোনও গাড়িতে অধিকাংশ অফিসারই পুলিশের ইউনিফর্ম পরে থাকেন এবং তাদের কাছে সর্বদাই ফোটা ID কার্ড ও ব্যাজ থাকে।

দুর্ঘটনা

যদি আপনি কোনও দুর্ঘটনায় জড়িত না থাকেন, অথবা জরুরি সহায়তা তখনও না এসে থাকে তাহলে দুর্ঘটনা স্থলে থামবেন না। নিজের গাড়ি চালানোতে মনোযোগ দিন এবং এগিয়ে যান, তবে রাস্তার আশেপাশে থাকা মানুষদের দিকে খেয়াল রাখুন। পুলিশ, দমকল, অ্যাম্বুলেন্স, টো ট্রাক এবং অন্যান্য উদ্ধারকারী গাড়িগুলির রাস্তা আটকাবেন না।

আপনি যদি কোনও দুর্ঘটনায় পড়েন, তাহলে আপনি অবশ্যই নিচে উল্লেখ করা কাজগুলি করবেন:

1. দুর্ঘটনাস্থলে অথবা তার কাছাকাছি আপনার গাড়ি দাঁড় করাবেন। যদি সম্ভব হয়, গাড়িটা রাস্তার পাশে সরিয়ে নিন যাতে যানজট তৈরি না হয়। অনেক সময় মূল দুর্ঘটনার কারণে যান চলাচল থেমে যায় বা ধীর হয়ে যায় এবং তার ফলে নতুন দুর্ঘটনা ঘটে।
2. কেউ আহত হ'লে অথবা মারা গেলে পুলিশকে খবর দিন। গাড়ির চালকরা যদি আহত হন এবং পুলিশকে কল করতে অসমর্থ হন, তাহলে দুর্ঘটনা স্থলে থাকা প্রত্যক্ষদর্শীরা অবশ্যই সহায়তার জন্য কল করবেন।
3. কোনও গাড়িকে টেনে নিয়ে যেতে হলে পুলিশকে খবর দিন।
4. দুর্ঘটনায় জড়িত অন্যান্য চালক(দের) কাছ থেকে নিচের তালিকায় দেওয়াও তথ্য সংগ্রহ করুন:
 - নাম ও ঠিকানা
 - টেলিফোন নম্বর
 - নিবন্ধন নম্বর
 - বিমা সংস্থার নাম এবং পলিসি নম্বর
5. দুর্ঘটনার সঙ্গে জড়িত অন্য ব্যক্তিদের নাম-ঠিকানা এবং ঘটনাস্থলে থাকা সাক্ষীদের তথ্য সংগ্রহ করুন।
6. দুর্ঘটনাটিতে যদি কোনও পার্ক করা গাড়ি জড়িত থাকে অথবা সম্পত্তির কোনও ক্ষতি হয়ে থাকে, তাহলে অবিলম্বে থামবেন এবং মালিককে খুঁজে বের করার চেষ্টা করবেন। মালিককে খুঁজে না পেলে, যেখানে সহজে দেখা যায় এমন জায়গায় একটি নোট রেখে দিন এবং পুলিশকে খবর দিন। নোটে দুর্ঘটনার তারিখ ও সময়, আপনার নাম এবং আপনার ফোন নম্বর লিখুন, যাতে আপনার সঙ্গে যোগাযোগ করা যায়।
7. কোনো দুর্ঘটনার ক্ষেত্রে পুলিশ যদি তদন্ত না করেন এবং কেউ মারা যায় বা আহত হয়, কিংবা কোনো গাড়ি টেনে নিয়ে যেতে হয়, তাহলে ড্রাইভারের অ্যাক্সিডেন্ট রিপোর্ট ফর্ম (AA-600) পাঁচ (5) দিনের মধ্যে পাঠাতে হবে নিচের ঠিকানায়:

PA Department of Transportation
Bureau of Highway Safety & Traffic Engineering
P.O. Box 2047
Harrisburg, PA 17105-2047

অনগ্রহ করে জানবেন: যদি আপনাকে ড্রাইভারের দুর্ঘটনা সংক্রান্ত রিপোর্ট ফর্ম (AA-600) নিতে হয়, তাহলে আমাদের ওয়েবসাইট www.dmv.pa.gov-এ যান বা স্থানীয় পুলিশ বা স্টেট পুলিশের সঙ্গে যোগাযোগ করুন।

পালিয়ে যাওয়া অথবা পুলিশকে এড়িয়ে যাওয়া

পেনসিলভানিয়ার রাস্তায় গাড়ির চালকের পালানোর অথবা পুলিশকে এড়ানোর চেষ্টা করার কারণে প্রতি বছর প্রায় 450টি দুর্ঘটনা ঘটে, যার ফলে 40 থেকে 50টি গুরুতর আহত হওয়া অথবা মৃত্যুর ঘটনা ঘটে।

যদি কোনও গাড়ি-চালক পালানোর অথবা পুলিশকে এড়ানোর চেষ্টা করার অপরাধে দোষী সাব্যস্ত হন, তাহলে তার শাস্তি হিসাবে এক বছরের জন্য তার গাড়ি চালানোর সুবিধাটি বরখাস্ত করা হবে, \$500 জরিমানা হবে এবং তার সঙ্গে আদালতের ব্যয় ও অন্যান্য ফি যুক্ত হবে এবং এর ফলে জেলেও যেতে হতে পারে।

মদ্যপান বা নিষিদ্ধ মাদক গ্রহণ করে গাড়ি চালানো

DUI-এর (নেশাগ্রস্ত অবস্থায় গাড়ি চালানো) অর্থ কী?

মদ বা মাদক গ্রহণ করে গাড়ি চালানোর শাস্তি অত্যন্ত গুরুতর। পেনসিলভানিয়াতে আপনার বয়স আইনি মদ্যপানের জন্য উপযুক্ত হয় (21 অথবা তার বেশি), এবং **আপনার রক্তে অ্যালকোহলের মাত্রা যদি 0.08 অথবা তার বেশি থাকে**, তাহলে আপনি "নেশাগ্রস্ত অবস্থায়" গাড়ি চালাচ্ছেন বলে বিবেচনা করা হবে। তবে, যদি আপনি রাস্তায় অনিয়ন্ত্রিতভাবে গাড়ি চালান (খুব ধীরে, খুব দ্রুত, লেনের মাঝখানে গাড়ি চালানো, বড় বাঁক নেওয়া, অযথা থেমে যাওয়া, ট্রাফিক সিগন্যাল বা চিহ্ন মান্য না করা ইত্যাদি) এবং পুলিশ আপনাকে আটকায়, তাহলে তাহলে কম মাত্রায় BAC থাকলেও আপনি DUI-এর জন্য দোষী সাব্যস্ত হতে পারেন।

আপনার বয়স 21-এর নিচে হলে আপনার শরীরে কোনও পরিমাপযোগ্য অ্যালকোহল থাকলে পেনসিলভানিয়ার আইন আপনাকে গাড়ি চালানোর অনুমতি দেয় না। আপনার বয়স 21-এর নিচে হলে এবং আপনার রক্তে অ্যালকোহলের মাত্রা 0.02 অথবা তার বেশি থাকলে আপনি নেশাগ্রস্ত অবস্থায় গাড়ি চালাচ্ছেন বলে বিবেচনা করা হবে।

পেনসিলভানিয়ার বাধ্যতামূলক সম্মতি আইন (অ্যালকোহল বা মাদকের জন্য রাসায়নিক পরীক্ষা)

একজন গাড়ি-চালক হিসাবে বাধ্যতামূলক সম্মতি আইন আপনার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। রাসায়নিক পরীক্ষার জন্য এই আইনটিতে উল্লেখ করা আছে যে পেনসিলভানিয়েতে গাড়ি চালানোর লাইসেন্স নেওয়ার মাধ্যমে আপনি এই পরীক্ষাটি করতে সম্মতি দিয়েছেন। মদ অথবা মাদকের প্রভাবে থাকা অবস্থায় গাড়ি চালানোর অপরাধে পুলিশ যদি আপনাকে গ্রেপ্তার করে এবং আপনি একটি (1) অথবা একাধিক রাসায়নিকভাবে নিঃশ্বাস অথবা রক্ত পরীক্ষা করতে দিতে অস্বীকার করেন, তাহলে আপনার গাড়ি চালানোর সুবিধাটি এক (1) বছরের জন্য স্বয়ংক্রিয়ভাবে বরখাস্ত করা হবে। এই বরখাস্ত ছাড়াও, মদ্যপ অবস্থায় গাড়ি চালানোর অভিযোগে দোষী সাব্যস্ত হলে বা অ্যাকসেলারেটেড রিহ্যাবিলিটেশন ডিসপোজিশন (ARD) প্রোগ্রামে যোগ দিলে আলাদাভাবে বরখাস্ত আরোপিত হবে।

আপনি যদি মদ্যপ অবস্থায় গাড়ি চালানোর মামলায় নির্দোষ প্রমাণিত হন তবুও, প্রথমবার শ্বাস বা রক্ত পরীক্ষায় অস্বীকার করলে আপনার ড্রাইভিং লাইসেন্স এক (1) বছরের জন্য বরখাস্ত করা যাবে। আপনি যদি পরীক্ষাটি করতে অস্বীকার করেন এবং দেখা যায় আপনি DUI-এর জন্য অপরাধী, তাহলে আপনার গাড়ি চালানোর অধিকারটি আড়াই (2 1/2) বছরের জন্য বরখাস্ত করা হতে পারে, এটি নির্ভর করবে গ্রেপ্তারের সময়ে আপনার BAC-এর লেভেলের উপরে। আপনি যদি রাসায়নিক পরীক্ষা করতে অস্বীকার করেন এবং তার পাশাপাশি অতীতে আপনি DUI-এর জন্য দোষী সাব্যস্ত হয়েছিলেন অথবা অতীতে রাসায়নিক পরীক্ষা করতে অস্বীকার করেছিলেন, তাহলে পরীক্ষা দিতে অস্বীকার করার জন্য আপনাকে 18 মাসের জন্য বরখাস্ত করা হবে এবং DUI-এর দোষী হওয়ার কারণে আরও 18 মাস বরখাস্ত করা হবে, অর্থাৎ মোট তিন (3) বছর বরখাস্ত করা হবে।

রাসায়নিক পরীক্ষা করতে অস্বীকারের জন্য রেস্টোরেশন ফি

চালক যারা রাসায়নিক পরীক্ষা দিতে অস্বীকার করেন, তাদের একটি রাসায়নিক পরীক্ষা করতে অস্বীকারের জন্য রেস্টোরেশন ফি দিতে হবে। প্রথমবার দোষী হ'লে \$500, দ্বিতীয়বার দোষী হ'লে \$1,000 এবং তৃতীয়বার অথবা তার পরবর্তীতে দোষী হলে \$2,000 দিতে হবে। পেনসিলভানিয়া ভেহিকেল কোড, টাইটেল 75, সেকশন 1960 অনুসারে রাসায়নিক পরীক্ষা করতে অস্বীকারের জন্য রেস্টোরেশন ফি সঙ্গে অতিরিক্তভাবে রেস্টোরেশন ফি ধার্য হবে। রাসায়নিক পরীক্ষা করতে অস্বীকারের জন্য প্রদেয় রেস্টোরেশন ফি অবশ্যই সার্টিফাইড চেক অথবা মানি অর্ডারের মাধ্যমে জমা দিতে হবে।

গুরুতর জরিমানা

এই তিনটি কারণের জন্য জরিমানাগুলি গুরুতর হয়ে ওঠে: আপনার রক্তে অ্যালকোহলের ঘনত্ব যত বেশি হবে, নেশাগ্রস্ত অবস্থায় দুর্ঘটনা ঘটালে ক্ষতি ও আঘাত যত বেশি হবে এবং DUI-এর জন্য যতবার দোষী সাব্যস্ত হবেন।

বিভিন্ন মাত্রায় নেশাগ্রস্ত অবস্থায় গাড়ি চালানোর জন্য জরিমানাগুলি নিচে দেওয়া তিনটি (3) সারণীতে সংক্ষেপে দেওয়া হয়েছে। এই টেবিলে উল্লেখিত জরিমানাগুলোর পাশাপাশি, যেকোনো মাত্রার প্রথম বা দ্বিতীয় অপরাধের ক্ষেত্রে অ্যালকোহল হাইওয়ে সেফটি স্কুলে অংশগ্রহণ বাধ্যতামূলক। প্রথমবার বা পুনরায় DUI-এ অভিযুক্ত ড্রাইভার, যাদের রক্তে অ্যালকোহলের মাত্রা বেশি অথবা রাসায়নিক পরীক্ষা অস্বীকারের কারণে গাড়ি চালানোর অনুমতি স্থগিত হয়েছে, তাদের যে কোনো যানবাহন চালানোর আগে যানবাহনে ইগনিশন ইন্টারলক সিস্টেম বসাতে হবে। যাদের জন্য ইগনিশন ইন্টারলক সিস্টেম বাধ্যতামূলক, তারা যদি ড্রাইভিং অনুমতি পুনর্বহাল করতে চান, তাহলে সীমিত লাইসেন্স পাওয়ার শর্ত হিসেবে চালানোর প্রতিটি গাড়িতে এই সিস্টেম লাগাতে হবে এবং সেটি সীমিত লাইসেন্সের পুরো মেয়াদজুড়ে রাখতে হবে, আর যদি তাদের নামে বা ব্যবহারের জন্য কোনো গাড়ি নিবন্ধিত না থাকে, তাহলে PennDOT নিয়ম অনুযায়ী প্রয়োজনীয় শংসাপত্র জমা দিতে হবে। প্রথমবার বা পরবর্তী যেকোনো অপরাধের ক্ষেত্রেই আদালত আপনাকে অ্যালকোহল আসক্তি পরীক্ষা ও চিকিৎসার নির্দেশ দিতে পারে, সেটা নেশাগ্রস্ততার যেকোনো মাত্রার জন্যই প্রযোজ্য হতে পারে। অতিরিক্তভাবে, একজন বিচারক আপনাকে 150 ঘণ্টা পর্যন্ত কমিউনিটিতে পরিষেবা দেওয়ার আদেশ দিতে পারেন।

আপনার বয়স যদি 21 বছরের কম হয় এবং আপনি যদি নেশাগ্রস্ত অবস্থায় গাড়ি চালানোর দায়ে সাজাপ্রাপ্ত হন (আপনার BAC 0.02 অথবা তার বেশি থাকে), তাহলে আপনি সারণী 2 এর "উচ্চ মাত্রার" জরিমানা প্রযোজ্য হবে, যদিও আপনার BAC ওই জরিমানার জন্য নির্ধারিত মাত্রার কম।

আপনি যদি এমন কোনও দুর্ঘটনায় জড়িয়ে পড়েন যেখানে শারীরিক আঘাত, মৃত্যু অথবা সম্পত্তির ক্ষতি হয়েছে, তাহলে আপনার BAC যদি সারণী 2, "উচ্চ হার"-এ উল্লেখ থাকা মাত্রাগুলির চেয়ে কমও হয়, তাহলেও সারণী 1 (জেনারেল ইম্প্রোভমেন্ট)-এ উল্লেখ থাকা জরিমানাগুলির পরিবর্তে আপনার ক্ষেত্রে সারণী 2, "উচ্চ হার"-এ উল্লেখ থাকা জরিমানাগুলির প্রযোজ্য হবে।

যে কেউ নিষিদ্ধ মাদক গ্রহণ করে গাড়ি চালান বা রাসায়নিক পরীক্ষা দিতে অস্বীকার করেন, তাদের সারণী 3-এ "সর্বোচ্চ মাত্রার" অধীনে উল্লেখিত জরিমানা ভোগ করতে হবে।

প্রথমবার যদি উচ্চ বা সর্বোচ্চ মাত্রার নেশাগ্রস্ত অবস্থায় গাড়ি চালানোর অপরাধে ধরা পড়েন, তাহলে আপনাকে অ্যাক্সিলারেটেড রিহ্যাবিলিটেশন ডিস্পেন্সারিশনে (ARD) অন্তর্ভুক্ত করা হতে পারে।

সারণী 1 - সাধারণ নেশাগ্রস্ত অবস্থা: রক্তের অ্যালকোহল ঘনত্ব 0.08 থেকে 0.099 (লক্ষণীয়: এই জরিমানাগুলো শুধুমাত্র আইনগতভাবে মদ্যপান করার বয়সসীমার মধ্যে থাকা চালকদের জন্য প্রযোজ্য।)			
জরিমানা	প্রথম অপরাধ	দ্বিতীয় অপরাধ	তৃতীয় অপরাধ
শাস্তি	6 মাসের প্রবেশন	5 দিন থেকে 6 মাসের কারাবাস	10 দিন থেকে 2 বছরের কারাবাস
ফাইন	\$300	\$300 - \$2,500	\$500 - \$5,000
লাইসেন্স	কোনও পদক্ষেপ নয়	12 মাসের নিষেধাজ্ঞা এবং 1 বছরের জন্য ইগনিশন ইন্টারলক বাধ্যতামূলক	12 মাসের নিষেধাজ্ঞা এবং 1 বছরের জন্য ইগনিশন ইন্টারলক বাধ্যতামূলক

সারণী 2 - উচ্চ হার: রক্তের অ্যালকোহল ঘনত্ব 0.10 থেকে 0.159 (লক্ষণীয়: এই সারণীটি এদের ক্ষেত্রে প্রযোজ্য - যে গাড়িচালকদের বয়স 21-এর কম এবং BAC 0.02 অথবা তার বেশি, বাণিজ্যিক যানের চালক যাদের BAC 0.04 অথবা তার বেশি, স্কুল বাসের চালক যাদের BAC 0.02 অথবা তার বেশি এবং যে চালকদের BAC 0.08 থেকে 0.099 যারা এমন দুর্ঘটনার সঙ্গে জড়িত যাতে গুরুতর শারীরিক আঘাত লেগেছে, মৃত্যু হয়েছে, অথবা যান অথবা সম্পত্তির ক্ষতি হয়েছে।)			
জরিমানা	প্রথম অপরাধ	দ্বিতীয় অপরাধ	তৃতীয় অপরাধ
শাস্তি	2 দিন থেকে 6 মাস কারাবাস	30 দিন থেকে 6 মাস কারাবাস	90 দিন থেকে 5 বছর কারাবাস
ফাইন	\$500 - \$5,000	\$750 - \$5,000	\$1,500 - \$10,000
লাইসেন্স	12 মাসের নিষেধাজ্ঞা এবং 1 বছরের জন্য ইগনিশন ইন্টারলক বাধ্যতামূলক	12 মাসের নিষেধাজ্ঞা এবং 1 বছরের জন্য ইগনিশন ইন্টারলক বাধ্যতামূলক	18 মাসের নিষেধাজ্ঞা এবং 1 বছরের জন্য ইগনিশন ইন্টারলক বাধ্যতামূলক

সারণী 3 - সর্বোচ্চ হার: রক্তের অ্যালকোহলের ঘনত্ব 0.16 এবং তার বেশি (লক্ষণীয়: এই সারণীটি এই সব চালকদের ক্ষেত্রে প্রযোজ্য - যারা যে কোনও BAC মাত্রায় রাসায়নিক পরীক্ষা করাতে অস্বীকার করেন, যারা মেডিক্যালি প্রেসক্রাইব না করা SCHEDULE I, II, বা III ড্রাগস গ্রহণ করে গাড়ি চালানোর অপরাধে দোষী সাব্যস্ত হন এবং যারা মাদক এবং অ্যালকোহলের সংমিশ্রণ বা ইনহ্যালেন্টস জাতীয় পদার্থ ব্যবহার করে গাড়ি চালান।)			
জরিমানা	প্রথম অপরাধ	দ্বিতীয় অপরাধ	তৃতীয় অপরাধ
শাস্তি	3 দিন থেকে 6 মাস কারাবাস	90 দিন থেকে 5 বছর কারাবাস	1 বছর থেকে 5 বছর কারাবাস
ফাইন	\$1,000 - \$5,000	\$1,500	ন্যূনতম \$2,500
লাইসেন্স	12 মাসের নিষেধাজ্ঞা এবং 1 বছরের জন্য ইগনিশন ইন্টারলক বাধ্যতামূলক	18 মাসের নিষেধাজ্ঞা এবং 1 বছরের জন্য ইগনিশন ইন্টারলক বাধ্যতামূলক	18 মাসের নিষেধাজ্ঞা এবং 1 বছরের জন্য ইগনিশন ইন্টারলক বাধ্যতামূলক

আপনার শাস্তি যদি সর্বোচ্চ ছ'মাসের প্রবেশন বা জেল পর্যন্ত সীমাবদ্ধ হয় (আপনি প্রথমবারের অপরাধী, অথবা "জেনারেল ইম্প্রোভারমেন্ট" বা "উচ্চ হার"-এর ক্ষেত্রে দ্বিতীয়বারের অপরাধী হন), তাহলে আপনার DUI অপরাধটিকে "শ্রেণীবিহীন লঘু অপরাধ" হিসেবে চার্জ করা হয়েছে। শ্রেণীবিহীন লঘু অপরাধে অভিযোগের অর্থ হ'ল আপনি যদি মামলাটি লড়তে চান, তাহলে আপনি জুরি ট্রায়ালের অধিকার পাবেন না।

প্রথমবার যদি উচ্চ বা সর্বোচ্চ মাত্রার নেশাগ্রস্ত অবস্থায় গাড়ি চালানোর অপরাধে ধরা পড়েন, তাহলে আপনাকে অ্যাক্সিলারেটেড রিহ্যাবিলিটেশন ডিস্পেন্সারিশনে (ARD) অন্তর্ভুক্ত করা হতে পারে।

যদি আপনি ARD প্রোগ্রামে সুযোগ পান, তাহলে আপনাকে:	
<ul style="list-style-type: none"> সর্বোচ্চ 90 দিনের জন্য ড্রাইভিং লাইসেন্স হারাতে হতে পারে। ছয় (6) মাসের জন্য আদালতের তত্ত্বাবধানে থাকতে হবে। সংশ্লিষ্ট ফি এবং অন্যান্য ব্যয় ছাড়াও আপনাকে \$300 থেকে \$5,000 আর্থিক জরিমানা দিতে হবে। 	<ul style="list-style-type: none"> মদ ও মাদকের আসক্তি নির্ধারণের মূল্যায়ন করাতে হবে। প্রয়োজন হ'লে মদ ও মাদক পুনর্বাসন চিকিৎসা করাতে হবে। 12 1/2 ঘণ্টার অ্যালকোহল হাইওয়ে সেফটি স্কুলে অংশ গ্রহণ করতে হবে।

শূন্য সহনশীলতা আইন (21 DUI-এর আওতায়)

গাড়ি চালানোর সময়ে 21 বছরের কম বয়সী যে ব্যক্তিদের রক্তে পরিমাপযোগ্য পরিমাণে অ্যালকোহল থাকে, তাদের জন্য জিরো টলারেন্স আইন গুরুতর পরিণতি নিয়ে আসে। এই আইনটি নেশাগ্রস্ত অবস্থায় গাড়ি চালানোর জন্য অভিযুক্ত অপ্ৰাপ্তবয়স্কদের (21 বছরের কম বয়সী) জন্য রক্তে অ্যালকোহলের মাত্রা (BAC) 0.08 থেকে কমিয়ে 0.02 করা হয়েছে।

কেন শূন্য সহনশীলতা?

মার্কিন যুক্তরাষ্ট্রে কিশোরদের মৃত্যুর এক (1) নম্বর কারণ হ'ল গাড়ি দুর্ঘটনা।

গাড়ি চালানোর সময়ে একসঙ্গে একাধিক কাজ করতে হয় এবং সেগুলি ক্রমাগত পরিবর্তিত হতে থাকে। নিরাপদে গাড়ি চালানোর জন্য আপনাকে অবশ্যই সতর্ক থাকতে হবে, পরিবেশের সদা পরিবর্তনশীল তথ্যের উপরে ভিত্তি করে সিদ্ধান্ত নিতে হবে এবং এই সিদ্ধান্তগুলির ভিত্তিতে কৌশল অবলম্বন করতে হবে। মদ্যপান করলে এই কাজগুলি করার ক্ষেত্রে প্রয়োজনীয় বিভিন্ন প্রকারের দক্ষতায় বাধা আসে।

আপনার বয়স যদি 21 বছরের কম হয় এবং আপনি যদি প্রথমবার DUI অপরাধে দোষী সাব্যস্ত হন, তাহলে আপনার দুই (2) থেকে ছয় (6) মাস মেয়াদের কারাবাস হবে, আপনার লাইসেন্স সম্পূর্ণ এক বছরের জন্য বরখাস্ত করা হবে এবং আপনাকে \$500 থেকে \$5,000 আর্থিক জরিমানা দিতে হবে।

অল্প বয়সে মদ্যপান

আপনার বয়স যদি 21 বছরের কম হয়, তাহলে মদ ক্রয় করা, মদ্যপান করা, নিজের কাছে মদ রাখা এবং আপনি যে গাড়িটি চালাচ্ছেন তাতে মদ রাখা বেআইনি। এছাড়া, যদি আপনি অপ্ৰাপ্তবয়স্ক হন এবং রক্ত, শ্বাস বা প্রস্রাব পরীক্ষার জন্য আপনাকে আটক করা হয়, তাহলে এই পরীক্ষাগুলোর জন্য আপনার অভিভাবকের অনুমতি লাগবে না তবে, পুলিশ অবশ্যই আপনার গ্রেপ্তারের বিষয়টি তাদের জানাবে। অপ্ৰাপ্তবয়স্কদের মদ্যপানের সর্বনিম্ন শাস্তি হলো সর্বোচ্চ \$500 আর্থিক জরিমানা, সঙ্গে অতিরিক্ত আদালতের খরচ।

আদালত আপনার মদ্যপানের মাত্রা নির্ধারণের জন্য মূল্যায়ন করতে বলতে পারে এবং প্রয়োজনে আপনাকে অ্যালকোহল শিক্ষামূলক প্রোগ্রাম, কাউন্সেলিং বা পুনর্বাসন কার্যক্রম সফলভাবে সম্পন্ন করার নির্দেশ দিতে পারে।

সত্যটি হ'ল: 21 বছরের কম বয়সী কোনও ব্যক্তির মদ্যপান করা, সঙ্গে মদ রাখা অথবা মদ চালান করা আইন বিরোধী কাজ।

ভুল সিদ্ধান্ত নিয়ে বিপদ ডাকবেন না।

প্ৰাপ্তবয়স্ক ব্যক্তির, এমনকি পিতা-মাতা, যারা জ্ঞানত এবং উদ্দেশ্যমূলক ভাবে কোনও অপ্ৰাপ্তবয়স্ক ব্যক্তিকে মদের যোগান দেবেন, তারাও প্রথমবার অপরাধের জন্য অন্তত \$1,000 এবং তার পরে প্রত্যেকবার অপরাধের জন্য \$2,500 আর্থিক জরিমানা দিতে হবে এবং এক বছরের কারাবাসের সাজা হবে। এমনকি প্ৰাপ্তবয়স্ক ব্যক্তির তাদের বাড়িতে অতিথিদের মদ্যপানের জন্যও দায়ী থাকবেন। উদাহরণস্বরূপ, যদি আপনার বাড়িতে 17 জন কিশোর পার্টি করেন এবং তারা মদ্যপান করেন, তাহলে সেই পার্টির ফলস্বরূপ আপনার \$41,000 ব্যয় হতে পারে। অর্থাৎ, প্রথম কিশোরের মদ্যপানের জন্য \$1,000 এবং তারপরে বাকি 16 জনের প্রত্যেকের জন্য \$2,500 জরিমানা ধরা হবে।

ড্রাইভার্স লাইসেন্স কমপ্যাঙ্ক (DLC)

DLC হ'ল দেশ ব্যাপী আইন বলবৎ করার প্রচেষ্টায় সদস্য রাজ্যগুলি এবং ডিস্ট্রিক্ট অফ কলম্বিয়ার মধ্যে একটি চুক্তি। DLC-এর প্রধান নিয়মগুলো, যা সদস্য রাজ্যগুলো পালন এবং প্রয়োগ করতে বাধ্য, তা হল:

- "ওয়ান ড্রাইভার্স লাইসেন্স" ধারণা, যদি আপনি অন্য কোনো রাজ্যে নতুন ড্রাইভিং লাইসেন্সের জন্য আবেদন করেন, তাহলে আগের রাজ্যের লাইসেন্স জমা দিতে হবে।
- "ওয়ান ড্রাইভার্স রেকর্ড" হ'ল এমন একটি ধারণা যেখানে চালকের স্থায়ী ঠিকানার রাজ্যে তার সম্পূর্ণ ড্রাইভিং রেকর্ড সংরক্ষণ করা হয়, এটি তার নিজ রাজ্যে গাড়ি চালানোর যোগ্যতা নির্ধারণের পাশাপাশি অন্যান্য রাজ্যে চালানোর অনুমতির ক্ষেত্রেও বিবেচিত হয়।
- বাইরের রাজ্যে চালানোর সময় পাওয়া ট্রাফিক অপরাধ, লাইসেন্স বাতিল/সুগিতের তথ্য চালকের নিজ রাজ্যের লাইসেন্স কর্তৃপক্ষকে জানানো হয়, সঙ্গে অন্যান্য প্রয়োজনীয় তথ্যও শেয়ার করা হয়।
- চালকদের জন্য অভিন্ন এবং পূর্বানুমেয় বিচার নিশ্চিত করা হয়, যেখানে অন্য রাজ্যে সংঘটিত অপরাধগুলোকে নিজের বাসস্থানের রাজ্যে সংঘটিত অপরাধ হিসেবে বিবেচনা করা হয়।

নিচে উল্লেখ করা অপরাধগুলি যদি কোনও একটি সদস্য রাজ্যে করা হয়ে থাকে, তাহলে সেই অপরাধগুলি পেনসিলভানিয়াতেই করা হয়েছে বলে বিবেচনা করা হবে এবং আমাদের ভেইকেল কোডের বিধান অনুযায়ী উপযুক্ত নিষেধাজ্ঞা জারি করা হবে:

- গাড়ি চালানোর কারণে যদি কারও মৃত্যু হয় বা গুরুতর অবহেলার কারণে প্রাণহানি ঘটে (সেকশন 3732)।
- অ্যালকোহল-যুক্ত পানীয় অথবা নেশাজাতীয় দ্রব্য গ্রহণ করে গাড়ি চালানো, যার ফলে চালক নিরাপদে গাড়ি চালাতে অক্ষম হন (সেকশন 3802)।

- গাড়ি দুর্ঘটনার ক্ষেত্রে গাড়ি থামাতে এবং সহায়তা দিতে ব্যর্থ হওয়ার ফলে যদি অন্য কোনও ব্যক্তির মৃত্যু হয় অথবা তার ব্যক্তিগত আঘাত লাগে (সেকশন 3742)।
- যেকোনো গুরুতর অপরাধ যেখানে গাড়ি ব্যবহার করা হয়েছে (অপরাধবিধি ও বিপজ্জনক মাদক সংক্রান্ত আইন অনুযায়ী)।

ভিন রাজ্যের একটি তলবে সাড়া না দিলে, যতক্ষণ পর্যন্ত না তলবে উল্লেখ থাকা স্থানে সাড়া দেওয়া হবে, ততক্ষণ পর্যন্ত আপনার পেনসিলভানিয়ার ড্রাইভিং লাইসেন্সটি অনির্দিষ্টকালের জন্য বরখাস্ত করা হবে।

অধ্যায় 4 পর্যালোচনার প্রশ্নাবলী

1. এই রাজ্যে মদ্যপানের জন্য ন্যূনতম বয়স হল _____ বছর।
 - A. 9
 - B. 20
 - C. 21
 - D. 18

2. যদি 16 বছরের কম বয়সী কোনো ব্যক্তি ভুয়া পরিচয়পত্র ব্যবহার করে মদ কিনতে চেষ্টা করে, তাহলে:
 - A. তাদের ড্রাইভিং লাইসেন্স বরখাস্ত শুরু হবে তাদের 16তম জন্মদিন থেকে
 - B. তারা 21তম জন্মদিন পর্যন্ত চালকের পরীক্ষা দিতে পারবে না।
 - C. তাদের ড্রাইভিং লাইসেন্স বরখাস্ত হবে তাদের 21তম জন্মদিন থেকে।
 - D. একটি অ্যালকোহল সেফটি এডুকেশন ক্লাসে পাঠানো হবে

3. 21 বছরের কম বয়সী কোনও ব্যক্তি যদি মদ্যপান করেন কিন্তু কোনও মোটরযান না চালান, তাহলে প্রথমবার অপরাধের জন্য তার শাস্তি হ'ল:
 - A. 90 দিনের জন্য ড্রাইভিং লাইসেন্স বরখাস্ত হবে এবং সর্বাধিক \$500 জরিমানা
 - B. 6 মাসের প্রোবেশন
 - C. সংশোধনগারে যাওয়ার শাস্তি
 - D. গাড়ি চালানোর রেকর্ডে পয়েন্ট যোগ হবে

4. নিঃশ্বাস, রক্ত ও মূত্র পরীক্ষার জন্য অভিভাবকের সম্মতি:
 - A. প্রয়োজন নেই
 - B. পিতা অথবা মাতা যে কোনও একজনের থেকে প্রয়োজন
 - C. 16 বছরের কম বয়সী ব্যক্তিদের জন্য প্রয়োজন
 - D. পিতা ও মাতা উভয়ের কাছ থেকেই প্রয়োজন

5. 21 বছরের কম বয়সী কারো জন্য _____ অ্যালকোহল আইনত নিষিদ্ধ।
 - A. বিজ্ঞাপনযুক্ত পোশাক পরা
 - B. এর উপস্থিতিতে থাকা
 - C. গ্রহণ করা
 - D. পরিবেশন করা

6. 21 বছরের কম বয়সী কারো জন্য _____ অ্যালকোহল আইনত নিষিদ্ধ।
 - A. বিজ্ঞাপনযুক্ত পোশাক পরা
 - B. অধিকারে রাখা
 - C. পরিবেশন করা
 - D. এর উপস্থিতিতে থাকা

7. 21 বছরের কম বয়সী কারো জন্য _____ অ্যালকোহল আইনত নিষিদ্ধ।
 - A. পরিবেশন করা
 - B. বিজ্ঞাপনযুক্ত পোশাক পরা
 - C. এর উপস্থিতিতে থাকা
 - D. পরিবহন

8. মদ্যপান করে গাড়ি চালানোর জন্য সাজাগুলির মধ্যে একটি হ'ল (N):
 - A. 5 বছরের জন্য ড্রাইভার লাইসেন্স বরখাস্ত থাকা
 - B. \$100.00 আর্থিক জরিমানা
 - C. অ্যালকোহল হাইওয়ে সেফটি স্কুলে যাওয়া
 - D. 12 ঘণ্টার জন্য কারাবাস

9. মদ্যপান করে গাড়ি চালানোর অপরাধে আপনাকে যদি গ্রেপ্তার করা হয় এবং আপনি রক্ত পরীক্ষা করতে অস্বীকার করেন, তাহলে আপনি পাবেন:
- ড্রাগ কাউন্সেলিং চিকিৎসা
 - এক দিনের জন্য কারাবাস
 - ড্রাইভার লাইসেন্স স্থগিতকরণ
 - \$300.00 আর্থিক জরিমানা
10. যদি কোনো পুলিশ অফিসার আপনাকে রক্ত, নিশ্বাস বা প্রস্রাবের পরীক্ষা দিতে বলে, তাহলে আপনি:
- নিজের পছন্দের পরীক্ষাটি বেছে নিতে পারেন
 - অবশ্যই একটি সম্মতি পত্রে স্বাক্ষর করবেন
 - অপ্রাপ্তবয়স্ক হ'লে প্রত্যাখ্যান করতে পারেন
 - আপনাকে পরীক্ষাটি অবশ্যই করতে হবে, নতুবা আপনার লাইসেন্স বরখাস্ত হবে
11. আপনার রক্তে অ্যালকোহলের ঘনত্বের মাত্রা যাই থাকুক না কেন, প্রথমবারের জন্য মদ্যপ অবস্থায় গাড়ি চালানোর জন্য সাজা হ'লে তার পরিণতি হতে পারে:
- 5 বছরের জন্য আপনি আপনার লাইসেন্স হারাতে পারেন
 - মদ্যপ অবস্থায় গাড়ি চালানোর বিপদ সম্পর্কে একটি জনশিক্ষার ক্লাস পরিচালনা করার প্রয়োজন হবে
 - রেস্ট্রিক্টেড অকুপেশনাল লাইসেন্স নিয়ে গাড়ি চালাতে হবে
 - ন্যূনতম \$300 আর্থিক জরিমানা দিতে হবে
12. যদি আপনার বয়স 21 বছরের কম হয়, তাহলে আপনার রক্তে অ্যালকোহলের পরিমাণ নিচের যেকোনো মাত্রায় থাকলে আপনাকে মদ্যপ অবস্থায় গাড়ি চালানোর অপরাধে গণ্য করা হবে:
- 0.08% অথবা তার বেশি
 - 0.10% অথবা তার বেশি
 - 0.05% অথবা তার বেশি
 - 0.02% অথবা তার বেশি
13. আপনার বয়স যদি 21 বছরের কম হয় এবং আপনি মদ্যপান করে গাড়ি চালানোর জন্য দোষী সাব্যস্ত হন, তাহলে প্রথমবার অপরাধের জন্য আপনার লাইসেন্স _____ এর জন্য স্থগিতকরণ হবে।
- 60 দিন
 - 30 দিন
 - 6 মাস
 - 1 বছর
14. আপনার বয়স যদি 21 বছরের কম হয় এবং জাল একটি ID রাখার কারণে আপনি দোষী সাব্যস্ত হন, তাহলে আপনাকে \$500 আর্থিক জরিমানা দিতে হবে এবং তার পাশাপাশি আপনার লাইসেন্স 90 দিনের জন্য বরখাস্ত করা হবে।
- শুধুমাত্র যদি আপনার রক্তে অ্যালকোহলের স্তর (BAC) .02% বা তার বেশি হয়
 - এমনকি যদি আপনি গাড়ি চালাচ্ছিলেন না
 - শুধুমাত্র যদি গ্রেপ্তার হওয়ার সময়ে আপনি গাড়ি চালাচ্ছিলেন
 - যদি শুধুমাত্র গ্রেপ্তারের সময়ে আপনার রক্তে অ্যালকোহলের পরিমাণ (BAC) 0.02% অথবা তার বেশি হয় এবং সেই সময়ে আপনি গাড়ি চালাচ্ছিলেন
15. 21 বছরের কম বয়সীদের মদ্যপ অবস্থায় গাড়ি চালানোর অপরাধে শূন্য সহনশীল আইন অনুযায়ী রক্তে অ্যালকোহলের পরিমাণ (BAC) 0.08% _____ থেকে কমিয়ে করা হয়েছে।
- 0.02%
 - 0.05%
 - 0.07%
 - 0.00%
16. কোনও পুলিশ অফিসার যদি আপনাকে থামান, তাহলে আপনাকে যা করতে হবে:
- সিটবেল্ট খুলে জানালার কাঁচ নিচে নামানো
 - অফিসারটি আপনার গাড়ির কাছে পৌঁছানোর আগেই আপনার নথিপত্র প্রস্তুত রাখা
 - স্টিয়ারিং হুইলে দুই হাত রেখে গাড়িতে বসে থাকা এবং আপনার কাছে অফিসারের আসার জন্য অপেক্ষা করা
 - গাড়ি থেকে বেড়িয়ে এসে প্যাট্রোল গাড়িটির দিকে এগিয়ে যাওয়া

অধ্যায় 4-এর উত্তরসূচি

1. C
2. A
3. A
4. A
5. C
6. B
7. D
8. C
9. C
10. D
11. D
12. D
13. D
14. B
15. A
16. C

অধ্যায় 5:**আইন এবং সম্পর্কিত বিষয়**

এই অধ্যায়টি পেনসিলভানিয়ার সাম্প্রতিক আইন অথবা গাড়িচালক সংক্রান্ত প্রাসঙ্গিক অন্যান্য আইন সম্পর্কে আপনার জানার জন্য প্রয়োজনীয় তথ্য দেবে।

পেনসিলভানিয়ার আইন সম্পর্কে আরও তথ্যের জন্য অনুগ্রহ করে www.dmv.pa.gov, এ যান এবং ইনফরমেশন সেন্টারসের অধীনে আইন এবং বিধিগুলি নির্বাচন করুন।

নাম ও ঠিকানা পরিবর্তনের জন্য প্রয়োজনীয় বিজ্ঞপ্তি

পেনসিলভানিয়া ভেহিকেল কোডের 1515 নং ধারা অনুসারে, যদি আপনার নাম অথবা ঠিকানার কোনও পরিবর্তন হয়, তাহলে সেই পরিবর্তন হওয়ার 15 দিনের মধ্যে আপনাকে অবশ্যই PennDOT-এ জানাতে হবে, এমনকি আপনি রাজ্যের বাইরে চলে গেলেও। আপনি আপনার ঠিকানার পরিবর্তন আমাদের ওয়েবসাইট www.dmv.pa.gov-এ গিয়ে অথবা 717-412-5300 নম্বরে আমাদের কাস্টমার কল সেন্টারে কল করে জানাতে পারেন। পেনসিলভানিয়া ভেহিকেল কোড অনুযায়ী, পেনসিলভানিয়ার বাসিন্দা নয় এমন কাউকে ড্রাইভিং লাইসেন্স সংক্রান্ত কোনো পণ্য বা পরিষেবা দেওয়া নিষিদ্ধ। আইন অনুসারে, আপনি যদি পেনসিলভানিয়ার একজন নিবন্ধিত ভোটার হন, তাহলে এই আবেদনপত্রের মাধ্যমে আমরা আপনার কাউন্টি ভোটার নিবন্ধন অফিসে আপনার ঠিকানা পরিবর্তনের বিষয়ে জানাতে পারব। ওয়েবসাইটে প্রাপ্ত নাম পরিবর্তন / সংশোধন / প্রতিস্থাপনের জন্য নন-কমার্শিয়াল ড্রাইভার'স লাইসেন্স অ্যাপ্লিকেশন ফর্ম (ফর্ম DL-80) পূরণ করে আপনি আপনার নাম পরিবর্তন করতে পারেন। নতুন তথ্য সম্বলিত একটি ড্রাইভার লাইসেন্স আপডেট কার্ড আপনাকে দেওয়া হবে। আপনাকে আপনার ড্রাইভার লাইসেন্সের সঙ্গে আবশ্যিকভাবে এই কার্ডটি রাখতে হবে। নন-কমার্শিয়াল গাড়িচালকদের জন্য এই পরিষেবার জন্য ফি নেওয়া হয় না।

সিট বেল্টের আইন

পেনসিলভানিয়ার ভেহিকেল কোডের 4581 ধারা অনুসারে পেনসিলভানিয়ায় এটি একটি আইন যে:

- গাড়ির, হালকা ট্রাকের এবং মোটর হোমের সব চালক এবং সামনের আসনের যাত্রীদের সিটবেল্ট পরা বাধ্যতামূলক।
- আপনি যদি গাড়িতে আট (8) বছর অথবা তার বেশি বয়সী কিন্তু 18 বছরের কম বয়সী যাত্রীদের নিয়ে যেতে থাকেন, তাহলে তারা গাড়ির যে আসনেই বসে থাকুক তা নির্বিশেষে তাদের সবাইকে সিট বেল্ট লাগানো বাধ্যতামূলক।
- আপনি যদি 18 বছরের কম বয়সী একজন গাড়িচালক হন, তাহলে গাড়িটিতে যতগুলি সিট বেল্ট থাকবে যাত্রী সংখ্যা তার বেশি হতে পারবে না।

আইন অনুযায়ী সিটবেল্ট পরা বাধ্যতামূলক। আপনার সিটবেল্ট পরা সবসময়ই বুদ্ধিমানের কাজ।

অনেকেই মনে করেন, দুর্ঘটনার সময় হাত-পা ব্যবহার করে গাড়ির ভেতরের অংশে আঘাত লাগা থেকে নিজেকে বাঁচাতে পারবেন, কিন্তু এটি একেবারে ভুল ধারণা। ধাক্কা লাগলে আপনার গাড়িটি থেমে যাবে, কিন্তু গাড়ি যে গতিতে চলছিল আপনার দেহ সেই গতিতে এগিয়ে গিয়ে ইন্সট্রুমেন্ট প্যানেল অথবা উইন্ডশিল্ডে ধাক্কা মারবে। অধিকাংশ দুর্ঘটনার ক্ষেত্রেই যাত্রী ও চালকের দেহ গাড়ির ভিতরের অংশে কয়েক টন শক্তিতে আঘাত করে। এর ফলে এমনকি সবচেয়ে শক্ত হাত ও পা ছিন্নভিন্ন হয়ে যাবে। গাড়িটি 30 mph গতিতে থাকলে এই আঘাত হবে একটি তিনতলা বাড়ি থেকে নিচে পড়ে যাওয়ার মতো। তাই আপনার হাত দিয়ে নিজেকে সামলানো সম্ভব নয়। এমনকি গাড়ি 12 mph মতো ধীর গতিতে চললেও, যদি চালক বা যাত্রী সিটবেল্ট না পরেন, তবে সংঘর্ষের সময় তা প্রাণঘাতী হতে পারে।

শুধুমাত্র সিটবেল্টই নিরাপদভাবে শরীরের গতি কমাতে পারে। গাড়ি ধাক্কা লাগার পরে গাড়ি দুর্ঘটনার পর আপনার শরীর থামানোর জন্য মাত্র 1/50 সেকেন্ড সময় থাকে। হাত বা পা এত দ্রুত কাজ করতে পারে না, কিন্তু সিটবেল্ট দ্রুত কাজ করে। কঠিন একটি ইন্সট্রুমেন্ট প্যানেল, সিটয়ারিং হুইল অথবা উইন্ডশিল্ডের চেয়ে সিট বেল্ট আপনার দেহকে অনেক বেশি ধীরে ধীরে থামায়। দুর্ঘটনার সময় বাঁধা সিটবেল্ট শরীরের ওপর হঠাৎ ধাক্কার চাপটা ছড়িয়ে দেয় শক্তিশালী অংশগুলোর মধ্যে, যেমন বুক, কোমর আর কাঁধে। এয়ারব্যাগ দুর্ঘটনার সময় "আকস্মিক ধাক্কা" সুরক্ষা প্রদান করে। তবে এয়ার ব্যাগ থাকলেও সিট বেল্ট লাগানো আবশ্যিক।

সিট বেল্ট আপনাকে গাড়ির ভিতরে ধরে রাখে। আপনি যদি আপনার গাড়ির ভিতর থেকে বাইরে ছিটকে পড়েন, তাহলে আপনার মৃত্যু হওয়ার সম্ভাবনা প্রায় 25 গুণ বেশি হবে। বাইরে ছিটকে পড়ার অর্থ সাধারণত হ'ল আপনি উইন্ডশিল্ড ভেদ করে বাইরে কোনও কঠিন স্থানে পড়বেন। ধাক্কা লাগার শক্তি এত বেশি হতে পারে যে আপনাকে 150 ফিট (প্রায় 15টি গাড়ির দৈর্ঘ্য) দূরে ছুঁড়ে ফেলতে পারে। আপনি যদি ছিটকে গিয়ে রাস্তায় পড়েন, তাহলে সব সময়েই অন্য আরেকটি গাড়ির নিচে আপনার চাপা পড়ার সম্ভাবনা থাকবে। যারা গাড়ি থেকে ছিটকে পড়ে মারা গেছেন, তাদের মধ্যে প্রতি পাঁচ (5) জনের মধ্যে চার (4) জনই বেঁচে যেতেন, যদি তারা গাড়ির ভেতরে থাকতে পারতেন।

সিট বেল্ট এবং এয়ার ব্যাগ জীবন বাঁচায়। এগুলো সবচেয়ে ভালো কাজ করে যখন সবাই ঠিকভাবে বাঁধা থাকে আর শিশুদের পেছনের আসনে নিরাপদভাবে বসানো হয়।

চাইল্ড রেস্ট্রইন্ট আইন

মার্কিন যুক্তরাষ্ট্রে শিশুদের মৃত্যুর এবং আঘাত প্রাপ্তির অন্যতম প্রধান কারণ হ'ল যানবাহনের দুর্ঘটনা। পেনসিলভানিয়াতে প্রতি বছর পাঁচ (5) বছরের কম বয়সী প্রায় 7,000 শিশু গাড়ি দুর্ঘটনার শিকার হয়।

শিশু যাত্রী সুরক্ষা আইন 229 এর বাধ্যবাধকতা

- চার বছরের কম বয়সী (4) শিশুদের অবশ্যই একটি সরকার-অনুমোদিত শিশু যাত্রী নিয়ন্ত্রণ সিস্টেমে (শিশু সুরক্ষা আসন) বসানো প্রয়োজন, যা সিট বেল্ট সিস্টেম (অথবা নতুন যানবাহনে উপলভ্য গাড়ির ল্যাচ সিস্টেম ব্যবহার করে) দ্বারা গাড়ির সাথে সুরক্ষিত রাখতে হবে, তারা গাড়িতে যেখানেই থাকুক না কেন (সামনের বা পিছনের সিটে)।
- চার (4) এবং তার বেশি বয়সী কিন্তু আট (8) বছরের কম বয়সী শিশুদের অবশ্যই ফেডারেল-অনুমোদিত শিশু বুস্টার সিটে বসাতে হবে, যা সিট বেল্ট সিস্টেম দ্বারা গাড়ির সাথে সংযুক্ত করতে হবে, তারা গাড়িতে যেখানেই থাকুক না কেন (সামনের বা পিছনের সিটে)। বুস্টার সিট ব্যবহার করতে হলে অবশ্যই কোমর ও কাঁধের সিটবেল্টও বাঁধতে হবে।
- আট (8) বছর এবং তার বেশি বয়সী শিশুদের কিন্তু 18 বছরের কম বয়সীদের, তাদের বসার আসন নির্বিশেষে (সামনের অথবা পিছনের আসন), অবশ্যই সিট বেল্ট বাঁধতে হবে।
- শিশুদেরকে একটি অনুমোদিত শিশু যাত্রী নিয়ন্ত্রণ সিস্টেমে আটকে রাখা এবং 18 বছরের কম বয়সীদের আটকে রাখার দায়িত্ব হ'ল গাড়ি চালকের।

উল্লঙ্ঘনকারীদের জরিমানা করা হতে পারে এবং আদালতের সমস্ত ব্যয় ভার তাদেরকেই বহন করতে হবে।

2 বছরের কম বয়সী শিশুদের গাড়ির পিছনের দিকে মুখ করা সিটে বসাতে হবে যতদিন পর্যন্ত না শিশুটি গাড়ির আসন নির্মাতার নির্ধারিত গাড়ির আসনের সর্বোচ্চ ওজন ও উচ্চতার সীমা অতিক্রম করবে। যদি গাড়িতে এয়ার ব্যাগ লাগানো থাকে, তাহলে কখনই সামনের আসনে পিছনের দিকে মুখ করা চাইল্ড সেফটি সিট লাগাবেন না। দুর্ঘটনা ঘটলে এয়ার ব্যাগটি প্রচণ্ড শক্তিতে চাইল্ড সিটের পিছনে আঘাত করবে এবং সেই শক্তি শিশুটির মাথায় সঞ্চারিত হয়ে গুরুতর জখম করবে অথবা মৃত্যু ঘটাবে।

আপনি যদি আট (8) বছরের কম বয়সী শিশুদের গাড়িতে করে নিয়ে যান, আইন অনুসারে যাদেরকে সরকার অনুমোদিত চাইল্ড সেফটি সিট অথবা বুস্টার সিটে বসাতে হবে, তাহলে আপনার গাড়ির ওনারস ম্যানুয়ালে সিট সংক্রান্ত নির্দেশিকাগুলি পড়ুন, তাহলে আপনি জানতে পারবেন যে আপনার গাড়ির আসনের সঙ্গে সেই সিটটি কীভাবে আঁট করে লাগাতে হবে এবং কীভাবে শিশুদের আরামদায়কভাবে চাইল্ড সিটে বসাতে হবে।

শিশু ও পোষ্য প্রাণীদের নিরাপত্তা সংক্রান্ত পরামর্শ

যানবাহন সম্পর্কিত হিটস্ট্রোক প্রতিরোধ করুন

বাইরের তাপমাত্রা যখন বাড়তে থাকবে, তখন শিশু এবং পোষ্য প্রাণীদের একলা উত্তপ্ত গাড়িতে রেখে গেলে তারা গুরুতর অসুস্থ হয়ে পড়ার অথবা তাদের মৃত্যু হওয়ার ঝুঁকিও থাকতে পারে। গাড়ি খুব তাড়াতাড়ি উত্তপ্ত হয়ে যায় - এমনকি গাড়ির জানালা দুই ইঞ্চি নামিয়ে রাখলেও যদি বাইরের তাপমাত্রা 80 ডিগ্রি ফারেনহাইটের মধ্যে থাকে তাহলে গাড়ির ভিতরের তাপমাত্রা মাত্র 10 মিনিটের মধ্যেই বিপজ্জনক মাত্রায় পৌঁছে যেতে পারে।

দুর্ভাগজনক একটি হিটস্ট্রোক এড়ানোর জন্য প্রতিরোধমূলক পরামর্শ:

- কখনোই গাড়িতে শিশু বা পোষ্য প্রাণীকে একা রেখে যাবেন না, এমনকি জানালাগুলো খানিকটা খোলা থাকলেও।
- নজরে নেই এমন গাড়ির মধ্যে শিশুদের কখনই খেলতে দেবেন না।
- আপনার পার্স, ব্রিফকেস, মোবাইল ফোন, অথবা প্রয়োজনীয় কোনও সামগ্রী গাড়ির পিছনের আসনে রাখুন, যাতে আপনি নিশ্চিতভাবে দেখতে পারবেন যে গাড়িতে শিশুটি রয়ে গিয়েছে।
- গাড়ির আসন খালি থাকলে সেখানে একটি বড় টেডি বেয়ার অথবা অন্য কোনও স্টাফ করা প্রাণী রাখুন। শিশুটিকে গাড়িতে পিছনের আসনে বসানোর সময় সেই বস্তুটিকে সামনের আসনে রাখুন, যাতে সেটি চাম্ফুস রিমাইন্ডার দেয়।
- হিটস্ট্রোক প্রতিরোধ করার জন্য আরও তথ্য পেতে <https://www.safercar.gov/parents/InandAroundtheCar/heatstroke.htm> ওয়েবসাইটটি দেখুন।

শীতের কোট এবং গাড়ির আসন

শীতের মরশুমের সবচেয়ে ঠাণ্ডা সময় যখন এগিয়ে আসে, তখন গাড়িতে ভ্রমণ করার সময় পিতামাতারা তাদের সন্তানকে উষ্ণ রাখার জন্য তার শীতকালীন ভারী কোটগুলি বের করেন। কিন্তু শীতের পুরু কোট শিশুটির গাড়ির আসনের নিরাপত্তা কমিয়ে দিতে পারে। ধাক্কা লাগার সময় সব কোট এবং পোশাক সংকুচিত হয়, তবে পুরু কোটগুলি আরও বেশি সংকুচিত হয়ে হারনেসকে উল্লেখযোগ্য ভাবে শিথিল করতে পারে। গাড়ির সিটের হারনেস একটি শিশুকে গাড়ির আসনে আটকে রাখে এবং দুর্ঘটনার সময় সেরা সুরক্ষা দেওয়ার জন্য সেটি শিশুর দেহের সঙ্গে দৃঢ়ভাবে আটকে থাকতে হবে। শিশুদের শীতকালীন নিরাপত্তার পরামর্শের বিষয়ে আরও তথ্যের জন্য PennDOT-এর ওয়েবসাইট <http://www.penndot.gov>-এ যান।

এয়ার ব্যাগ সংক্রান্ত নিরাপত্তা-মূলক তথ্য

- এয়ার ব্যাগগুলি হ'ল পরিপূরক সুরক্ষার ডিভাইস। কোমর ও কাঁধের বেল্টগুলি অবশ্যই লাগাতে হবে। সিটবেল্ট কোমরের ওপর ভালোভাবে আটকে নিন, আর কাঁধের বেল্ট এমনভাবে পরুন যাতে তা গলা থেকে দূরে থাকে।
- গাড়িচালকের এবং সামনের আসনের যাত্রীর আসনগুলি যতদূর সম্ভব পিছনে ঠেলে দিতে হবে, বিশেষ করে যাদের উচ্চতা কম। এয়ার ব্যাগ কম্পার্টমেন্টের থেকে আপনি যতটা দূরে সম্ভব বসবেন, তবে পা দিয়ে গ্যাস ও ব্রেক পেডেল পৌঁছানো ও ব্যবহার, ইন্সট্রুমেন্ট প্যানেলের নিয়ন্ত্রণ এবং স্টিয়ারিং কলাম ব্যবহার করার ক্ষেত্রে কোনও আপস করবেন না। যদি এয়ার ব্যাগ চালু হয়ে যায়, তাহলে নিরাপত্তার জন্য আপনি স্টিয়ারিং হুইল থেকে অন্তত 10 ইঞ্চি দূরে থাকবেন।
- স্টিয়ারিং হুইলটিকে ঘড়ির 9টা ও 3টের অথবা 8টা ও 4টের অবস্থানে ধরে রাখুন। এটি এয়ারব্যাগ খুললে আপনার কবজি ও হাতের চোঁট লাগা, ভেঙে যাওয়া বা জোরে মুখে আঘাত লাগা থেকে রক্ষা করবে। আপনার বৃদ্ধাঙ্গুলি স্টিয়ারিং হুইলের উপরের বা বাইরের রিমে রাখুন, ভেতরের অংশ ধরে রাখার পরিবর্তে।
- পিছনের দিকে মুখ করে থাকা সেফটি সিটে বসে থাকা শিশুদের **কখনই** যাত্রীর দিকে এয়ার ব্যাগ আছে এমন গাড়ির সামনের আসনে বসাবেন না।
- 12 বছর অথবা তার চেয়ে কম বয়সী সমস্ত শিশুদের পিছনের আসনে বসানোর পরামর্শ দেওয়া হয়। এর পিছনে দু'টি (2) কারণ আছে: প্রথম কারণ হ'ল ধাক্কা লাগার অধিকাংশ ঘটনাগুলিই সামনের দিকে হয়, তাই পিছনের আসনে শিশুদের বসালে তারা ধাক্কার স্থান থেকে দূরে থাকে; দ্বিতীয় কারণ হ'ল শিশুরা আসনে বসে অস্থির হয়ে পড়ে, তাই সামনের আসনে বসে থাকলে তারা এয়ার ব্যাগ কম্পার্টমেন্টের খুব কাছে চলে যেতে পারে, যার ফলে দুর্ঘটনা ঘটার সময়ে এয়ার ব্যাগ চালু হয়ে গেলে তাদের আঘাত লাগার ঝুঁকি থাকে।

আমেরিকানদের জন্য প্রতিবন্ধী সংক্রান্ত আইন (ADA)

1990 সালের আমেরিকানদের জন্য প্রতিবন্ধী সংক্রান্ত আইন মেনে চলার জন্য, PennDOT তাদের সমস্ত ড্রাইভার লাইসেন্স সেন্টার এবং ফটো লাইসেন্স সেন্টার শারীরিকভাবে অক্ষম ব্যক্তিদের জন্য সহজপ্রাপ্য করে তুলেছে। পাশাপাশি, যারা নলেজ টেস্ট এবং রোড টেস্ট দিতে চান এবং শুনতে বা পড়তে সমস্যার সম্মুখীন হন, তাদের জন্যও বিশেষ পরিষেবা উপলভ্য করা হয়েছে।

বধির এবং শ্রবণ প্রতিবন্ধীদের জন্য দোভাষী

শ্রবণ প্রতিবন্ধকতা সম্পন্ন এবং সাইন ল্যাঙ্গুয়েজের মাধ্যমে যোগাযোগকারী ব্যক্তির অনুরোধ করলে PennDOT-এর ব্যুরো অফ ড্রাইভার লাইসেন্সিং তাদের জন্য দোভাষী নিয়োগ করবে। এই পরিষেবাটি সেই গ্রাহকদের জন্য পাওয়া যাবে যারা গাড়িচালকের নলেজ এবং/অথবা রোড টেস্ট দিতে চান, অথবা যাদের একটি স্পেশাল পয়েন্ট পরীক্ষা দিতে হবে।

আপনি যখন পরীক্ষা দিতে চাইবেন তার অন্তত দুই (2) সপ্তাহ আগে PennDOT-এর সঙ্গে প্রাথমিক যোগাযোগ করবেন এবং তখন আপনার পছন্দ অনুযায়ী কোনও ব্যক্তিকে নিয়োগ করার জন্য PennDOT তাদের যথাসাধ্য চেষ্টা করবে।

একজন দোভাষী উপস্থিত থাকার জন্য আপনাকে অবশ্যই করতে হবে

1. পরীক্ষার জন্য অ্যাপয়েন্টমেন্ট করতে 717-412-5300 নম্বরে কল করুন। আপনি যদি TDD ব্যবহার করেন, তাহলে আপনাকে 711 নম্বরে কল করতে হবে। আপনি কোন ড্রাইভার লাইসেন্স সেন্টারে গিয়ে পরীক্ষা দিতে চান তা জানাবেন এবং তার সঙ্গে অন্তত তিনটি (3) তারিখ দেবেন যে তারিখগুলিতে আপনি পরীক্ষা দিতে পারবেন।

আপনার পরীক্ষা দেওয়ার জন্য অ্যাপয়েন্টমেন্ট করতে আপনি পেনসিলভানিয়ার রিলে সার্ভিসও ব্যবহার করতে পারেন। এই পরিষেবায় এমন দুই ব্যক্তির মধ্যে টেলিফোনে যোগাযোগ স্থাপন করা হয় যাদের মধ্যে একজনের TDD সিস্টেম আছে এবং অন্যজনের নেই। এই সিস্টেমে একজন অপারেটরকে ব্যবহার করা হয়, যিনি শ্রবণক্ষম এবং শ্রবণপ্রতিবন্ধী পক্ষের মধ্যে যোগাযোগের মাধ্যম হিসেবে কাজ করেন। আপনার যদি TDD সিস্টেম থাকে, তাহলে পেনসিলভানিয়া রিলে সার্ভিস ব্যবহার করার সময় 1-800-654-5984 নম্বরে ব্যবহার করবেন। আপনি যদি একজন শ্রবণক্ষম কলার হিসাবে পরিবেষাটির ব্যবহার করেন, তাহলে আপনি অবশ্যই 1-800-654-5988 নম্বরটি ব্যবহার করবেন। আপনার পরীক্ষায় সহায়তা করতে যখন কোনও দোভাষীকে নিয়োগ করা হবে, তখন আপনার পরীক্ষার তারিখ নিশ্চিত করার জন্য আপনাকে কল করা হবে।

2. অ্যাপয়েন্টমেন্ট করার সময় আপনি জানাবেন যে আপনার পছন্দের কোনও সাইন ল্যাঙ্গুয়েজ আছে কিনা। উপলভ্য ধরণগুলি হল:

- আমেরিকান সাইন ল্যাঙ্গুয়েজ (ASL)
- পিডিন সাইন ল্যাঙ্গুয়েজ (PSE)
- সাইন্ড এক্সাক্ট ইংলিশ (SEE)
- ওরাল ইন্টারপ্রেটার (যিনি ঠোঁট নড়ার অর্থ বুঝতে পারেন)

বিকল্প পরীক্ষার পদ্ধতি

নলেজ টেস্ট দেওয়ার সময় কোনও কোনও ব্যক্তির পড়তে অসুবিধা হতে পারে, অথবা কোনও কোনও ক্ষেত্রে হয়তো পড়তেই পারবেন না, পরীক্ষাটি তাদের পড়ে শোনালে তারা আরও স্বাচ্ছন্দ্য বোধ করবেন। অনুরোধ করলে কমনওয়েলথ ব্যাপী সব ড্রাইভার লাইসেন্স সেন্টারগুলিতে ভয়েস টেস্টের প্রস্তাব দেওয়া হয়।

প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য পার্কিং করার স্থান

পেনসিলভানিয়ার আইন অনুসারে প্রতিবন্ধীদের জন্য নির্দিষ্ট করা স্থানে বৈধভাবে গাড়ি পার্ক করতে হ'লে যে কোনও ব্যক্তিকে দু'টি (2) শর্ত পালন করতে হবে:

1. পার্ক করা গাড়িটিতে অবশ্যই প্রতিবন্ধী ব্যক্তি অথবা প্রতিবন্ধী প্রবীণ সৈনিকের নিবন্ধন প্লেট/পার্কিং প্ল্যাকার্ড লাগানো থাকতে হবে।
2. গাড়িটি অবশ্যই প্রতিবন্ধী ব্যক্তি বা গুরুতরভাবে প্রতিবন্ধী প্রবীণের চলাচলের সুবিধার্থে চালানো বা ব্যবহার করা হতে হবে।

প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য নির্ধারিত পার্কিংয়ের স্থানে অবৈধভাবে পার্ক করা কোনও গাড়ি সেই এলাকা থেকে সরিয়ে নিয়ে যাওয়া হতে পারে এবং টেনে নিয়ে যাওয়ার ব্যয় পরিশোধ করার পরে গাড়িটি ফেরত পাওয়া যাবে। পার্কিংয়ের উল্লঙ্ঘন একটি সামগ্রিক অপরাধ হিসেবে গণ্য হবে। এই অপরাধে দোষী সাব্যস্ত হওয়া ব্যক্তিদের \$50 থেকে \$200 আর্থিক জরিমানা হবে।


আবর্জনা-বিরোধী আইন

কোনও হাইওয়ে, অন্য কোনও সরকারি বা ব্যক্তিগত সম্পত্তির উপর (মালিকদের সম্মতি ব্যতীত) অথবা এই কমনওয়েলথের জলাশয়ে, যানবাহন থেকে, কোনও বর্জ্য কাগজ, আবর্জনা, ছাই, গৃহস্থালির বর্জ্য, কাচ, ধাতু, আবর্জনা সামগ्री বা কোনও বিপজ্জনক বা ক্ষতিকারক পদার্থ ফেলে দেওয়া, নিক্ষেপ করা বা জমা করা আইনবিরোধী, অথবা এই ধরনের জিনিসপত্র অবিলম্বে না সরালে বা অপসারণ না করলে পূর্ববর্তী যেকোনো কিছুর অনুমতি দেওয়া আইনবিরোধী। এই আইন লঙ্ঘন করলে, এমনকি যদি গাড়ির মধ্যে উপস্থিত অন্য কারও কার্যকলাপের কারণে এই আইন ভঙ্গ হয় এবং আপনি সেই গাড়ির চালক হন, তাহলে আদালতে দোষী সাব্যস্ত হলে সর্বোচ্চ \$300 পর্যন্ত জরিমানা হতে পারে।

গাড়ির নিরাপত্তা ও নিগমণ পরিদর্শন

প্রতি 12 মাস অন্তর আপনার গাড়িটিকে একটি অনুমোদিত ইন্সপেকশন স্টেশনে অবশ্যই একবার সেফটি ইন্সপেকশন করাতে হবে। স্টিকারে লেখা তারিখটি থেকে আপনি জানতে পারবেন যে কবে আপনার গাড়িটির আবশ্যিক পরিদর্শন করাতে হবে। পরবর্তী মেয়াদ শেষ হওয়ার তারিখের আগে 90 দিনের মধ্যে গাড়ির আবশ্যিক পরিদর্শন হতে হবে। এছাড়াও, কোনও পুলিশ অফিসার যদি দেখেন যে আপনার গাড়ির কোনও সরঞ্জামে ত্রুটি আছে, তাহলে তলব এড়াতে পাঁচ (5) দিনের মধ্যে এটি মেরামত করতে হবে। অনেক কাউন্টিতে আপনার গাড়ির, ভ্যানের অথবা লাইট-ডিউটি ট্রাকের (1975 সালের অথবা তার পরবর্তী কোনও বছরের মডেল) সেফটি ইন্সপেকশন সম্পন্ন করানোর আগে এমিশন কন্ট্রোল সিস্টেমকে পরিদর্শন করিয়ে নিতে হবে। নিগমণের পরিদর্শন PennDOT দ্বারা অনুমোদিত ব্যক্তিমালিকানাধীন ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলিতে সম্পন্ন করা হয়। আপনার কাউন্টির নিয়মকানুন জানার জন্য এমিশনস কাস্টমার হটলাইনে 1-800-265-0921 নম্বরে কল করুন।

নিরাপদ পাসিং আইন



1. পাশ কাটানোর আগে প্রথমে আপনাকে সিদ্ধান্ত নিতে হবে যে বাইসাইকেল চালককে পাশ কাটিয়ে আপনি যেতে পারবেন কিনা। সামনের দিক থেকে কোনও যানবাহন আসছে কিনা তা নিশ্চিতভাবে দেখে নেবেন। নিরাপদে পাশ কাটানোর জন্য আপনি **অবশ্যই আপনার গাড়ি এবং বাইসাইকেলের মধ্যে অন্তত চার (4) ফিট** দূরত্ব বজায় রাখবেন। যদি প্রয়োজন হয় এবং আপনি যদি এটি নিরাপদে করতে পারেন, তাহলে আপনি রাস্তার মাঝখানের দু'টি হলুদ রেখা অতিক্রম করতে পারবেন যাতে আপনি গাড়ি এবং বাইসাইকেলের মধ্যে চার (4) ফিটের দূরত্ব বজায় রাখতে পারেন।

2. বাইসাইকেল আরোহীকে বাম দিকে বাঁক না নিতে হ'লে পাশে চলতে থাকা গাড়ির চেয়ে কম গতিতে চলা বাইসাইকেল আরোহীকে অবশ্যই রাস্তার ডান দিকে থাকতে হবে এবং অন্যান্য

যানবাহনের মতো একই দিকে যেতে হবে। তবে যে রাস্তায় প্রতি দিকে একটি করে লেন থাকে, সেখানে এর প্রয়োজন হয় না।

3. যখন রাস্তায় শুধুমাত্র একটি চলাচলের লেন থাকে, তখন সাইকেল আরোহীরা রাস্তার যেকোনো অংশ ব্যবহার করতে পারেন বিপদের এড়ানোর জন্য, এর মধ্যে রয়েছে থেমে থাকা বা পার্ক করা গাড়ি থেকে নিরাপদ দূরত্ব বজায় রাখা।
4. একজন বাইসাইকেল আরোহী যখন রাস্তায় অথবা রাস্তার পাশে সোজা সামনের দিকে যাচ্ছেন, তখন গাড়িচালকরা বাঁক নিয়ে তার পথে যেতে পারবেন না।
5. আপনি কোনও বাইসাইকেল আরোহীকে জোর করে রাস্তা থেকে নামিয়ে দিতে পারবেন না। আপনি যদি এই কাজ করেন, তাহলে আপনার বিরুদ্ধে ফৌজদারি অভিযোগ দায়ের করা হতে পারে।
6. বাইসাইকেল আরোহীদের গাড়িচালক হিসাবে বিবেচনা করা হয় এবং প্রত্যাশা করা হয় যে তারা সমস্ত ট্রাফিক আইন মেনে চলবেন; তবে তারা নির্ধারিত ন্যূনতম গতির চেয়ে কম গতিতে চলতে পারবেন এবং সেই ক্ষেত্রে ট্রাফিককে বাধা দেওয়ার জন্য

তাদের তলব করা যাবে না। বাইসাইকেল আরোহীরা রাস্তার পাশে বা বার্মে বাইসাইকেল চালাতে পারবেন, তবে তাদের তা করার প্রয়োজন নেই।


আরও তথ্যের জন্য পেনসিলভানিয়া বাইসাইকেল ড্রাইভার'স ম্যানুয়াল (PUB 380) এখানে পাওয়া যেতে পারে:
<http://www.dot.state.pa.us/public/pubsforms/Publications/Pub%20380.pdf>

খোলা দরজা বাইসাইকেল আরোহীদের জন্য বিপজ্জনক

গাড়ির খোলা দরজা বাইসাইকেল আরোহীদের জন্য মারাত্মক বিপদের কারণ হবে। গাড়ির দরজা খোলার সময় গাড়িচালক এবং যাত্রীদের এইগুলি করার জন্য পরামর্শ দেওয়া হচ্ছে:

1. আপনার রিয়ার-ভিউ মিরার দেখুন।
2. আপনার সাইড-ভিউ মিরার দেখুন।
3. আপনার যে হাতটি দূরে আছে (দরজা থেকে দূরে থাকা হাতটি) সেটি দিয়ে দরজা খুলুন

একে "ডাচ রিচ" পদ্ধতি বলা হয়, কারণ এটি প্রথম চালু হয়েছিল নেদারল্যান্ডসে। এর ফলে আপনি আপনার দেহকে ঘোরাতে বাধ্য হন, ফলে আপনি অগ্রসর হওয়া বাইসাইকেল আরোহীদের আরও ভালভাবে দেখতে পাবেন। গাড়ির দরজা খুব দ্রুত খুলতেও এটি বাধা দেয়। এটি শুধু সাইকেল আরোহীদের সুরক্ষাই নিশ্চিত করে না, বরং আপনার গাড়ির দরজাকে আসন্ন মোটরযানের ধাক্কায় ক্ষতিগ্রস্ত বা খুলে পড়া থেকেও রক্ষা করতে পারে।



সাইকেল চালকদের উচিত পার্ক করা গাড়ি থেকে অন্তত তিন ফুট দূরে চলা, যাতে হঠাৎ দরজা খুলে গেলে বিপদ এড়ানো যায়—সেটা বাইক লেন থাকুক বা না থাকুক। এর ফলে বাইসাইকেল আরোহীরা "দরজার এলাকা" থেকে দূরে থাকবেন এবং খুলতে থাকা গাড়ির দরজার আঘাত থেকে বাঁচবেন।

টেক্সট-বিরোধী আইন

2012 সালের 8ই মার্চ তারিখে এই আইনটি কার্যকর হয় এবং এই আইনটির উল্লঙ্ঘন একটি প্রাথমিক ও সংক্ষিপ্ত অপরাধ হিসেবে বিবেচিত হবে এবং দোষী সাব্যস্ত হলে 50 ডলার জরিমানা হতে পারে।

আইনটি কী করে

- ওয়্যারলেস ফোন, পার্সোনাল ডিজিটাল অ্যাসিস্ট্যান্ট, স্মার্ট ফোন, পোর্টেবল অথবা মোবাইল কম্পিউটার অথবা অনুরূপ ডিভাইসগুলিকে, যেগুলি টেক্সটিং, ইনস্ট্যান্ট মেসেজ, ইমেইল অথবা ইন্টারনেট ব্রাউজিংয়ের জন্য ব্যবহার করা যেতে পারে সেগুলিকে ইন্টারঅ্যাক্টিভ ওয়্যারলেস কমিউনিকেশন ডিভাইস (IWCD) হিসাবে বর্ণনা করে।
- একটি টেক্সট-ভিত্তিক যোগাযোগকে একটি টেক্সট মেসেজ, ইনস্ট্যান্ট মেসেজ, ইমেইল অথবা অন্যান্য লিখিত যোগাযোগ হিসাবে বর্ণনা করে, যেগুলি একটি IWCD-এ তৈরি বা গ্রহণ করা হয়।
- এই আইন স্পষ্ট করে যে এটি চালকদের ইন্টারঅ্যাক্টিভ ওয়্যারলেস ডিভাইস ব্যবহারের ওপর স্থানীয় বিধিনিষেধের চেয়ে প্রাধান্য পাবে এবং সেগুলো অকার্যকর করবে।

এই আইনটি কোনও IWCD-কে বাজেয়াপ্ত করার অনুমতি দেয় না। টেক্সটিং নিষেধাজ্ঞার মধ্যে GPS ডিভাইস, গাড়ির সাথে শারীরিক বা ইলেকট্রনিকভাবে সংযুক্ত কোনো সিস্টেম বা ডিভাইস, কিংবা গণপরিবহন, বাস বা স্কুল বাসে সংযুক্ত যোগাযোগ ডিভাইসের ব্যবহার অন্তর্ভুক্ত নয়।

ট্রাফিক নিয়ন্ত্রণের সংকেত ও বিপজ্জনক পরিস্থিতি সম্পর্কে সতর্কবার্তা মেনে চলার আইন

2012 সালের 6ই সেপ্টেম্বর তারিখে কার্যকর হওয়া এই আইনটির ফলে জলমগ্ন বিপজ্জনক সড়ক অথবা হাইওয়ে বন্ধ করে দেওয়ার সাইন অথবা ট্রাফিক নিয়ন্ত্রণকারী ডিভাইস উপেক্ষা করে গাড়ি চালানোকে আইন-বিরোধী করে। এই আইনটির উল্লঙ্ঘনে দোষী সাব্যস্ত হ'লে আপনার ড্রাইভিং রেকর্ডে 2 পয়েন্ট যোগ হবে এবং \$250 পর্যন্ত আর্থিক জরিমানা করা হবে। এছাড়াও, আপনার কাজের ফলে যদি এমার্জেন্সি রেসপন্ডারদের ডাকা হয়, তাহলে আপনার আর্থিক জরিমানা বৃদ্ধি করে \$500 পর্যন্ত করা হবে এবং জরুরি প্রতিক্রিয়ার জন্য হওয়া ব্যয় আপনাকে বহন করতে হবে।

অধ্যায় 6: তথ্যসূত্র

এই অধ্যায়টি সহায়ক তথ্য, ফর্ম, প্রকাশনা এবং প্রাসঙ্গিক সাহিত্য সম্পর্কে দ্রুত রেফারেন্স প্রদান করবে।

কাস্টমার কল সেন্টার

যদি টাচ টোন টেলিফোন ব্যবহার করা হয়, তাহলে দিনের 24 ঘণ্টা গাড়িচালক এবং যানবাহন পরিষেবা সংক্রান্ত তথ্য পাওয়া যাবে।

8 a.m. থেকে 5 p.m কাস্টমার সার্ভিস রিপ্রেজেন্টেটিভদের পাওয়া যাবে। - সোমবার থেকে শুক্রবার

প্রধান ছুটির দিনগুলি ছাড়া সরাসরি সহায়তা পাওয়ার জন্য: 717-412-5300 TDD: 711

রোড টেস্ট এবং বিশেষ পয়েন্ট পরীক্ষার অ্যাপয়েন্টমেন্ট

বিশেষ পয়েন্ট পরীক্ষা এবং নন-কমার্শিয়াল রোড টেস্ট দেওয়ার জন্য আগে থেকেই অ্যাপয়েন্টমেন্ট নিতে হবে। আপনি যখন রোড টেস্ট অথবা স্পেশাল পয়েন্ট পরীক্ষা দেওয়ার জন্য প্রস্তুত হবেন, তখন আপনি ড্রাইভার অ্যান্ড ভেহিকেল সার্ভিসেসের ওয়েবসাইট এ www.dmv.pa.gov-এ গিয়ে আপনার পরীক্ষার সময়সূচী নির্ধারণ করতে পারবেন। আপনার যদি ইন্টারনেট ব্যবহারের সুবিধা না থাকে, তাহলে আপনি ছুটির দিনগুলি ছাড়া সোমবার থেকে শুক্রবার 8 a.m. থেকে 5 p.m.-এর মধ্যে 1-800-423-5542 নম্বরে কল করে আপনার পরীক্ষার সময়সূচী নির্ধারণ করতে পারেন।

মনে রাখবেন: আপনার বয়স যদি 18 বছরের কম হয়, তাহলে আপনার লার্নারস পারমিট পাওয়ার পরবর্তী ছয় (6) মাস পর্যন্ত এবং 65 ঘণ্টার গাড়ি চালানোর দক্ষতা তৈরি না করে আপনি রোড টেস্ট দিতে পারবেন না।

নন-CDL তৃতীয় পক্ষের পরীক্ষার কর্মসূচি

PennDot তৃতীয় পক্ষের ব্যবসায়গুলিকে একটি বাজার-চালিত ফিয়ার বিনিময়ে রোড টেস্ট করার অনুমোদন দিয়েছে। সব তৃতীয় পক্ষের পরীক্ষক PennDOT-এর অনুমোদিত এবং পরীক্ষা ঠিক সেই রকম হবে, যেমনটি আপনি PennDOT ড্রাইভার লাইসেন্স সেন্টারে দিয়ে থাকেন। আপনার এলাকার অংশগ্রহণকারী এমন ব্যবসায়িক সংস্থার তালিকা পেতে, www.dmv.pa.gov দেখুন।

ইন্টারনেটে বিভাগীয় ফর্ম এবং প্রকাশনা

গাহকদের সুবিধার্থে গাড়িচালকের লাইসেন্স এবং মোটরযান সম্পর্কিত তথ্য, ফর্ম, প্রকাশনা এবং ফ্যাক্ট শিটগুলি PennDOT-এর ড্রাইভার অ্যান্ড ভেহিকেল সার্ভিসেসের ওয়েবসাইট www.dmv.pa.gov-এ পাওয়া যাবে।

রাজ্য এবং কাউন্টির মানচিত্র

রাজ্য এবং কাউন্টির মানচিত্রের বিষয়ে তথ্যের জন্য ছুটির দিনগুলি ছাড়া সোমবার থেকে শুক্রবার 8 a.m. থেকে 4 p.m. 1-717-787-6746 নম্বরে কল করুন।

অন্যান্য তথ্য

দ্য ইউনাইটেড স্টেটস ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন-এর একটি অটো সেফটি হটলাইন নম্বর 1-800-424-9393 আছে, অথবা ইন্টারনেটে www.nhtsa.dot.gov-এ প্রয়োজনীয় তথ্য পেতে পারেন।

511PA

511PA বিনামূল্যে 24 ঘণ্টা তথ্য পরিষেবা দেয়, যার মধ্যে থাকে ট্রাফিক দেরির সতর্কতা, আবহাওয়ার পূর্বাভাস, আঞ্চলিক পর্যটন তথ্য এবং ট্রানজিট এজেন্সিগুলি এবং প্রধান বিমানবন্দরগুলির লিঙ্ক। সেলুলার ফোন এবং ল্যান্ড লাইন থেকে 511 নম্বরে কল করে অথবা ইন্টারনেটে www.511PA.com-এ গিয়ে এই পরিষেবাটি পাওয়া যায়। 511PA রোডওয়ে নেটওয়ার্কে পেনসিলভানিয়া টার্নপাইক সহ 1,759 মাইল আন্তঃরাজ্য সমস্ত রাস্তা এবং হ্যারিসবার্গ, ফিলাডেলফিয়া ও পিটসবার্গের অন্যান্য প্রধান সড়কপথ অন্তর্ভুক্ত রয়েছে। এই নেটওয়ার্কের অধিকাংশ ট্রাফিক তথ্যের মধ্যে দুর্ঘটনা, নির্মাণ কার্যক্রম এবং শীতকালে রাস্তার অবস্থার মতো ঘটনার রিপোর্ট থাকে। এছাড়াও শহরগুলোর বেশ কয়েকটি আন্তঃরাজ্য এবং অন্যান্য প্রধান সড়কে ট্রাফিকের গড় গতি পাওয়া যায়। ব্যবহারকারীরা ওয়েবসাইটের মাধ্যমে নিবন্ধন করে ই-মেইল এবং টেক্সট মেসেজিংয়ের মাধ্যমে ব্যক্তিগতকৃত ভ্রমণ সংক্রান্ত সতর্কতাও পেতে পারেন। গাড়ি চালানোর সময় 511PA নম্বরে কল না করার জন্য PennDOT গাড়িচালকদের উৎসাহিত করে। সিস্টেমে কল করার জন্য কলাররা অবশ্যই রাস্তা থেকে নিরাপদে সরে গিয়ে কল করবেন, অথবা অগ্রসর হওয়ার আগে ভ্রমণে বিলম্ব হচ্ছে কি না তা জেনে নেবেন।

কার্বন মনোক্সাইড-জনিত বিষক্রিয়া

সকল গ্যাস-চালিত যানবাহন কার্বন মনোক্সাইড উৎপন্ন করে, যেটি গাড়ির এক্সজস্ট পাইপ থেকে নির্গত হওয়া গন্ধহীন মারাত্মক একটি গ্যাস। কার্বন মনোক্সাইড গ্যাসের কোনো গন্ধ নেই। যদি আপনার তন্দ্রাভাব অথবা বমির ভাব হয়, তাহলে এটি কার্বন মনোক্সাইড-জনিত বিষক্রিয়ার ইঙ্গিত দিতে পারে।

কার্বন মনোক্সাইডের সংস্পর্শে আসার লক্ষণ

- ক্লান্তি অথবা দুর্বলতা
- মাথা ঘোরা
- মাথাব্যথা
- বমির ভাব এবং/অথবা বমি হওয়া
- দ্রুত হৃদস্পন্দন হওয়া
- শ্বাস-প্রশ্বাস অনিয়মিত হওয়া
- বিভ্রান্তি বা দিশাহীন অনুভূতি
- কাশি হওয়া
- বুকে ব্যথা হওয়া

গাড়িতে কার্বন মনোক্সাইড-জনিত বিষক্রিয়া রোধ করা বিষয়ক পরামর্শ

- আপনার গাড়িতে কার্বন মনোক্সাইড-জনিত বিষক্রিয়া রোধ করার জন্য আপনার গাড়ির এক্সজস্ট সিস্টেম এবং মাফলারগুলির নিয়মিত পরিদর্শন এবং রক্ষণাবেক্ষণ করা অপরিহার্য। যদি জানতে পারেন যে আপনার গাড়ির এক্সজস্ট সিস্টেমে ছিদ্র আছে অথবা অন্য কোনও ত্রুটি আছে, তাহলে অবিলম্বে একজন অটোমোটিভ পেশাজীবী ব্যক্তিকে দিয়ে এটি পরীক্ষা করান।
- গ্যারাজের দরজা নামিয়ে অথবা আংশিক নামিয়ে রেখে আপনার গাড়িকে গরম করবেন না। আপনার গাড়িটি যদি গ্যারাজের মধ্যে চালু করেন, তাহলে গ্যারাজের দরজা সম্পূর্ণ খুলে দেবেন।
- আপনার গাড়ি যদি চাবিছাড়া হয় এবং সংযুক্ত গ্যারাজে পার্ক করেন, তাহলে গাড়ি বন্ধ করতে ভুলবেন না।
- তুষারপাতের দিনে সর্বদা আপনার গাড়ির টেইল পাইপটি পরীক্ষা করবেন এবং সেটিতে বাধা সৃষ্টি করতে পারে এমন যেকোনো তুষার অথবা বরফ পরিষ্কার করে ফেলবেন।
- যদি আপনি যানজটে আটকে পড়েন অথবা ইঞ্জিন চালু থাকা অবস্থায় দাঁড়িয়ে থাকা গাড়িতে বসে থাকেন, তাহলে জানালা আংশিকভাবে খুলে রাখবেন।
- আপনার গাড়িতে ব্যাটারি-চালিত একটি কার্বন মনোক্সাইড ডিটেক্টর লাগানোর বিষয়টি বিবেচনা করবেন এবং প্রতি বছর বসন্ত এবং শরৎকালে ঘড়ির সময় পরিবর্তন করার সময় ব্যাটারি পরীক্ষা করবেন অথবা পরিবর্তন করবেন।
- যদি আপনি সন্দেহ করেন যে আপনার গাড়িতে কার্বন মনোক্সাইড-জনিত বিষক্রিয়া হচ্ছে, তাহলে অবিলম্বে গাড়ি থেকে বেরিয়ে যান, তাজা বাতাসে নিঃশ্বাস নিন এবং অবিলম্বে জরুরি চিকিৎসার সহায়তা নিন।

বিষয়	পৃষ্ঠা	বিষয়	পৃষ্ঠা
অ্যাক্সিলারেটর স্টিকস	62	ড্রাইভার'স লাইসেন্স/লার্নার পারমিট:	
দুর্ঘটনা (ক্র্যাশ দেখুন)		কার প্রয়োজন	3
ঠিকানা, পরিবর্তন	89	রাতে গাড়ি চালানো	39
এয়ারব্যাগ নিরাপত্তা সংক্রান্ত তথ্য	91	জরুরি পরিস্থিতিতে গাড়ি চালানো, এর মোকাবিলা:	
মদ্যপান ও গাড়ি চালানো	33	অ্যাক্সিলারেটর স্টিকস	62
বিকল্প পরীক্ষার পদ্ধতি	92	ব্রেক বিকল হওয়া	62
আমেরিকায় প্রতিবন্ধীদের অধিকার সংক্রান্ত আইন (ADA)	91	হঠাৎ ব্রেক কষা	61
অ্যাপয়েন্টমেন্ট:		ব্রেক কষা	58
রোড টেস্ট	5, 94	পেভমেন্ট থেকে সরে আসা	63
স্পেশাল পয়েন্টের পরীক্ষা	94	জলমগ্ন রাস্তা	61
ব্যাকিং আপ	38	হর্ন, ব্যবহার	44
সাইকেল আরোহী	55, 56, 92, 93	হাইড্রোপ্লেনিং	41
অন্ধ পথচারী	9	সিগন্যাল, ব্যবহার	44
ব্লাইন্ড স্পট	37	পিছলে যাওয়া	61
ব্রেক বিকল হওয়া	62	পিচ্ছিল পৃষ্ঠতল - রাস্তার অবস্থা	40
ব্রেকিং	58, 60	তুষার ও বরফ	41
বাস	56	স্টিয়ারিং	60
স্কুল বাস	58	টায়ার ফেটে যাওয়া	62
কার্বন মনোক্সাইড-জনিত বিষক্রিয়া	95	সামনের দিক থেকে গাড়ি আসা	64
লেন পরিবর্তন করা	38	ভেজা পেভমেন্ট	40
চাইল্ড রেস্ট্রইন্ট আইন	90	ড্রাইভিং রেকর্ড ইনফরমেশন	79
বৃত্তাকার সংযোগস্থল	49	মাদকাসক্ত অবস্থায় গাড়ি চালানো (DUI)	33, 34, 81
ড্রাইভিং লাইসেন্সের ধরণ	4	মাদক এবং গাড়ি চালানো	34, 81
অন্যান্য গাড়িচালকদের আপনার উদ্দেশ্য জানানো	43	নির্গমন, যানবাহনের নিরাপত্তা সম্পর্কিত পরিদর্শন	92
নিয়ন্ত্রিত মাদক:		জরুরি অবস্থার যান	59
মাদকাসক্ত অবস্থায় গাড়ি চালানো (DUI)	81	পুলিশকে এড়িয়ে যাওয়া বা পালিয়ে যাওয়া	81
দুর্ঘটনা	34, 81	জলমগ্ন রাস্তা	61
গাড়ি চালানোয় গুরুতর ত্রুটি	34	কুয়াশা	42
ট্রাফিক পার হওয়া	46	বিদেশী লাইসেন্সধারীগণ	3
বাঁক নেওয়ার কৌশল	51	ফর্ম এবং প্রকাশনা, বিভাগীয়	94
কাস্টমার কল সেন্টার	94	"চার-সেকেন্ডের নিয়ম,"	35
বধির/শ্রবণ প্রতিবন্ধীদের জন্য দোভাষী	91	অন্ত্যেপ্তিক্রিয়ার যাত্রা	64
গাড়িচালক সম্পর্কিত কিছু বিষয়	32	নির্দেশিকা সম্পর্কিত চিহ্ন	19
মদ্যপান ও গাড়ি চালানো	33	হেডলাইট	39, 40
রোগ এবং চিকিৎসাগত অবস্থা	33	হেডলাইট/উইন্ডশিল্ড ওয়াইপার সম্পর্কিত আইন	42
গাড়ি চালানোর সময় মনোযোগ বিচ্যুতি	32	হেড রেস্ট্রইন্টস, সামঞ্জস্যকরণ	32
মাদকসেবন ও গাড়ি চালানো	34	স্বাস্থ্য সংক্রান্ত বিষয়	33
স্বাস্থ্য সংক্রান্ত বিষয়	33	হাইওয়ে এবং ইন্টারচেঞ্জ ব্যবস্থাপনা:	
শ্রবণ	33	হাইওয়েতে প্রবেশ করা	52
অমনোযোগী থাকা	32	হাইওয়ে থেকে বেরিয়ে যাওয়া	52
ঘুমের অভাব	32	হাইওয়েতে ভ্রমণ করা	52
দৃষ্টিশক্তি	33	হর্ন, আপনার ব্যবহার	44
ড্রাইভার'স লাইসেন্স কমপ্যাঙ্ক (DLC)	84	ঘোড়ায় টানা যান এবং ঘোড়সওয়ার	59
ড্রাইভার'স লাইসেন্স/লার্নার পারমিট:		হাইড্রোপ্লেনিং	41
ড্রাইভিং লাইসেন্সের ধরণ	4	অসাবধানতা (এটি কীভাবে আপনার গাড়ি চালানোকে প্রভাবিত করতে পারে)	32
জুনিয়র ড্রাইভিং লাইসেন্স সংক্রান্ত তথ্য	3	অন্যান্য তথ্য	94
জুনিয়র লার্নার'স পারমিট সংক্রান্ত তথ্য	3	পরিদর্শন, যানবাহনের নিরাপত্তা এবং নির্গমন	92
আপনার কোন ক্লাস প্রয়োজন?	4	বীমা, এটি ছাড়া গাড়ি চালানো	80

বিষয়	পৃষ্ঠা	বিষয়	পৃষ্ঠা
ইন্টারনেট.....	92	সামনে.....	37
বধির/শ্রবণ প্রতিবন্ধীদের জন্য দোভাষী.....	91	পিছনে.....	38
সংযোগস্থল:		পাশের দিকে।.....	38
আসন্ন সংযোগস্থল.....	48	স্পেস ম্যানেজ করা.....	35
জাগহ্যাল্ডেল.....	50	গতি নিয়ন্ত্রণে রাখা.....	38
নেগশিয়েট করা, কে রাস্তা ছাড়বে.....	48	মানচিত্র, রাজ্যব্যাপী এবং কাউন্টি.....	94
রাউন্ডঅ্যাবাউট এবং ট্রাফিক সার্কেল.....	50	ট্রাফিকের সঙ্গে মিশে যাওয়া.....	46
লেন বরাদ্দের জন্য সাইন এবং পেভমেন্টের চিহ্ন 48 ট্রাফিক সিগন্যাল এবং থামার চিহ্ন।.....	49	সামরিক কর্মী.....	3
অতিক্রম করা.....	49	আয়না.....	31
বাম দিকে টার্ন নেওয়া.....	45, 48, 49	মোটরসাইকেল/মোপেড, রাস্তা শেয়ার করে নেওয়া.....	55
ডান দিকে টার্ন নেওয়া.....	45, 46, 48	নাম, পরিবর্তন.....	89
আন্তঃরাজ্য সড়কের নম্বরিং ব্যবস্থা.....	20	সংযোগস্থলে যানবাহন সামলানো.....	48
জুনিয়র ড্রাইভিং লাইসেন্স সংক্রান্ত তথ্য.....	3	রাত, গাড়ি চালানোর সময়.....	39
জুনিয়র লার্নার'স পারমিট সংক্রান্ত তথ্য.....	3	অঙ্গদান সচেতনতা সংক্রান্ত ট্রাস্ট তহবিল.....	2
আপনার গাড়িটি এমন জায়গায় রাখা যেখানে এটি দেখা যায়.....	37	অঙ্গদানের ইচ্ছাপত্র.....	2
আইনগুলি:		পার্কিং.....	52
আমেরিকায় প্রতিবন্ধীদের অধিকার সংক্রান্ত আইন (ADA).....	91	প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য এলাকা.....	92
আবর্জনা-বিরোধী.....	92	প্যারালাল পার্কিং.....	6, 52, 53
বাইসাইকেল.....	92	ওভারটেক করা করা:	
চাইল্ড রেস্ট্রইন্ট.....	90	সাধারণত.....	46, 47
শিশু ও পোষ্যদের জন্য সুরক্ষা সংক্রান্ত পরামর্শ.....	90	নাও হতে পারে.....	47
ড্রাইভার'স লাইসেন্স কমপ্যাক্ট (DLC).....	84	একটি দুই-লেনের রাস্তায়.....	47
মদ বা নিষিদ্ধ পদার্থের প্রভাবে গাড়ি চালানো.....	81	ডানদিকে.....	47
হেডলাইট/ডাইনামিক ওয়াইপার.....	42	পেভমেন্ট:	
অন্তর্নিহিত সম্মতি (অ্যালকোহল বা মাদকের রাসায়নিক পরীক্ষা).....	82	ছিটকে যাওয়া.....	63
বীমা, এটি ছাড়া গাড়ি চালানো.....	80	মার্ক করা.....	22
নাম অথবা ঠিকানা.....	89	পথচারী.....	55
ট্রাফিক নিয়ন্ত্রণ চিহ্ন মেনে চলা ও বিপজ্জনক পরিস্থিতির সতর্কতাসংক্রান্ত আইন.....	93	অন্ধ.....	9
খোলা বেড ট্রাকে থাকা যাত্রীগণ.....	59	সিগন্যাল.....	9
নাম অথবা ঠিকানা পরিবর্তনের জন্য প্রয়োজনীয় নোটিফিকেশন.....	89	নিরাপদে গাড়ি চালানোর মাধ্যমে পয়েন্ট কমানো.....	79
প্রতিবন্ধীদের জন্য পার্কিংয়ের স্থান.....	92	পয়েন্ট সিস্টেম, পেনসিলভেনিয়ার.....	79
সিট বেল্ট.....	89	পুলিশ, যদি থামায় তাহলে কী করতে হবে.....	80
তুষার/বরফ অপসারণ.....	41	রেলপথে ক্রসবাক সাইন.....	10
সরে যাওয়া.....	59	রেলপথ ক্রসিং.....	55
টেক্সট করা.....	93	রেলপথ ক্রসিং সিগন্যাল.....	9
অল্পবয়সে মদ্যপান.....	84	তথ্যসূত্র.....	94
শূন্য সহনশীল (21 বছরের নিচে DUI).....	84	নিয়ন্ত্রক চিহ্ন.....	10
লার্নার্স পারমিট:		রাস্তা, অবস্থা:	
লার্নার্স পারমিট পাওয়ার জন্য আবেদন.....	1	জলমগ্ন রাস্তা.....	61
জুনিয়র লার্নার'স পারমিট সংক্রান্ত তথ্য.....	3	হাইড্রোপ্লেনিং.....	41
জুনিয়র ড্রাইভিং লাইসেন্স সংক্রান্ত তথ্য.....	3	পিচ্ছিল রাস্তা/পৃষ্ঠতল.....	40, 41
গাড়ি চালানো শেখা.....	31	তুষার ও বরফ.....	41
খোঁজা:		ভেজা পেভমেন্ট.....	40
		রাস্তায় উত্তেজনা, পরিস্থিতি সামলানো.....	60
		রাউন্ডঅ্যাবাউট.....	50
		স্কুল বাস.....	58
		আসন, ড্রাইভারের সঙ্গে সামঞ্জস্য.....	31
		সিট বেল্ট, নিজেরটি বাঁধুন.....	31

বিষয়	পৃষ্ঠা	বিষয়	পৃষ্ঠা
সিগন্যাল প্রদান:		পরীক্ষা:	
জরুরি সিগন্যালের ব্যবহার.....	44	বিকল্প পরীক্ষার পদ্ধতি.....	92
দিক পরিবর্তন করার সময়.....	44	আপনি যদি পরীক্ষায় ব্যর্থ হন.....	6
গতি কমানো অথবা থামানোর সময়.....	43	আপনি যদি পরীক্ষায় উত্তীর্ণ হন.....	6
সিগন্যাল (ট্রাফিক):		জ্ঞান.....	5
ফ্ল্যাশিং.....	8	রাস্তা.....	5
লেন ব্যবহারের ব্যবস্থাপনা.....	8	টায়ার:	
আলো ও তীর.....	7	ফেটে যাওয়া.....	62, 63
অকার্যকরী ট্রাফিক লাইট.....	8	ট্রাফিক:	
পথচারী.....	9	বৃত্ত, রাউন্ডঅ্যাভাউট.....	50
রেলপথ ক্রসিং.....	9	পর্যায়ক্রমে একটির পরে আরেকটি ট্রাফিক পরিস্থিতির	
রাস্প মিটারিং.....	8	মোকাবিলা করা.....	40, 41, 42
স্কুল জোন.....	9	ধীর গতির ট্রাফিক.....	43
চিহ্ন:		ট্রাফিকের প্রবাহ.....	43
নির্দেশিকা সম্পর্কিত চিহ্ন.....	19	ট্রাফিক লাইট (সিগন্যাল দেখুন)	
প্রস্থান নম্বর.....	19	ট্রাক:	
হাইওয়ে/এক্সপ্রেসওয়ে.....	19	ব্যাকিং ক্র্যাশ.....	58
আন্তঃরাজ্য সড়কের নম্বরিং ব্যবস্থা.....	20	ব্রেক কষা.....	58
মাইল মার্কার.....	20	এক্সেপ রাস্প.....	58
ফুট মার্কার.....	21	ট্রাকে অনুসরণ করা.....	57
পরিষেবা.....	21	বড় মালবাহী.....	58
পর্যটক-ভিত্তিক দিকনির্দেশনা.....	21	একটি ট্রাকে অতিক্রম করা.....	56
নিয়ন্ত্রক চিহ্ন.....	10	ট্রাক অতিক্রম করা.....	57
সতর্কতার চিহ্ন.....	13	টার্ন.....	57
চ্যানেলিং ডিভাইস.....	19	টার্নিং, মিশে যাওয়া এবং অতিক্রম করা.....	45
ইলেকট্রনিক অ্যারো প্যানেল.....	19	ট্রাফিক পার হওয়া.....	46
ট্রাফিক নিয়ন্ত্রণ চিহ্ন মেনে চলা ও বিপজ্জনক পরিস্থিতির		বাম এবং ডানে টার্ন.....	45
সতর্কতাসংক্রান্ত আইন.....	93	ট্রাফিকের সঙ্গে মিশে যাওয়া.....	46
রাস্তার ধারের বস্তুসমূহ.....	17	পাসিং.....	46
ওয়ার্ক জোন.....	18	মার্বাখানের টার্ন লেন থেকে বাঁক নেওয়া অথবা সেটিতে	
পিছলে যাওয়া.....	61	প্রবেশ করা.....	45
পিচ্ছিল রাস্তা.....	40, 41	লাল আলোতে ডানদিকে টার্ন নেওয়া.....	46
ধীরগতিতে চলা যানবাহন, এর প্রতি প্রতিক্রিয়া.....	43	U-টার্ন.....	46
তুষার-বরফ সরানো.....	41	অল্পবয়সে মদ্যপান.....	84
স্নো প্লাউ.....	60	গাড়ি পরীক্ষা, গাড়ি চালানোর প্রস্তুতি।.....	31
হঠাৎ তুষার ঝড়.....	42	প্রবীণ সৈনিকের স্বীকৃতি.....	2
সোশ্যাল সিকিউরিটি নম্বর সংক্রান্ত তথ্য.....	3	দৃশ্যমানতার পরিস্থিতি:	
নিরাপদ দূরত্ব বজায় রাখা:		কুয়াশা.....	42
সামনে.....	35	তুষার.....	42
পিছনে.....	37	দৃষ্টি.....	3, 33
"চার-সেকেন্ডের নিয়ম,".....	35	সতর্কতার চিহ্ন.....	13
পাশের দিকে.....	36	ভেজা পেভমেন্ট.....	40, 41
গতি:		শীতকালীন রাস্তা, পিচ্ছিল.....	41
ব্যবস্থাপনা.....	38	ওয়ার্ক জোন.....	18, 54
নির্ধারিত গতিসীমা.....	38	চ্যানেলিং ডিভাইস.....	19
মুভ ওভার আইন.....	59	ওয়ার্ক জোনের চিহ্ন.....	18
স্টিয়ারিং.....	60	শূন্য সহনশীল আইন (21 বছরের কম বয়সী DUI).....	84
গাড়ি চালানোর অধিকার স্থগিত বা বাতিল.....	79		

তারা থম্পসনস পার্টি কখনও ভুলবেন না।




থম্পসনরাও ভুলতে পারবেন না।

কারণ, আইনে বলা হয়েছে কোনও প্রাপ্তবয়স্ক ব্যক্তি যদি 21 বছরের কম বয়সী কাউকে বিয়ার, ওয়াইন, ওয়াইন কুলার অথবা মদ দেন অথবা বিক্রি করেন, তাহলে তার এক বছরের জন্য কারাবাস হতে পারে, প্রথম অপ্রাপ্তবয়স্ককে দেওয়ার জন্য সর্বনিম্ন \$1,000 আর্থিক জরিমানা এবং অতিরিক্ত প্রতিটি অপ্রাপ্তবয়স্ককে দেওয়ার জন্য \$2,500 আর্থিক জরিমানা হতে পারে।

নিজের পুত্র অথবা কন্যাকে মদ্যপান করানোও বেআইনি। ভুল করার আগে, আমাদের বিনামূল্যের ব্রোশিওর, "দায়িত্বশীল পিতা-মাতা" পাওয়ার জন্য ফোন করুন অথবা লিখুন এবং সেটি পড়ুন।

একটি ডাউনলোডযোগ্য PDF অনলাইনে পাওয়া যাবে: http://www.lcb.state.pa.us/webapp/Education/Materials/Materials_Order_form.asp

আমরা নিশ্চয়তা দিচ্ছি যে এটি এমন কিছু যা আপনি দীর্ঘকাল মনে রাখবেন।




Pennsylvania Liquor Control Board
Northwest Office Building
Harrisburg, PA 17124

Pennsylvania Chapter
American Academy of Pediatrics

Commonwealth of Pennsylvania
Department of Transportation

গুরুত্বপূর্ণ শব্দগুলি মনে রাখার জন্য

অঙ্গ দাতা



যখন আপনি আপনার লাইসেন্স পাবেন, তখন এই গুরুত্বপূর্ণ কথাগুলো মনে রাখবেন

জীবন রক্ষাকারী অঙ্গ এবং টিস্যু প্রতিস্থাপনের অপেক্ষায় থাকা হাজার হাজার মানুষের কাছে এই কথাগুলি গুরুত্বপূর্ণ। এইগুলি এমন কিছু শব্দ যা কনিয়া প্রতিস্থাপনের মাধ্যমে দৃষ্টিশক্তি ফিরে পেতে সাহায্য করতে পারে, দান করা ত্বক দিয়ে পোড়া ক্ষত দ্রুত সারিয়ে তুলতে পারে, কিংবা প্রতিস্থাপিত হাড়ের সাহায্যে ব্যথামুক্তভাবে হাঁটার সুযোগ দিতে পারে।

যারা অঙ্গ ও টিস্যু দানের জন্য "হ্যাঁ" বলে অন্যদের জীবন বাঁচাতে আগ্রহী, তারা লাইসেন্সে দাতার নাম উল্লেখ করবেন এবং একটি দাতা কার্ডে স্বাক্ষর করবেন। দান করার ইচ্ছা পরিবার এবং বন্ধুদেরও জানিয়ে রাখা উচিত যাতে তারা অন্যদের সাহায্য করার গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত সম্পর্কে সচেতন থাকেন।

অঙ্গ এবং টিস্যু দান সম্পর্কে দ্রুত কয়েকটি গুরুত্বপূর্ণ তথ্য

- একজন অঙ্গ এবং টিস্যু দাতা ৪ জন পর্যন্ত মানুষের জীবন বাঁচাতে পারেন এবং 75 জনেরও বেশি মানুষকে সাহায্য করতে পারেন।
- বয়স অথবা চিকিৎসার ইতিহাস নির্বিশেষে, যে কোনো ব্যক্তি দাতা হওয়ার জন্য সাইন আপ করতে পারেন।
- মার্কিন যুক্তরাষ্ট্রের সমস্ত প্রধান ধর্মগুলি অঙ্গ ও টিস্যু দানকে সমর্থন করে এবং এই দানকে অন্যদের প্রতি ভালোবাসা ও উদারতার চূড়ান্ত উদাহরণ হিসেবে বিবেচনা করে।
- অঙ্গ অথবা টিস্যু দানের জন্য দাতা অথবা তার পরিবারের কোনও ব্যয় করতে হবে না।
- আরও তথ্যের জন্য donatelife.org দেখুন

একটি অঙ্গ এবং টিস্যু দাতা কার্ড পাওয়ার জন্য কল করুন:

পূর্ব পেনসিলভানিয়ায়:

গিফট অফ লাইফ ডোনার প্রোগ্রাম . . 1-888-DONORS-1

পশ্চিম পেনসিলভানিয়ায়:

সেন্টার ফর অর্গান রিকভারি

অ্যান্ড এডুকেশন (CORE) | 1-800-DONORS-7

অতিরিক্ত অঙ্গ এবং টিস্যু সংস্থান তথ্যের জন্য, কল করুন:

PA ডিপার্টমেন্ট অফ হেলথ | 1-877-PAHEALTH